# গার্ল গাইডস্ বার্তা

৩০ বর্ষ, ১ম ও ২য় সংখ্যা-২০২২




বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

গার্ল গাইডস্ বার্তা
৩০ বর্ষ, ১ম ও ২য় সংখ্যা-২০২২

## প্রচ্ছদ পরিচিতি



চট্টগ্রামে অনুষ্ঠিত ২৮-৩১ মার্চ ২০২২ পর্যন্ত বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের ৪৩ তম জাতীয় পরিষদ অধিবেশনের আলোক চিত্র

## সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| সম্পাদকীয় | ২ |
| চিন্তা দিবস বাণী | ৩ |
| গাইডিং কার্যক্রম সংবাদ | ৪-১৪ |
| বিশ্ব চিন্তা দিবস পালন | ৪ |
| সনদ বিতরণ ও কমিশনার্স কক্ষ উদ্বোধন | ৫ |
| ৪৩ তম জাতীয় পরিষধ অধিবেশন | ৬ |
| আন্তর্জাতিক নারী দিবস পালন | ৭ |
| জাতির পিতার জন্মদিবস পালন | ৮ |
| ওয়ারেন্ট গাইডার ওরিয়েন্টেশন কোর্স | ৯ |
| প্রকিউরমেন্ট বিষয়ক প্রশিক্ষণ | ১০ |
| গাইড কার্যক্রম বাস্তবায়নে সেমিনার | ১০ |
| বরিশাল অঞ্চল | ১১ |
| রাজধানী অঞ্চল | ১২ |
| চট্টগ্রাম অঞ্চল | ২৩ |
| কুমিল্লা অঞ্চল | ২৬ |
| ঢাকা অঞ্চল | ২৯ |
| খুলনা অঞ্চল | ৩৬ |
| ময়মনসিংহ অঞ্চল | ৩৯ |
| রাজশাহী অঞ্চল | ৪৫ |
| রংপুর অঞ্চল | ৫০ |
| সিলেট অঞ্চল | ৫৭ |
| কিশোরী গাইডের বিজয়গাঁথা | ৫৮ |
| রান্নার টিপস | ৬০ |
| চিত্রে গাইডের কার্যক্রম | ৬১-৬২ |
| হলদে পাখি, গাইড, রেঞ্জার প্রতিজ্ঞা | ৬৩ |
| ডেঙ্গু বিষয়ক বিশেষ বার্তা | ৬৪ |


## দশ অঞ্চলের ঠিকানা


**আঞ্চলিক কমিশনার**
রাজধানী অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
গাইড হাউজ, নিউ বেইলী রোড
ঢাকা - ১০০০
ফোন ঃ ৪৮৩২১১২৯
bgguides.capitalregion@gmail.com

**আঞ্চলিক কমিশনার**
ঢাকা অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
গাইড হাউজ, নিউ বেইলী রোড
ঢাকা - ১০০০
ফোন ঃ ০২২২২২২৩৮১৯
bggadhakaregion@gmail.com

**আঞ্চলিক কমিশনার**
চট্টগ্রাম অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
রেজাউল করিম চৌধুরীর বিল্ডিং (নীচতলা)
কে. বি জামান আলী রোড
পশ্চিম বাকলিয়, চকবাজার, চট্টগ্রাম।
ফোন ঃ ০২-৩৩৩৩৫৪২৩
bggactg@gmail.com

**আঞ্চলিক কমিশনার**
সিলেট অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
বিহঙ্গ, ২৫/এ, কাজীটুলা, সিলেট
(কর অফিস সংলগ্ন, উত্তর পাশে)
ফোন ঃ ০১৭১২২৭৫১৮১
bgga.sylhetregion@yahoo.com

**আঞ্চলিক কমিশনার**
খুলনা অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
৫৮, স্যার ইকবাল রোড, বাইতি পাড়া,
খুলনা।
মোবাইল ঃ ০২৪৪/১১০৭৫৪
bggakhulnaregion@gmail.com

**আঞ্চলিক কমিশনার**
রাজশাহী অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
বিলসিমলা, রাজপাড়া
(শহীদ কামরুজ্জামান স্টেডিয়ামের সামনে)
পোস্ট অফিস সেনানিবাস, রাজশাহী।
ফোন ঃ ০৭২১/৭৬১২৬৬
bggaraj@gmail.com

**আঞ্চলিক কমিশনার**
বরিশাল অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
অধ্যাপক রফিকুল ইসলাম সড়ক
বরিশাল-৮২০০
ফোন ঃ ০৪৩১/২১৭৪৭৬৯
bgga.barisal@gmail.com

**আঞ্চলিক কমিশনার**
কুমিল্লা অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
ফয়জুন নেসা সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়
মোবাইল ঃ ০১৮১৪২২৩৬০৫
girlguidescomilla@yahoo.com

**আঞ্চলিক কমিশনার**
রংপুর অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়
মোবাইল ঃ ০১৫৫৬৩০৭৭২৯
bggarangpur16@gmail.com

**আঞ্চলিক কমিশনার**
ময়মনসিংহ অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
গ্রীনল্যান্ড সিরাজ টাওয়ার
১৫ নং-অমৃতবাবু রোড, গোল পুকুর পাড়
মোবাইল ঃ ০১৭৩১০২৫২৭৬
bggamonch25@gmail.com

**উপদেষ্টা : কাজী জেবুন্নেছা বেগম**
জাতীয় কমিশনার ও প্রশিক্ষণ কমিশনার
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
ও
গ্রেড ওয়ান কর্মকর্তা (অব.) জন প্রশাসন মন্ত্রণালয়

সম্পাদনা পর্ষদ
প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ
শাহনাজ মালিক আহমেদ
নূরজাহান আরা বেগম
রিফাত আরা শাহানা
মাহমুদা আপন

### সম্পাদকীয় নীতি

‘গার্ল গাইডস্ বার্তা’ মূলত বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন-এর মুখপত্র। এর মূল উদ্দেশ্য হচ্ছে বিভিন্ন কর্মসূচির ধ্যানধারণার পারস্পরিক মতামত ও ভাবের আদান-প্রদানের মাধ্যমে গাইডিং-কে প্রত্যেকের দ্বারে পৌঁছে দেওয়া। দেশে এবং বিদেশে অনুষ্ঠিত বিভিন্ন গাইড সংক্রান্ত অনুষ্ঠানাদির সচিত্র প্রতিবেদন গইড বার্তা নিয়মিত প্রকাশ করে। গাইড বার্তা বিভিন্ন শ্রেণির মানুষের ভিন্ন ভিন্ন মতামত ও সহযোগিতাকে স্বাগত জানায়। লেখা ও ছবি ই-মেইলে পাঠাতে হবে। পরিষ্কার রঙিন ছবি গ্রহণীয়। গাইড বার্তা সম্পাদনা পরিষদ বাছাই ও পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। মতামতের জন্য সম্পাদক দায়ী নন।

### যোগাযোগের ঠিকানা

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
ফোন: ০২-৪১০৩১৪৩৫, ০২-৪১০৩১৪৩১
ই-মেইল: bgguidesho@gmail.com
ওয়েবসাইট: girlguides.org.bd
ফেসবুক: facebook.com/bggaHQ

### বিজ্ঞাপন

বিজ্ঞাপন সংক্রান্ত বিষয়ে যেকোন অনুসন্ধান প্রতিটি আঞ্চলিক কার্যালয় এবং ঢাকাস্থ জাতীয় কার্যালয় থেকে আনা সম্ভব। এ গাইড বার্তায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তুর ব্যাপারে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন কোন প্রকার দায়ী থাকবে না।

### প্রতি কপির মূল্য ৪০ টাকা মাত্র

বাৎসরিক চাঁদার হার : ডাক ১৫০.০০ টাকা মাত্র (বাংলাদেশ)
বাৎসরিক চাঁদার হার : ডাক ১৭০.০০ টাকা মাত্র (ভারত)

মুদ্রণে :
মদিনা প্রিন্টার্স এন্ড পাবলিশার্স
২৭৮/৩, এলিফ্যান্ট রোড, কাঁটাবন, ঢাকা-১২০৫

## সম্পাদকীয়



বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের কার্যক্রমকে দৃঢ়তার সাথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য দেশের সকল জেলা ও অঞ্চলে গাইড সদস্যরা যথেষ্ট গুরুত্বের সাথে দায়িত্ব পালন করছেন। সবাইকে আমি স্বাগত জানাই। জেলা বা অঞ্চলে গাইডের কার্যক্রমকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য এর সহযোগিতার ক্ষেত্রে ট্রেইনারদের যেমন কোন বিকল্প নেই তেমনি গাইড সদস্যরাও যে কোন কার্যক্রমকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য যথেষ্ট সচেতনতা নিয়েই দায়িত্ব পালন করেন।

জানুয়ারি হতে জুন-২০২২ পর্যন্ত জাতীয় কার্যালয়সহ অঞ্চলের যে সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে তা গাইড বার্তায় প্রতিফলিত হয়েছে। আমাদের চেষ্টা থাকবে অঞ্চলের কার্যক্রমের প্রতিবেদনসমূহ আরো বিস্তারিতভাবে পরিবেশন করা। এই লক্ষ্যে আঞ্চলিক কমিশনারদের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

জাতীয় কার্যালয়সহ সকল অঞ্চলেই বিশ্ব চিন্তা দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ৪৩তম জাতীয় পরিষদ অধিবেশন, আন্তর্জাতিক নারী দিবস, ওয়ারেন্ট গাইডার ওরিয়েন্টেশন কোর্স, গাইডিং সম্প্রসারণ বিষয়ক সেমিনার, বৃক্ষরোপণ কর্মসূচি, বিশ্ব স্বাস্থ্য দিবস উদ্‌যাপন, পদ্মা বহুমূখী সেতুর উদ্বোধন অনুষ্ঠানে অংশগ্রহণ, ইয়েস গার্লস মুভম্যান্ট কর্মসূচীসহ বিভিন্ন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

গঠনমূলক চিন্তা চেতনার মধ্য দিয়ে গার্ল গাইডের কার্যক্রমকে আমরা আরো এগিয়ে নিয়ে যাবো এই প্রত্যাশা সবার কাছে।

**শাহনাজ মালিক আহমেদ**
জনসংযোগ ও প্রচার কমিশনার

# বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

## বিশ্ব চিন্তা দিবস ২০২২-এ জাতীয় কমিশনারের বাণী



বিশ্ব চিন্তা দিবস ২০২২ উপলক্ষে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের নবীন, প্রবীণসহ সর্বস্তরের গাইড সদস্য ও শুভানুধ্যায়ীদের জানাচ্ছি আন্তরিক শুভেচ্ছা ও সাদর সম্ভাষণ। একই সাথে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সকল ভাষা শহীদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করছি।

"বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস্ সংস্থা"(ওয়াগস) এর প্রতিষ্ঠাতা লর্ড ব্যাডেন পাওয়েল ও লেডী ওলেভ ব্যাডেন পাওয়েল দুই মহান যুগলের যৌথ জন্ম দিবস ২২ ফেব্রুয়ারী। আজ থেকে শত বছর পূর্বে এই নক্ষত্রদ্বয় সুশীল সমাজ গঠন ও যুবক, যুবতীদের নেতৃত্ব বিকাশের লক্ষ্যে The World Association of Girl Guides and Girl Scouts (WAGGGS) গড়ে তোলেন; যে সংস্থায় আছে সচেতনতামূলক কর্মসূচী, মানুষের নানামুখী কল্যাণ, প্রাকৃতিক বিপর্যয়ে পাশে দাড়ানোর শক্তি। তাই The World Association of Girl Guides and Girl Scouts (WAGGGS) সংস্থা তাঁদের জন্ম দিবসকে তাৎপর্যময় করার জন্য 'World Thinking Day' বা বিশ্ব চিন্তা দিবস হিসেবে উদ্‌যাপন করে। এই বিশেষ দিনকে কেন্দ্র করে WAGGGS প্রতিবছর একটি প্রতিপাদ্য নির্ধারণ করে এবং ঐ প্রতিপাদ্যকে সাফল্যমন্ডিত করার জন্য গাইড বিশ্বের ১৫২টি দেশ মেয়েদের কল্যাণে বিভিন্ন কর্মসূচী, প্রকল্প প্রণয়ন, স্বেচ্ছা প্রণোদিত অর্থ দান এবং একই সাথে প্রতিজ্ঞা নবায়ন করে।

২০২২ এর চিন্তা দিবসের প্রতিপাদ্য হচ্ছে – 'Our World our Equal Future-The Environment and Gender Equality' 'পরিবেশ ও লিঙ্গ সমতায় প্রতিষ্ঠিত হোক আমাদের ভবিষ্যৎ পৃথিবী'। এছাড়াও WAGGGS প্রতিবছর World Thinking Day উপলক্ষে একটি Activity Pack সকল সদস্যভূক্ত দেশে প্রেরণ করে। এ বছর World Thinking Day Activity Pack তিনটি নির্দিষ্ট ভাগে ভাগ করা হয়েছে। যথা-

১. Explore Understand the Issue (সমস্যা চিহ্নিত করণ)
২. Practice Gender Equality Mindset (নারী-পুরুষের সমতার মনোভাব অনুশীলন) এবং
৩. Take Action (প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ)

১. Explore Understand the Issue (সমস্যা চিহ্নিত করণ) ঃ এ অংশের কার্যক্রমগুলো সম্পন্ন করলে অংশগ্রহণকারীরা বৈশ্বিক আবহাওয়া পরিবর্তনসহ নানাবিধ সমস্যা ও এর কারণগুলো জানতে পারবে। পৃথিবী জুড়ে সংগঠিত পরিবেশজনিত বিভিন্ন সংকটগুলো চিহ্নিত করতে শিখবে এবং মানবসৃষ্ট কর্মকান্ড পরিবেশের উপর যে ক্ষতিকর প্রভাব সৃষ্টি করে তা জানবে।

২. Practice Gender Equality Mindset (নারী-পুরুষের সমতার মনোভাব অনুশীলন) ঃ নারী-পুরুষের সমতার মনোভাব অনুশীলনের মাধ্যমে গার্ল গাইড সদস্যরা আবহাওয়ার পরিবর্তনের সাথে নারীদের জীবন ব্যবস্থার পরিবর্তনগুলো জানতে পারবে। লিঙ্গ সমতা ও পরিবেশের প্রভাবের যোগসূত্র চিহ্নিত করে পরিবেশ বিপর্যয়কে মোকাবেলা করতে নিজেদের করণীয় বিষয়গুলো আয়ত্ত্ব করতে পারবে।

৩. Take Action (প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ) ঃ পরিবেশ রক্ষা ও নিজেদের সুরক্ষার জন্য যে সকল পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন সেই বিষয়গুলো সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে সংযুক্ত করে পরিবেশ রক্ষার কার্যক্রমগুলোকে এগিয়ে নেয়া সম্ভব হবে। কর্মসূচীটি সম্পন্ন করলে নারীরা নিজেদের অধিকার আদায়ের জন্য সচেতন হবে এবং পরিবেশ রক্ষায় নিজস্ব ভূমিকা পালনে সচেষ্ট হবে।

কোভিড ১৯ পৃথিবী জুড়ে মানুষের সাধারণ জীবন যাপন, কার্যক্রম, সামাজিক ও অর্থনৈতিকসহ সকল ক্ষেত্রে একটি প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে। এ প্রতিবন্ধকতার মধ্যেও পৃথিবীর সকল প্রান্তের মানুষ চেষ্ঠা করেছে সীমাবদ্ধতাকে অতিক্রম করে নিজেদের অস্তিত্ব টিকিয়ে রাখতে এবং মানুষের কল্যাণে কাজ করে যেতে। বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন কোভিড ১৯ সংক্রমণরোধে হ্যান্ড স্যাটিটাইজার, মাস্ক তৈরী, দুস্থদের মাঝে আর্থিক অনুদান প্রদানসহ বিভিন্ন সংস্থার সাথে সম্পৃক্ত থেকে একযোগে কাজ করে যাচ্ছে।

আসুন আমরা স্মরণীয় দিনটিতে সম্মলিতভাবে Activity Pack অনুসরণ পূর্বক বিভিন্ন বাস্তবমূখী পদক্ষেপ গ্রহণ করে বিশ্ব চিন্তা দিবসের প্রতিপাদ্যকে স্বার্থক করে তুলি।




৯ ফাল্গুন ১৪২৮
২২ ফেব্রুয়ারী ২০২২
জাতীয় কার্যালয়, গাইড হাউজ

কাজী জেবুন্নেছা বেগম
জাতীয় কমিশনার
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

# গাইডিং কার্যক্রম সংবাদ

## জাতীয় কার্যালয়

### জানুয়ারি হতে জুন ২০২২ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

#### বিশ্ব চিন্তা দিবস পালন

বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস সংস্থার প্রতিষ্ঠাতা লর্ড বেডেন পাওয়েল ও বিশ্ব চীফ গাইড লেডী ওলেভ বেডেন পাওয়েল-এর যুগ্ম জন্ম দিবস উপলক্ষে ২৬ ফেব্রুয়ারি, ২০২২ জাতীয় কার্যালয় ও রাজধানী অঞ্চলের যৌথ উদ্যোগে গাইড হাউজ, জাতীয় কার্যালয়, গাইড অডিটোরিয়াম বেইলী রোডে বিশ্ব চিন্তা দিবস পালিত হয়। কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।




বিশ্ব চিন্তা দিবস অনুষ্ঠানে প্রধান অতিথি, জাতীয় অধ্যাপক জনাব এ কে আজাদ খান, জাতীয় কমিশনার, গাইড সদস্য ও অন্য অতিথিবৃন্দ জাতীয় সঙ্গীত চলাকালীন সময় সম্মাননা প্রদর্শন করেন

জাতীয় অধ্যাপক জনাব এ কে আজাদ খান, সভাপতি, বাংলাদেশ ডায়াবেটিক সমিতি, অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ডাঃ মোঃ আকরামুল ইসলাম, পরিচালক, কমিউনিকেবল ডিজিজেস, ওয়াটার, স্যানিটেশন এন্ড হাইজিন (ওয়াস) ব্র্যাক।




বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনর জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম অতিথি, গাইড সদস্য, হলদে পাখি, গাইড ও রেঞ্জারদের নিয়ে কেক কেটে বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস সংস্থার প্রতিষ্ঠাতা লর্ড বেডেন পাওয়েল ও বিশ্ব চীফ গাইড লেডী ওলেভ বেডেন পাওয়েল-এর যুগ্ম জন্ম দিবস উদযাপন করেন

Our World Our Equal Future, The Environment & Gender Equality. থিমে তাঁদের জন্ম দিবসকে স্মরণীয় করে রাখার জন্য বিশ্বব্যাপী গাইড সদস্যবৃন্দ প্রতি বছর ‘বিশ্ব চিন্তা দিবস’ উদ্‌যাপন করে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), শুভেচ্ছা বক্তব্য দেন জাহান আরা বেগম, কোষাধ্যক্ষ, ধন্যবাদ জ্ঞাপন করেন রওশন ইসলাম, আঞ্চলিক কমিশনার, রাজধানী অঞ্চল। জাতীয় কমিশনারের বাণী পাঠ, প্রতিজ্ঞা নবায়ন, চিন্তা দিবসের চাঁদা প্রদান, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও ট্যাপ্‌স এর মধ্য দিয়ে অনুষ্ঠান সম্পন্ন হয়।

## সনদ বিতরণ ও কমিশনার্স কক্ষ উদ্বোধন

১৯ ফেব্রুয়ারি, ২০২২ ৩৭তম বিশ্ব সম্মেলনে অংশগ্রহণকারীদের মাঝে সনদ বিতরণ ও নব নির্মিত ১০ তলা ভবনে কমিশনারদের জন্য নির্ধারিত কমিশনার্স কক্ষ উদ্বোধন করেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম।




৩৭ তম বিশ্ব সম্মেলনে বাংলাদেশ হতে প্রতিনিধিত্ব করেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম



৩৭ তম বিশ্ব সম্মেলনে অংশগ্রহণকারী জাতীয় রেঞ্জার কাউন্সিলের চেয়ারম্যানের হাতে সনদ তুলে দেন জাতীয় কমিশনার



নব নির্মিত ১০ তলা ভবনে কমিশনারদের জন্য নির্ধারিত কমিশনার্স কক্ষ উদ্বোধন করেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম

## ৪৩ তম জাতীয় পরিষদ অধিবেশন

২৮ হতে ৩১ মার্চ, ২০২২ চার দিন ব্যাপী, হোটেল সৈকত, স্টেশন রোড, চট্টগ্রামে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের ৪৩ তম জাতীয় পরিষদ অধিবেশন অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন করেন জুয়েনা আজিজ, মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। বিশেষ অতিথি ছিলেন মোঃ আশরাফ উদ্দিন, বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম এবং ডা. হাসান শাহ্‌রিয়ার কবীর, বিভাগীয় পরিচালক, (স্বাস্থ্য) চট্টগ্রাম বিভাগ। সম্মানিত অতিথি ছিলেন মোহাম্মদ মমিনুর রহমান, জেলা প্রশাসক, চট্টগ্রাম, ডা. মোহাম্মদ ইলিয়াছ চৌধুরী, সিভিল সার্জন, চট্টগ্রাম এবং অধ্যাপক আব্দুল আলীম, ভারপ্রাপ্ত চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম। অধিবেশনে বিভিন্ন ক্যাটাগরিতে গাইড সদস্যদের সম্মাননা প্রদান করা হয়। প্রধান অতিথি সকলের হাতে ক্রেস্ট তুলে দেন। বিশিষ্ট শিক্ষাবিদ হিসেবে "মহাত্মা গান্ধী অ্যাওয়ার্ড ২০২০" প্রাপ্তিতে ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম) প্রফেসর ড. ইয়াসমিন আহমেদকে সম্মাননা স্মারক প্রদান, "বেগম রোকেয়া পদক ২০১৯" প্রাপ্তিতে কুমিল্লা অঞ্চলের অতিরিক্ত আঞ্চলিক কমিশনার পাপড়ী বসুকে সম্মাননা স্মারক প্রদান, ২০২১ সালে এশিয়া প্যাসিফিক রিজিওনাল কনফারেন্স প্রোগ্রাম প্লানিং সদস্য পদে মনোনয়ন প্রাপ্তিতে মাহনাজ হোসেন ফারিবা কে সম্মাননা স্মারক প্রদান, International Volunteer Day উপলক্ষে ২০২১ সালে Bangladesh Volunteer Award by UNV (2nd position) প্রাপ্তিতে, জাতীয় রেঞ্জার কাউন্সিলের সেক্রেটারী, তাহমিনা বিনতে সিরাজকে সম্মাননা স্মারক প্রদান ও International Volunteer Day উপলক্ষে ২০২১ সালে Bangladesh Volunteer Award by UNV ($10^{th}$ position) প্রাপ্তিতে, রেঞ্জার ও YESS Country Coordinator তামরিন আফরোজ কে সম্মাননা স্মারক প্রদান করা হয়।



৪৩ তম জাতীয় পরিষদ অধিবেশনে প্রধান অতিথি জুয়েনা আজিজ কে স্বাগত জানান জাতীয় কমিশনার, অন্যান্য কমিশনার ও অতিথিবৃন্দ



প্রধান অতিথিকে শুভেচ্ছা স্মারক প্রদান



বিশেষ অতিথিকে শুভেচ্ছা স্মারক প্রদান




চট্টগ্রামে অনুষ্ঠিত ৪৩ তম জাতীয় পরিষদ অধিবেশনে কাউন্সিলরদের উদ্দেশ্যে প্রধান অতিথির বক্তব্য দেন জুয়েনা আজিজ, মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক)



৪৩ তম জাতীয় পরিষধ অধিবেশনে অংশগ্রহণকারী কাউন্সিলরবৃন্দ

৩০ মার্চ সিভিল সার্জন কার্যালয় চট্টগ্রাম-এর উদ্যোগে হোটেল সৈকতে বিশেষ হেল্‌থ ক্যাম্পে কাউন্সিলরদের ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ নির্ণয়, ব্লাড সুগার, রক্তচাপ, রক্তের চর্বি, কিডনি, হার্ট, চোখ ও পায়ের জটিলতা পরীক্ষা করা হয়। এ ছাড়া জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সহযোগিতায়, মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণার আলোকে ২০৪০ সালের মধ্যে তামাকমুক্ত বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে গার্ল গাইডের ভূমিকার বিষয়ে সেশনে মূখ্য আলোচক ছিলেন হোসেন আলী খোন্দকার, সমন্বয়কারী (অতিরিক্ত সচিব) জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। সমাপনি দিনে সকল অঞ্চলের সমন্বয়ে মনোরম সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। জাতীয় কার্যালয়সহ রাজধানী, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, কুমিল্লা, রংপুর ও ময়মনসিংহসহ ১০ অঞ্চল হতে তিন শতাধিক কাউন্সিলর অংশগ্রহণ করেন।



চট্টগ্রাম সিভিল সার্জন কার্যালয়ের উদ্যোগে কাউন্সিলরদের স্বাস্থ্য পরীক্ষা করা হয়

## আন্তর্জাতিক নারী দিবস পালন

"টেকসই আগামীর জন্য, জেন্ডার সমতাই আজ অগ্রগণ্য" এই প্রতিপাদ্য বিষয় নিয়ে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে ১২ মার্চ, ২০২২ বেইলী রোড, গাইড অডিটোরিয়ামে পালিত হয় আন্তর্জাতিক নারী দিবস। অনুষ্ঠানে বালিকা, কিশোরী, তরুণীদের কৈশোরকালীন পুষ্টির প্রয়োজনীয়তা সম্পর্কে সময়োপযোগী সেশন দেন ডাঃ ফাতেমা আক্তার, পিএম, ন্যাশনাল নিউট্রিশন সার্ভিস। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য দেন ডাঃ এস এম মোস্তাফিজুর রহমান, লাইন ডিরেক্টর, জাতীয় পুষ্টি সেবা, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, বক্তব্য দেন ডাঃ এম এম আখতারুজ্জামান, থানা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, তেজগাঁও, ঢাকা, সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রগ্রাম), তানজিনা বিনতে মোশাররফ, জেনারেল সেক্রেটারি, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন। স্বাগত বক্তব্য দেন জাতীয় রেঞ্জার কাউন্সিলের সেক্রেটারি, তাহমিনা বিনতে সিরাজ।




আন্তর্জাতিক নারী দিবস অনুষ্ঠানে মঞ্চে উপবিষ্ট জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম, পুষ্টি বিষয় বিশেষজ্ঞ ডা. মোস্তাফিজুর রহমান, থানা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ডা: এম এম আখতারুজ্জামান ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন ও প্রোগ্রাম)

স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য কমপ্লেক্স, চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউশন হতে চিকিৎসক, হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার, গাইড সদস্য, জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন।

দিবসটি উপলক্ষে এসোসিয়েশনের অবসরপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারীদের হাতে শুভেচ্ছা উপহার ও সম্মাননা ক্রেস্ট তুলে দেন অনুষ্ঠানের সভাপতি ও প্রধান অতিথি জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম। অনুষ্ঠানে অবসরপ্রাপ্তরা এসোসিয়েশনে চাকুরিকালীন তাদের অনুভূতির কথা ব্যক্ত করতে গিয়ে আবেগাপ্লুত হয়ে পড়েন। এ ছাড়া দিনটিতে দুঃস্থদের মাঝে আর্থিক ও অন্যান্য সহায়তা প্রদান করা হয়।

একই দিনে ইয়েস গার্লস্ মুভমেন্ট প্রকল্প কার্যক্রমের কক্ষ উদ্বোধন করেন জাতীয় কমিশনার। কবিতা আবৃত্তি, দলী সংগীত ও নৃত্য পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।




জাতীয় কমিশনার অবসরপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারীদের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেন



ইয়েস গার্লস্ মুভমেন্ট প্রকল্প কার্যক্রমের কক্ষ উদ্বোধন করেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম

## জাতির পিতার জন্মদিবস পালন

১৭ মার্চ, ২০২২ জাতীয় কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিবস ও জাতীয় শিশুদিবস উপলক্ষে 'আমার চোখে জাতির পিতা ও বাংলাদেশ' এই শিরোনামে হলদে পাখিরা ছবি আঁকে বঙ্গবন্ধুর জীবনী নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম হলদে পাখি, গাইড, রেঞ্জার ও গাইড সদস্যদের নিয়ে কেক কেটে জাতির পিতার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।



জন্মদিনে কেক কেটে জাতির পিতার প্রতি শ্রদ্ধা নিবেদন



জাতির পিতার জীবনী নিয়ে রচিত গ্রন্থ জাতীয় কমিশনার হলদে পাখিদের হাতে তুলে দেন

## ওয়ারেন্ট গাইডার ওরিয়েন্টেশন ১ম ও ২য় কোর্স অনুষ্ঠিত

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে ১৮ হতে ২২ মে এবং ৩১ মে হতে ৪ জুন, ২০২২ পর্যন্ত পাঁচ দিনব্যাপী জাতীয় কার্যালয়ে ওয়ারেন্ট গাইডার ওরিয়েন্টেশন প্রথম কোর্স অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানের উদ্বোধন করেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম




উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে বক্তব্য দেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম

প্রশিক্ষণ দেন সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম), জাহান আরা বেগম, কোষাধ্যক্ষ, সাহেদা হোসেন চৌধুরী, প্রশিক্ষণ কমিশনার, হোসনে আরা বেগম, প্রাক্তন সিনিয়র ট্রেইনার ও অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, ইয়াসমিন আখতার বানু, রাজধানী অঞ্চল, আফরোজা বেগম, প্রাক্তন সিনিয়র ট্রেইনার, তানজিনা বিনতে মোশাররফ, জেনারেল সেক্রেটারী, সালেহা বেগম, ট্রেইনার, জাতীয় কার্যালয়।

কোর্সের সমাপনী দিনে প্রধান অতিথি মোঃ মনিরুজ্জামান অংশগ্রহণকারীদের হাতে সনদ তুলে দেন অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাহেদা হোসেন চৌধুরী, প্রশিক্ষণ কমিশনার।

রাজধানী, ঢাকা, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, কুমিল্লা, রংপুর ও ময়মনসিংহ সহ ৯ অঞ্চল হতে ৪০ জন প্রশিক্ষণার্থী কোর্সে অংশগ্রহণ করেন।

এডিস মশা ডিম পাড়ার ও বংশবিস্তারের স্থান



ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।





ওয়ারেন্ট গাইডার ওরিয়েন্টেশন কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের মাঝে জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন




সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন মোঃ মনিরুজ্জামান, অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

২য় কোর্সের সমাপনী দিনে কাজী জেবুন্নেছা বেগম অংশগ্রহণকারীদের হাতে সনদ তুলে দেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাহেদা হোসেন চৌধুরী, প্রশিক্ষণ কমিশনার। রাজধানী, ঢাকা, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, কুমিল্লা, রংপুর ও ময়মনসিংহসহ ৯ অঞ্চল হতে ৪১ জন প্রশিক্ষণার্থী কোর্সে অংশগ্রহণ করেন।

## প্রকিউরমেন্ট বিষয়ক প্রশিক্ষণ

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অর্থায়নে প্রাথমিক বিদ্যালয়সমূহে হলদে পাখি সম্প্রসারণ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে, গাইড অডিটোরিয়ামে ২৭ জুন, ২০২২ বাজেট ও প্রকিউরমেন্ট বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে গাইড জেলা কমিশনাররা অংশ নেন। জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম পিপিআর অনুযায়ী কি করে বাজেট তৈরী করতে হয় সে বিষয় বিস্তারিত আলোচনা করেন।

## গাইড কার্যক্রম বাস্তবায়নে সেমিনার

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অর্থায়নে গাইড কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে গাইড অডিটোরিয়ামে ২৭ জুন, ২০২২ সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে সকল অঞ্চল হতে গাইড জেলা কমিশনাররা অংশ নেন। জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম সেমিনারে সভাপতিত্ব করেন।

# বরিশাল অঞ্চল

## বরিশাল অঞ্চলের জানুয়ারি হতে জুন ২০২২ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

**জানুয়ারি :** শীতবস্ত্র বিতরণ ঃ ১৬-১-২০২২ইং রেঞ্জার ও হলদে পাখিদের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়।

**ফেব্রুয়ারি :** দীক্ষা দান : ৮-২-২০২২ ইং বাকেরগঞ্জ উপজেলার বাকেরগঞ্জ বালিকা মাধ্যমিক বিদ্যালয় ২০০ জন গাইডকে দীক্ষা দান করা হয়।

**"ফ্রি বিইং মি" :** ১৪-২৫ ফেব্রুয়ারি পর্যন্ত গাইড ও রেঞ্জারসহ ৩০০ জনকে ফ্রি বিইং মি প্রশিক্ষণ প্রদান করা হয়।

**আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা :** ১৪ ফেব্রুয়ারি আঞ্চলিক কার্যনিবাহী কমিটির প্রথম সভা বরিশাল গাইড হাউজে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার রাবেয়া খাতুন।

**দীক্ষা দান :** ১৫ ফেব্রুয়ারি সুবিদখালী সরকারি কলেজে ৫০ জন রেঞ্জারকে দীক্ষা দান দেয়া হয়।

**শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন :** ২১ ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়।



বিশ্ব চিন্তা দিবসে অর্থ প্রদান করেন বরিশালের মেয়র সেনিয়াবাদ সাদেক আব্দুল্লাহ

**বিশ্ব চিন্তা দিবস পালন :** বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস্ সংস্থার প্রতিষ্ঠাতা লর্ড বেডেন পাওয়েল ও বিশ্ব চীফ গাইড লেডী ওলেভ বেডেন পাওয়েল এর যুগ্ম জন্মদিবস উপলক্ষে ২২ ফেব্রুয়ারি "বিশ্ব চিন্তা দিবস বরিশাল আঞ্চলিক কার্যালয়ে পালিত হয়। বিভিণ্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার সহ ২৭৩ জন অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বরিশালের মেয়র জনাব সেনিয়াবাদ সাদেক আব্দুল্লাহ।

**মার্চ : আন্তর্জাতিক নারী দিবস পালন :** ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস পালনে সার্কিট হাউজ থেকে র‍্যালি, চিত্রাংকন প্রতিযোগিতায় গাইড হলদে পাখি অংশগ্রহণ ও সেখানে ২০ জন রেঞ্জার সেবা দান করে।

**দোয়া ও মিলাদ মাহফিল :** ১৬ মার্চ বরিশাল জেলা কমিশনার লুৎফুর নাহার আফরোজ মৃত্যুবরণ করায় তার জন্য দোয়া ও মিলাদ করা হয়।

**জুম মিটিং :** ১৬ মার্চ আলোর ঝর্ণাধারার প্রস্তুতি সভার জুম মিটিং এ অংশগ্রহণ করা হয়।

**জাতীয় শিশু দিবস পালন :** ১৭ মার্চ জাতির পিতার জন্ম দিবসে ৫০ জন গাইড এবং ২০ জন রেঞ্জার র‍্যালিতে অংশ গ্রহণ করে বঙ্গবন্ধু উদ্যানে পুস্প অর্পণ করে এবং বরিশাল আঞ্চলিক কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

**স্বল্প মূল্যে খাদ্য দ্রব্য বিতরণ :** ১৭ মার্চ সরকারি উদ্যেগে নিম্ন আয়ের মানুষের জন্য খাদ্য দ্রব্য স্বল্প মূল্যে প্রদান করা হয়। সেখানে ২০ জন রেঞ্জার সেবা প্রদান করে।

**ক্রীড়া প্রতিযোগিতা :** ২২ মার্চ বঙ্গবন্ধু উদ্যানে সরকারি কর্মকর্তা কর্মচারীদের সন্তানদের ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সেখানে ৩০ জন রেঞ্জার সেবা প্রদান করে।

**এপ্রিল :** আলোর ঝর্ণাধারা বাছাই পর্ব বরিশাল গাইড হাউজে অনুষ্ঠিত হয়।

**বিজ্ঞ পাখি প্রশিক্ষণ :** ১৭ হতে ২১ এপ্রিল কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের ৪০ জন শিক্ষিকা বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণ বরিশাল গাইড হাউজে অংশগ্রহণ করে।




বরিশাল গাইড হাউজে অনুষ্ঠিত বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের মাঝে সনদ বিতরণ

**মে :** ১২ মে, আলোর ঝর্ণাধারার ফাইনাল মহড়া বরিশাল গাইড হাউজে অনুষ্ঠিত হয়।

**গাইড ও গাইডার ট্রেইনিং :** ১৬ থেকে ২১ মে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের ৪০ জন শিক্ষকের বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণ ভোলা জেলায় অনুষ্ঠিত হয়।

**জুন : মিটিং :** ৫ জুন আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা বরিশাল গাইড হাউজে অনুষ্ঠিত হয়।

**গাইড সম্প্রসারণ :** ৯-জুন মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে গাইড সম্প্রসারনের জন্য ১ দিনের সেমিনার বরিশাল গাইড হাউজে অনুষ্ঠিত হয়।

**দীক্ষা দান :** ১৬ জুন মেহেন্দিগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষ প্রতিষ্ঠানের ১৫০ গাইডদের দীক্ষা দান অনুষ্ঠিত হয়।

**পদ্মা সেতুর উদ্বোধন :** ২৫ জুন শিল্পকলা একাডেমিতে পদ্মা সেতুর উদ্বোধনী অনুষ্ঠানে গাইড, হলদে পাখি, রেঞ্জার অংশগ্রহণ করে।

## রাজধানী অঞ্চল

### রাজধানী অঞ্চলের জানুয়ারি হতে জুন ২০২২ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

**শীতবস্ত্র বিতরণ :** ৩ জানুয়ারি, ২০২২ রাজধানী অঞ্চল আয়োজিত মোহাম্মদপুর জেলার উদ্যোগে মোহাম্মদপুরে সমাজের সুবিধাবঞ্চিত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়।




মোহাম্মদপুর জেলায় সমাজের সুবিধাবঞ্চিত মানুষের মাঝে কম্বল বিতরণ

মোহাম্মদপুর জেলায় সমাজের সুবিধাবঞ্চিত মানুষের মাঝে কম্বল বিতরণ করছেন মোহাম্মদপুর জেলার জেলা কমিশনার সেলিনা বেগম চৌধুরী

১৫ জানুয়ারি ২০২২ তারিখ বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, রাজধানী অঞ্চল আয়োজিত গুলশান বনানী জেলার উদ্যোগে বনানী মডেল স্কুল ঢাকায় সমাজের সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন গুলশনা বনানী জেলার জেলা কমিশনার মেহেরুন্নেছা, বনানী মডেল স্কুলের প্রধান শিক্ষক ও জেলার অন্যান্য সদস্যবৃন্দ।




গুলশান বনানী জেলায় সমাজের সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত গুলশান বনানী জেলার জেলা কমিশনার মেহেরুন্নেছাসহ অন্যান্য সদস্যবৃন্দ।

২২ জানুয়ারি, ২০২২ মিরপুর জেলার উদ্যোগে কল্যাণপুর গার্লস স্কুল এন্ড কলেজ, সমাজের সুবিধাবঞ্চিত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন মিরপুর জেলার জেলা কমিশনার শাহনাজ বেগম সহ জেলার সদস্যবৃন্দ।



মিরপুর জেলায় সুবিধাবঞ্চিত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ

৬ ফেব্রুয়ারি, ২০২২ উত্তরা জেলার উদ্যোগে ময়লাখানা, নাওগাঁও, টঙ্গি রেলস্টেশন এলাকায় সমাজের সুবিধাবঞ্চিত ও পথ শিশুদের মাঝে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত উত্তরা জেলার জেলা কমিশনার সাবৃনা রশিদসহ সদস্যবৃন্দ।

২০ জানুয়ারি, ২০২২ ঢাকা জেলার জেলা শিক্ষা অফিসার জনাব মোঃ আব্দুল মজিদ এর সাথে রাজধানী অঞ্চলের গাইডিং সম্প্রসারণ সহ বিভিন্ন বিষয় নিয়ে সৌজন্য সাক্ষাৎ করা হয় এবং পরিপত্র অনুযায়ী গাইড ফি আদায়ের লক্ষ্যে জেলা শিক্ষা অফিসারের স্বাক্ষরে শিক্ষা প্রতিষ্ঠান বরাবর সার্কুলার জারি করা হয়। এ সময় উপস্থিত ছিলেন রাজধানী অঞ্চলের আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম, তেজগাঁও জেলার জেলা কমিশনার আমিনা খাতুন, মিরপুর জেলার জেলা কমিশনার শাহনাজ বেগম ও ট্রেইনার মোসাঃ কামরুন নাহার।

ঢাকা জেলার নতুন জেলা শিক্ষা অফিসার মোঃ আব্দুল মজিদকে রাজধানী অঞ্চলের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানান রাজধানী অঞ্চলের আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম। এ সময় উপস্থিত ছিলেন মিরপুর জেলার জেলা কমিশনার শাহনাজ বেগম ও তেজগাঁও জেলার জেলা কমিশনার আমিনা খাতুন।



ঢাকা জেলার নতুন জেলা শিক্ষা অফিসার মোঃ আব্দুল মজিদকে রাজধানী অঞ্চলের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়

**Training for Leaders on Tide Turners Plastic Challenge Badge :** ২৯ জানুয়ারি, ২০২২ জাতীয় কার্যালয় আয়োজিত Tide Turners Plastic Challenge Badge প্রশিক্ষণ গাইড হাউজ, ঢাকায় অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে রাজধানী অঞ্চল হতে ২০ জন গাইড গাইডার অংশগ্রহণ করে।

**সভা সমাবেশ :** ২৭ জানুয়ারি, ২০২২ রাজধানী অঞ্চলের কার্যক্রম নিয়ে বাংলাদেশ টেলিভিশনে 'আলোর ঝর্ণাধারা' অনুষ্ঠান বাস্তবায়ন সাব-কমিটির এক সভা অনুষ্ঠিত হয়।

২৭ জানুয়ারি, ২০২২ রাজধানী আঞ্চলিক কার্যালয়ে, রাজধানী অঞ্চলের ৮ জেলার জেলা কমিশনারদের নিয়ে সভা অনুষ্ঠিত হয়।



হলদে পাখিদের দীক্ষা দান কর্মসূচি

২৬ জানুয়ারি, ২০২২ তারিখ মিরপুর জেলার মডেল একাডেমী স্কুলে হলদে পাখিদের দীক্ষা দান কর্মসূচি অনুষ্ঠিত হয়। হলদে পাখিদের দীক্ষা প্রদান করেন বাংলাদেশ গার্ল গাইড এসোসিয়েশনের গাইড সম্প্রসারণ কমিশনার ও মিরপুর জেলার সেক্রেটারী ফেরদৌসী আক্তার ডলি। উপস্থিত ছিলেন অত্র স্কুলের প্রধান শিক্ষক শুভাশিষ কুমার বিশ্বাস, শিক্ষকবৃন্দ, গাইডারবৃন্দ সহ ট্রেইনার মোসাঃ কামরুন নাহার।

**বিশ্ব চিন্তা দিবস উদ্‌যাপন উপলক্ষে Activity Pack এর উপর ওয়ার্কশপ :** ৩ ফেব্রুয়ারি, ২০২২ সিদ্ধেশ্বরী গার্লস কলেজে, বিশ্ব চিন্তা দিবস এর প্রতিপাদ্য Our World : Our Equal Future : The Environment and Gender Equality এর উপর দিনব্যাপি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে রাজধানী অঞ্চলের ৮ জেলা হতে হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার ও কমিশনারসহ ৬০ জন গাইড সদস্য অংশগ্রহণ করেন। সঞ্চালকের দায়িত্ব পালন কলেন মোহসিনা আশ্রাফ, সদস্য, আন্তর্জাতিক সাব-কমিটি। সেশন প্রদান করেন মোহসিনা আশ্রাফ ও কানিজ ফাতেমা প্রমি রেঞ্জার, সানন্দা মুক্ত রেঞ্জার ইউনিট এবং সেশনের সহযোগিতায় ছিলেন সিদ্ধেশ্বরী গার্লস কলেজের রেঞ্জার জান্নাতুল ফেরদৌস মীম, ফারিয়া রহমান ও তানজিলা আক্তার। উদ্বোধনী ও সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম ও অতিরিক্ত আঞ্চলিক কমিশনার ইয়াসমিন আখতার বানু। অংশগ্রহণকারীরা নিজ নিজ জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রশিক্ষণ পরিচালনা করবেন। ওয়ার্কশপের সার্বিক দায়িত্বে ছিলেন ট্রেইনার মোসাঃ কামরুন নাহার।




দিনব্যাপি ওয়ার্কশপের সমাপনী অনুষ্ঠানে সার্টিফিকেট হাতে অংশগ্রহণকারীদের সাথে আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম

বিশ্ব চিন্তা দিবস, ২০২২ এর প্রতিপাদ্য Our World : Our Equal Future : The Environment and Gender Equality এর উপর দিনব্যাপি ওয়ার্কশপের সমাপনী অনুষ্ঠানে সার্টিফিকেট হাতে অংশগ্রহণকারীদের সাথে আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম অতিরিক্ত আঞ্চলিক কমিশনার ইয়াসমিন আখতার বানু সহ মোহসিনা আশ্রাফ ও অন্যান্য গাইড সদস্যবৃন্দ। ৮ হতে ১৫ ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত রাজধানী অঞ্চল কর্তৃক আয়োজিত হলদে পাখি, গাইড ও রেঞ্জারদের জন্য বিশ্ব চিন্তা দিবস Activity Pack এর উপর আলোকচিত্র, চলমানচিত্র ও সৃজনশীল বস্তু তৈরী প্রতিযোগিতামূলক কর্মসূচি অনলাইনে অনুষ্ঠিত হয়।

**বিশ্ব চিন্তা দিবস উদ্‌যাপন :** ২২ ফেব্রুয়ারি লর্ড ব্যাডেন পাওয়েল ও লেডী ব্যাডেন পাওয়েল এর যুগ্ম জন্ম দিন। ২৬ ফেব্রুয়ারি, ২০২২ জাতীয় কার্যালয় ও রাজধানী অঞ্চল এর যৌথ আয়োজনে গাইড হাউজ অডিটোরিয়াম, ঢাকায় বিশ্ব চিন্তা দিবস অনুষ্ঠিত হয়।



ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় রেঞ্জার ইউনিটের উদ্যোগে কেন্দ্রীয় শহীদ মিনারে ফুল দিয়ে তৈরীকৃত টেন্ডারফুট ব্যাজের সামনে গাইডারসহ স্বেচ্ছাসেবক হিসেবে সার্ভিস প্রদানকারী রেঞ্জারদের একাংশ

**আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন :** ২১ ফেব্রুয়ারি, ২০২২ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় রেঞ্জার ইউনিটের উদ্যোগে কেন্দ্রীয় শহীদ মিনারে পুস্পস্তবক অর্পণ সহ ভাষা শহীদের প্রতি শ্রদ্ধা জানানো হয় এবং দিনব্যাপী কেন্দ্রীয় শহীদ মিনার এলাকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫টি হল থেকে ২০০ জন রেঞ্জার সার্ভিস প্রদান করে।




রাজধানী অঞ্চলের উদ্যোগে সুবিধাবঞ্চিতদের মাঝে শীতবস্ত্র বিতরণ

**শীতবস্ত্র বিতরণ :** ২৩ ফেব্রুয়ারি, ২০২২ উদ্যোগে বস্তি এলাকা পূর্ব রামপুরা, ঢাকায় সমাজের সুবিধাবঞ্চিত ও দুঃস্থ মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার ইয়াসমিন আখতার বানু সহ অন্যান্য গাইড সদস্যবৃন্দ।

**সভা সমাবেশ :** ৩, ৯, ১৩ ও ২৩ ফেব্রুয়ারি, ২০২২ রাজধানী অঞ্চলের কার্যক্রম নিয়ে বাংলাদেশ টেলিভিশনে 'আলোর ঝর্ণাধারা' অনুষ্ঠান বাস্তবায়ন সাব-কমিটির সভা অনুষ্ঠিত হয়। ২৮ ফেব্রুয়ারি 'বিশ্ব ভোক্তা অধিকার দিবস ২০২২' উদযাপন উপলক্ষে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সভায় ট্রেইনার মোসা: কামরুন নাহার উপস্থিত ছিলেন।

১০ মার্চ, ২০২২ 'বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদযাপন উপলক্ষে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সভায় আঞ্চলিক রেঞ্জার কাউন্সিলের চেয়ারম্যান ফরিদা আক্তার আন্না উপস্থিত ছিলেন।

১৬ মে, ২০২২ পরিবেশ অধিদপ্তর কর্তৃক বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে পরিবেশ মেলায় স্টল বরাদ্দ শীর্ষক সভা অনুষ্ঠিত হয়। সভায় ট্রেইনার মোসা: কামরুন নাহার অংশগ্রহণ করেন।

১৫ জুন, ২০২২ জাতীয় কার্যালয় আয়োজিত অঞ্চলসমূহের ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট জাতীয় কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থাপনের লক্ষ্যে আঞ্চলিক কোষাধ্যক্ষদের অংশগ্রহণে "বাজেট সাব কমিটির" সভা গাইড হাউজে অনুষ্ঠিত হয়। সভায় আঞ্চলিক কোষাধ্যক্ষ মোসা: খায়রুন নাহার (শিল্পী) উপস্থিত ছিলেন।

১৯ জুন, ২০২২ জেলা প্রশাসকের কার্যালয়ে ঢাকা জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় আঞ্চলিক সেক্রেটারী রাজিয়া সুলতানা (রোজি) উপস্থিত ছিলেন।

**ঐতিহাসিক ৭ মার্চ :** ঐতিহাসিক ৭ই মার্চ জাতীয় দিবসে, র‍্যালি ও ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করেন ধানমন্ডি জেলার জেলা কমিশনার মাহফিয়া পারভিন, জেলার সদস্যবৃন্দ ও রেঞ্জাররা।





ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ

**জাতির পিতার জন্মদিবস ও জাতীয় শিশু দিবস উদযাপন :** ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করেন সেক্রেটারী রাজিয়া সুলতানসহ রেঞ্জাররা। এছাড়া ছোটদের বঙ্গবন্ধু, মুজিব ও বাংলাদেশ ও চেতনায় বঙ্গবন্ধু এই শিরোনামে হলদে পাখি, গাইড ও রেঞ্জারদের জন্য রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়।

**গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত :** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে মার্চ মাসে ২টি ব্যাচে গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রতিটি ব্যাচে ৪০ জন করে মোট ৮০ জন শিক্ষিকা প্রশিক্ষণ গ্রহণ করেন। ১ম ব্যাচের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের পরিদর্শক মুহম্মদ হোসাইন এবং ২য় ব্যাচে প্রধান অতিথি ছিলেন ঢাকা জেলার জেলা শিক্ষা অফিসার আব্দুল মজিদ। অনুষ্ঠানদ্বয়ের সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম। এছাড়াও আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যগণ, সংশ্লিষ্ট জেলার জেলা কমিশনারবৃন্দ ও জেলার অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

**জাতীয় ভোক্তা অধিকার দিবস :** ১৫ মার্চ, ২০২২ জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক আয়োজিত 'জাতীয় ভোক্তা অধিকার দিবস ২০২২' শোভাযাত্রা ও আলোচনা সভা ওসমানী স্মৃতি মিলনায়তনে উদযাপন করা হয়। কর্মসূচিতে রাজধানী অঞ্চল হতে ৫০ জন রেঞ্জার অংশগ্রহণ করে।



জাতীয় ভোক্তা অধিকার দিবস উদযাপন উপলক্ষে শোভাযাত্রায় অংশগ্রহণকারী রেঞ্জাররা




আঞ্চলিক কার্যালয়, গাইড হাউজ, ঢাকায় অনুষ্ঠিত ১ম গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের পরিদর্শক জনাব মুহম্মদ হোসাইন




কল্যাণপুর গার্লস স্কুল এন্ড কলেজ, ঢাকায় অনুষ্ঠিত ২য় গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন ঢাকা জেলা শিক্ষা অফিসার আব্দুল মজিদ




আঞ্চলিক কার্যালয়, গাইড হাউজ, ঢাকায় অনুষ্ঠিত ১ম গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথির সাথে অংশগ্রহণকারী শিক্ষিকাবৃন্দ

**গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ :** কল্যাণপুর গার্লস স্কুল এন্ড কলেজ ঢাকায় অনুষ্ঠিত ২য় গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণের সমাপনী দিনে অংশগ্রহণকারী শিক্ষিকাদের মাঝে আঞ্চলিক কমিশনার, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার ও মিরপুর জেলা কমিশনার উপস্থিত ছিলেন।



গভ: কলেজ অব অ্যাপ্লাইড হিউম্যান সাইন্স রেঞ্জার ইউনিটের ইউনিট ক্যাম্পে ক্যাম্প ফায়ার

**ইউনিট ক্যাম্প অনুষ্ঠিত :** ২৪ মার্চ, ২০২২ গভ: কলেজ অব অ্যাপ্লাইড হিউম্যান সাইন্স রেঞ্জার ইউনিটের উদ্যোগে কলেজের মাঠে ১ দিনের ইউনিট ক্যাম্প অনুষ্ঠিত হয়।




স্বাধীনতা দিবস ও আন্তর্জাতিক নারী দিবস উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন বাংলাদেশ মহিলা পরিষদের সহ সভাপতি ডা: মাখদুমা নার্গিস

**স্বাধীনতা দিবস ও আন্তর্জাতিক নারী দিবস উদযাপন :** স্বাধীনতা দিবস ও আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষে মোহাম্মদপুর জেলার আয়োজনে ২৩ মার্চ ২০২২ তারিখ লালমাটিয়া মহিলা কলেজ অডিটোরিয়ামে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

**জাতীয় পরিষদ অধিবেশন :** ২৮ হতে ৩১ মার্চ, ২০২২ হোটেল সৈকত, চট্টগ্রামে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের ৪৩ তম জাতীয় পরিষদ অধিবেশন অনুষ্ঠিত হয়। রাজধানী অঞ্চল হতে ৩০ জন কাউন্সিলর অংশগ্রহণ করেন।

**বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা :** ১৬ মার্চ, ২০২২ বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা এবং জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা কর্মসূচি প্রণয়ন ও তার সফল বাস্তবায়নার্থে এক প্রাক-প্রস্তুতিমূলক সভা মন্ত্রী মো: শাহাব উদ্দিন, এম.পি. পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের অনুষ্ঠিত হয়। সভায় রাজধানী অঞ্চল হতে মনিজা রহমান গার্লস স্কুল এন্ড কলেজের গাইডার কান্তা আফাজ উপস্থিত ছিলেন।

**বিশ্ব স্বাস্থ্য দিবস উদ্‌যাপন :** ৭ এপ্রিল, ২০২২ ওসমানী স্মৃতি মিলনায়তন ঢাকায় 'বিশ্ব স্বাস্থ্য দিবস' উদযাপিত হয়। এবারের প্রতিপাদ্য "সুরক্ষিত বিশ্ব, নিশ্চিত স্বাস্থ্য"। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জাহিদ মালেক এম.পি, মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাগত বক্তব্য রাখেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম। সভাপতিত্ব করেন জনাব লোকমান হোসেন মিয়া, সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

অনুষ্ঠানে কমিশনারবৃন্দ, জাতীয় কার্যালয় ও রাজধানী অঞ্চলের কর্মকর্তাবৃন্দ, গাইডার, গাইড ও রেঞ্জার সহ প্রায় ১০০ জন গাইড সদস্য অংশগ্রহণ করেন।




বিশ্ব স্বাস্থ্য দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে উপস্থিত অতিথিদের সাথে অংশগ্রহণকারী বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কমিশনারসহ সদস্যবৃন্দ

**আলোর ঝর্ণাধারা অনুষ্ঠান :** ১২ এপ্রিল, ২০২২ বাংলাদেশ টেলিভিশনে রাজধানী অঞ্চলের পরিবেশনায় 'আলোর ঝর্ণাধারা' অনুষ্ঠানটি সম্প্রচারিত হয়।

**ইফতার ও দোয়া মাহফিল :** ১৩ এপ্রিল, ২০২২ উদ্যোগে আঞ্চলিক কার্যালয়, গাইড হাউজ, ঢাকায় ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে জাতীয় কমিশনার, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), আঞ্চলিক কমিশনার, জেলা কমিশনারবৃন্দ, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ ও অন্যান্য গাইড সদস্যগণ এবং জাতীয় কার্যালয়, ঢাকা অঞ্চলের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

**মতবিনিময় সভা :** ১৭ এপ্রিল, ২০২২ বাংলাদেশ তামাক বিরোধী জোট এর ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ (WBBT) এর সম্মিলিত উদ্যোগে বি এম এ ভবনের 'তামাক নিয়ন্ত্রণ আইন ও নীতি সুরক্ষায় করণীয়' শীর্ষক মতবিনিময় সভা আয়োজন করা হয়। উক্ত সভায় রাজধানী অঞ্চলের পক্ষে উপস্থিত ছিলেন ট্রেইনার তিথি দে।

**লায়ন জেলা-৩১৫ বি ১ বাংলাদেশের ২৬তম বার্ষিক সম্মেলন :** ৫ মে, ২০২২ লায়ন জেলা-৩১৫ বি ১ বাংলাদেশের ২৬তম বার্ষিক সম্মেলন এর উদ্বোধনী অনুষ্ঠান প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল ঢাকায় অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে বর্ণাঢ্য ফ্লাগ ডিসপ্লে প্রদর্শনে রাজধানী অঞ্চল হতে ৩৫ জন রেঞ্জার অংশগ্রহণ করে এবং সার্বিক দায়িত্বে ছিলেন ট্রেইনার মোসা: কামরুন নাহার।




লায়ন জেলা -৩১৫ বি ১ বাংলাদেশের ২৬তম বার্ষিক সম্মেলন এর উদ্বোধনী অনুষ্ঠান প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে রাজধানী অঞ্চল হতে অংশগ্রহণকারী ব্যান্ড দলের রেঞ্জাররা

**National Consultation on Implementation of Recommendation on Child Rights Under UPR And UNCRC :** ১৯ মে, 2022 CIRDAP Auditorium-এ আইন ও সালিশ কেন্দ্র এবং Child Rights Advocacy Coalition in Bangladesh (CRAC,B) এর উদ্যোগে Implementation of Recommendation on Child Rights Under UPR and UNCRC শীর্ষক সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রতিনিধিত্ব করেন ট্রেইনার তিথি দে।



প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল ঢাকায় লায়ন জেলা -৩১৫বি২ বাংলাদেশের ২৯তম বার্ষিক সম্মেলন ২০২২ এর উদ্বোধনী অনুষ্ঠানে বর্ণাঢ্য ফ্লাগ ডিসপ্লে প্রদর্শনের জন্য রাজধানী অঞ্চল হতে অংশগ্রহণকারী রেঞ্জাররা




ঢাকা লেডিজ ক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য রাজধানী অঞ্চলের সার্ভিস প্রদানকারী রেঞ্জার সদস্যরা

**সার্ভিস প্রদান :** ২১ মে, ২০২২ ইস্কাটন গার্ডেন ঢাকা লেডিজ ক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচন সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য রাজধানী অঞ্চলের ২৫ জন রেঞ্জার সার্ভিস প্রদান করে।

**ওয়ারেন্ট গাইডার কোর্স প্রশিক্ষণ :** ১৮ হতে ২২ মে, ২০২২ তারিখ জাতীয় কার্যালয়ের উদ্যোগে ১ম ধাপের ওয়ারেন্ট গাইডার ওরিয়েন্টেশন কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে রাজধানী অঞ্চল হতে ৪ জন গাইডার অংশগ্রহণ করেন।

**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণ :** ২২ হতে ২৬ মে, ২০২২ পর্যন্ত পাঁচদিন ব্যাপী কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে হলদে পাখি গাইডার মৌলিক প্রশিক্ষণ আঞ্চলিক কার্যালয়, গাইড হাউজ, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে মোট ৪০ জন শিক্ষিকা প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা শিক্ষা অফিসার আব্দুল মজিদ। সম্মানিত অতিথি ছিলেন বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জেনারেল সেক্রেটারী তানজিনা বিনতে মোশাররফ। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম। এছাড়াও আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যগণ, জেলা কমিশনারসহ অন্যান্য গাইড সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।



প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন ঢাকা জেলার জেলা শিক্ষা অফিসার জনাব মো: আব্দুল মজিদ



প্রশিক্ষণে সেশন দেন রাজধানী অঞ্চলের ট্রেইনার মোসা: কামরুন নাহার ও তিথি দে



হলদে পাখি গাইডার মৌলিক প্রশিক্ষণে প্রশিক্ষণরত মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষিকাবৃন্দ



হলদে পাখি গাইডার মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের হাতে সার্টিফিকেট তুলে দেন ঢাকা জেলার জেলা শিক্ষা অফিসার মো: আব্দুল মজিদ

৩১ মে, ২০২২ বিশ্ব তামাকমুক্ত দিবস উদ্‌যাপন উপলক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ এর উদ্যোগে কেন্দ্রীয় শহীদ মিনার এলাকা হতে সচেতনতামূলক সীমিত র‍্যালি ও ব্যানার প্রদর্শন কর্মসূচি পালিত হয়। কর্মসূচিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল হতে ৫১ জন রেঞ্জার অংশগ্রহণ করে এবং সার্বিক দায়িত্বে ছিলেন রাজধানী অঞ্চলের ট্রেইনার মোসা: কামরুন নাহার ও তিথি দে।

বিশ্ব তামাকমুক্ত দিবস উদ্‌যাপন উপলক্ষে কেন্দ্রীয় শহীদ মিনার এলাকা হতে সচেতনতামূলক র‍্যালি ও ব্যানার প্রদর্শন কর্মসূচিতে রাজধানী অঞ্চল হতে অংশগ্রহণকারী রেঞ্জারদের একাংশ

৩১ মে, ২০২২ বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষে বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তন ঢাকায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বেগম ফজিলাতুন নেসা, এম.পি। বিশেষ অতিথি ছিলেন বিশিষ্ট কথা সাহিত্যিক ড. জাফর ইকবাল এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ড. মো: মশিউর রহমান। কর্মসূচিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল হতে ৫১ জন রেঞ্জার সার্ভিস প্রদান করে।

৩১ মে, ২০২২ মাদকদ্রব্য ও নেশা নিরোধ সংস্থা (মানস) এর উদ্যোগে ঢাকা রিপোর্টার্স ইউনিটের নসরুল হামিদ মিলনায়তনে সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি জাতীয় অধ্যাপক ডা. এ কে আজাদ খান। সভায় উপস্থিত ছিলেন আঞ্চলিক কোষাধ্যক্ষ মোসা: খায়রুন নাহার (শিল্পী)।

**দীক্ষা দান :** ১৮ মে, ২০২২ মোহাম্মদপুর কমার্শিয়াল ইনস্টিটিউট সরকারি মাধ্যমিক বিদ্যালয়, ঢাকায় ১৩০ জন গাইড দীক্ষা গ্রহণ করে। পরীক্ষা গ্রহণ করেন ট্রেইনার তিথি দে। দীক্ষা দান করেন হলদে পাখি কমিশনার ও অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক বেলা রাণী সরকার।




দীক্ষা দান অনুষ্ঠানে গাইডদের সালাম গ্রহণ করেন হলদে পাখি কমিশনার বেলা রাণী সরকার

মোহাম্মদপুর কমার্শিয়াল ইনস্টিটিউট সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের গাইডদের দীক্ষা দান অনুষ্ঠানে গাইডদের সালাম গ্রহণ করেন বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের হলদে পাখি কমিশনার ও অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক বেলা রাণী সরকার।

২৫ মে, ২০২২ শহীদ বীর উত্তম লে: আনোয়ার গার্লস কলেজ, ঢাকায় ৩৫০ জন হলদে পাখি, ৪০০ জন গাইড ও ২০০ জন রেঞ্জারের দীক্ষা দান কর্মসূচি অনুষ্ঠিত হয়। হলদে পাখি, গাইড ও রেঞ্জারের পরীক্ষা গ্রহণ করেন ওয়ারেন্ট গাইডার হোসনে আরা বেগম ও মাসুদা বেগম এবং দীক্ষা প্রদান করেন আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম, উত্তরা জেলা কমিশনার সাবৃনা রশিদ চৌধুরী। এছাড়াও অত্র প্রতিষ্ঠানের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, গাইডার সহ উত্তরা জেলা কোষাধ্যক্ষ আসমা বানু উপস্থিত ছিলেন।

ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।








রাজধানী অঞ্চলের আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম, উত্তরা জেলা কমিশনার সহ অন্য সদস্যদের সাথে শহীদ বীর উত্তম লে: আনোয়ার গার্লস কলেজের দীক্ষা দান গ্রহণকারী হলদে পাখি, গাইড ও রেঞ্জারদের একাংশ

**ওয়ারেন্ট গাইডার কোর্স প্রশিক্ষণ :** ৩১ মে হতে ৪ জুন, ২০২২ পর্যন্ত জাতীয় কার্যালয়ের উদ্যোগে ২য় ধাপের ওয়ারেন্ট গাইডার ওরিয়েন্টেশন কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে রাজধানী অঞ্চল হতে ৪জন গাইডার অংশগ্রহণ করেন।

**মাধ্যমিক বিদ্যালয়ে গাইডিং সম্প্রসারণ শীর্ষক সেমিনার :** ৪ জুন, ২০২২ গাইড অডিটোরিয়াম, গাইড হাউজ, ঢাকায় রাজধানী অঞ্চল আয়োজিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের নিয়ে গাইডিং সম্প্রসারণ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি ছিলেন কাজী জেবুন্নেছা বেগম। প্রধান আলোচক ছিলেন মো: শহীদুল ইসলাম, জেলা প্রশাসক, ঢাকা ও উপদেষ্টা, রাজধানী অঞ্চল। আলোচক ছিলেন মো: আব্দুল মজিদ, জেলা শিক্ষা অফিসার, ঢাকা। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম) প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ। সেমিনারে সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম। সেমিনারে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য, জেলা কমিশনারবৃন্দ ও অন্য গাইড সদস্যসহ ১২৫ জন সদস্য উপস্থিত ছিলেন।



প্রধান আলোচকের বক্তব্য দেন মো: শহীদুল ইসলাম, জেলা প্রশাসক, ঢাকা ও উপদেষ্টা, রাজধানী অঞ্চল



সেমিনারে প্রধান অতিথির বক্তব্য দেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম




আলোচক হিসেবে বক্তব্য দেন মো: আব্দুল মজিদ, জেলা শিক্ষা অফিসার, ঢাকা



সেমিনারে অংশগ্রহণকারীদের একাংশ

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস এর রচনা প্রতিযোগিতা





বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবসে অনুষ্ঠিত রচনা প্রতিযোগীতায় অংশগ্রহণকারীদের হাতে পুরষ্কার তুলে দেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে অনুষ্ঠিত রচনা প্রতিযোগীতায় অংশগ্রহণকারী হলদে পাখি, গাইড ও রেঞ্জারদের হাতে পুরষ্কার তুলে দেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম।

**বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে পরিবেশ মেলা :** ৫ হতে ১১ জুন, ২০২২ পর্যন্ত সপ্তাহব্যাপী পরিবেশ অধিদপ্তর কর্তৃক আয়োজিত ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার মাঠ শেরে-ই-বাংলা নগর ঢাকায় বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে পরিবেশ মেলা অনুষ্ঠিত হয়। মেলায় বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন এর নামে ১টি স্টল বিনামূল্যে বরাদ্দ দেওয়া হয়। পরিবেশ মেলায় স্টল পরিচালনার দায়িত্বে ছিলেন লালমাটিয়া মহিলা কলেজের রেঞ্জার ইসমেতোরা চামেলী সহ রেঞ্জাররা এবং সার্বিক দায়িত্বে ছিলেন ট্রেইনার মোসা: কামরুন নাহার।




পরিবেশ মেলার উদ্বোধনী দিনে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের স্টল পরিদর্শন করেছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মন্ত্রী মোঃ শাহাব উদ্দিন এম.পি.

১৫ জুন, ২০২২ ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা কার্যক্রমের ব্যাপক প্রচারের অংশ হিসেবে পরিকল্পনা কমিশন চত্বর, শেরে বাংলা নগর ঢাকা হতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো আয়োজিত বর্ণাঢ্য র‍্যালিতে গাইড ও রেঞ্জাররা অংশগ্রহণ করেন।

**পদ্মা বহুমুখী সেতু উদ্বোধন :** ১৫ জুন, ২০২২ জেলা প্রশাসকের কার্যালয় ঢাকার উদ্যোগে পদ্মা বহুমুখী সেতু উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় রাজধানী অঞ্চলের পক্ষে উপস্থিত ছিলেন আঞ্চলিক সেক্রেটারী রাজিয়া সুলতানা। ২৫ জুন, ২০২২ পদ্মা বহুমুখী সেতুর উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জেলা প্রশাসন ঢাকা পদ্মা বহুমুখী সেতুর উদ্বোধন উপলক্ষে ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যান ঢাকায় আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। অনুষ্ঠানের উদ্বোধন করেন মো: শহীদুল ইসলাম, জেলা প্রশাসক, ঢাকা। অনুষ্ঠানে রাজধানী অঞ্চল হতে রেঞ্জার ও গাইডার সহ ৬০ জন সদস্য অংশগ্রহণ করে এবং সার্বিক দায়িত্ব পালন করেন রাজধানী অঞ্চলের ট্রেইনার মোসা: কামরুন নাহার ও তিথি দে।



পরিবেশ মেলা চলাকালীন সময়ে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের স্টলে আসা দর্শনার্থীদের একাংশ



সোহরাওয়ার্দী উদ্যানে পদ্মা সেতুর উদ্বোধন অনুষ্ঠানে জেলা প্রশাসকের সাথে গাইড সদস্যবৃন্দ






জনশুমারি ও গৃহগণনা কার্যক্রমের র‍্যালিতে গাইড সদস্যদের অংশগ্রহণ

**মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন :** ২৬ জুন, ২০২২ ওসমানী স্মৃতি মিলনায়তন ঢাকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সুরক্ষা সেবা বিভাগ আয়োজিত মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উপলক্ষে মানববন্ধন ও র‍্যালিতে রাজধানী অঞ্চল হতে ৩০ জন রেঞ্জার অংশগ্রহণ করে। কর্মসূচির সার্বিক দায়িত্বে ছিলেন ট্রেইনার তিথি দে।




মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উপলক্ষে মানববন্ধন ও র‍্যালিতে অংশগ্রহণকারী রেঞ্জারদের একাংশ

**বাজেট ও প্রকিউরমেন্ট বিষয়ক প্রশিক্ষণ ও সেমিনার :** ২৭ জুন, ২০২২ জাতীয় কার্যালয় আয়োজিত গাইড অডিটোরিয়াম ঢাকায় বাজেট ও প্রকিউরমেন্ট বিষয়ক প্রশিক্ষণ ও সেমিনার অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ ও সেমিনারে আঞ্চলিক কমিশনার, জেলা কমিশনারবৃন্দ ও ট্রেইনার তিথি দে উপস্থিত ছিলেন।

**দীক্ষা দান :** ৬ জুন, ২০২২ মাইলাস্টেন কলেজ, দিয়াবাড়ী ক্যাম্পাস ঢাকায় ১০০ জন গাইড ও ২০ জন রেঞ্জারের পরীক্ষা গ্রহণ করেন ট্রেইনার তিথি দে। দীক্ষা প্রদান করেন উত্তরা জেলা কমিশনার সাবৃনা রশিদ ও ট্রেইনার তিথি দে।




মাইলাস্টেন কলেজে দীক্ষা দান অনুষ্ঠানে গাইড সদস্যদের পরীক্ষা গ্রহণ করছেন রাজধানী অঞ্চলের ট্রেইনার তিথি দে

## চট্টগ্রাম অঞ্চল

### জানুয়ারি হতে জুন, ২০২২ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

**জানুয়ারি**

**সমষ্টির সাথে সম্পর্ক :** ৩ জানুয়ারি, ২০২২ শিক্ষা প্রতিষ্ঠানে নতুন বছর এর "বই বিতরণ" কর্মসূচীতে গাইড ও রেঞ্জারবৃন্দ শৃঙ্খলার দায়িত্ব পালন করে।

**শিক্ষাশ্রয়ী কর্মসূচী : ৫ম জেলা গাইড ডে-ক্যাম্প, ২০২২ (বান্দরবান পার্বত্য জেলা) :** ৭ জানুয়ারি, ২০২২ "এসো স্ব মহিমায় উজ্জ্বল হই" মর্মবাণীকে সামনে রেখে বান্দরবান পার্বত্য জেলার উদ্যোগে বান্দরবান কালেক্টরেট স্কুল এন্ড কলেজ মাঠে ৫ম জেলা গাইড ডে-ক্যাম্প অনুষ্ঠিত হয়।

**সদস্যা সংখ্যা ও সদস্যতার মান, দীক্ষা দান :** ১৮ জানুয়ারি, ২০২২ চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ, চট্টগ্রাম এর ৫০ জন হলদে পাখি, ১০০ জন গাইড, ৫০ জন রেঞ্জারকে দীক্ষা প্রদান করেন মোশফেকা আকতার চৌধুরী আঞ্চলিক সচিব এবং পরীক্ষা নেন ইসরাত জাহান শিল্পী ও শায়লা শাবরিন ট্রেইনার।

**প্রাতিষ্ঠানিক কাঠামো ও ব্যবস্থাপনা :** ১০ জানুয়ারি, ২০২২ চিটাগাং গ্রামার স্কুল এ ১২ হতে ১৭ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিট -১৯ টিকাদান কর্মসূচীতে ওমর গণি এম.ই.এস. কলেজ এর রেঞ্জার সদস্যরা সহযোগিতা প্রদান করে।

১২ জানুয়ারি, কুমিরা আবাসিক বালিকা স্কুল এন্ড কলেজ, সীতাকুন্ড উপজেলায় কোভিট ১৯ টিকাদান কর্মসূচীতে গাইড, রেঞ্জার এবং গাইড গাইডার, রেঞ্জার গাইডারসহ ৫০ জন অংশগ্রহণ করেন।

১৪ জানুয়ারি, ২০২২ চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ শীতবস্ত্র বিতরণ ও বৃক্ষরোপণ কর্মসূচী পালন করে। কর্মসূচীতে হলদে পাখি, গাইড, রেঞ্জার এবং গাইড গাইডার, রেঞ্জার গাইডারসহ ৫০জন অংশগ্রহণ করেন।

**ফেব্রুয়ারি**

**আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন :** ২১ ফেব্রুয়ারি, ২০২২ আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস চট্টগ্রাম অঞ্চলের আওতাধীন ৫ টি জেলায় যথাযোগ্য মর্যাদায় সকল গাইড সদস্যবৃন্দ পালন করেন।

**বিশ্ব চিন্তা দিবস :** 'Our World, Our Equal Future, The Environment and Gender Equality' ২০২২ প্রতিপাদ্য নিয়ে চট্টগ্রাম অঞ্চলের ৫টি জেলায় উদযাপন করা হয় বিশ্ব চিন্তা দিবস। আনোয়ারা উপজেলায় আনোয়ারা সরকারি মডেল উচ্চ বিদ্যালয়ে ১০ মার্চ, বিশ্ব চিন্তা দিবস পালিত হয়।

১০ ফেব্রুয়ারি "ইরামন ফাউন্ডেশন" এর সহযোগিতায় রাঙ্গামাটি গার্ল গাইডস্ এসোসিয়েশন এর পক্ষ থেকে কাবুক্যাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী এবং বয়স্কদের মাঝে কম্বল ও জ্যাকেট বিতরণ করা হয়।



কাবুক্যাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী
এবং বয়স্কদের মাঝে শীতবস্ত্র বিতরণ

২১ ফেব্রুয়ারি Covid Crushers,YESS Girls Movement National Task Force 2021–Team Bangladesh held from June to July 2021 the Art Competetion "আঁকো তোমার ইচ্ছে মতো" প্রতিযোগিতায় কক্সবাজার কে.জি. স্কুল এর হলদে পাখি সামিয়া

জান্নাত আরিবা প্রথম স্থান অধিকার করে।

২৩ ফেব্রুয়ারি সীতাকুন্ড উপজেলার স্থানীয় গার্ল গাইডস্ এসোসিয়েশন এর নব নির্বাচিত কমিটির সদস্যবৃন্দ উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, মোঃ শাহাদাত হোসেন এবং মাধ্যমিক শিক্ষা অফিসার এস মোস্তফা আলম সরকার, সীতাকুন্ড, মহোদয়দের ফুলেল শুভেচ্ছা জানান।

**গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ সীতাকুন্ড উপজেলা :** ২৬ ফেব্রুয়ারি হতে ৩ মার্চ, ২০২২ পর্যন্ত কারিগরী ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ কোর্স সীতাকুন্ড উপজেলার কুমিরা আবাসিক বালিকা স্কুল এন্ড কলেজে সম্পন্ন হয়। প্রশিক্ষণে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

**মার্চ**

৩ মার্চ, ২০২২ কুমিরা আবাসিক বালিকা স্কুল এন্ড কলেজ এর ৫০ জন রেঞ্জার এবং ১০০ জন গাইড দীক্ষা গ্রহণ করেন। দীক্ষা দান করেন নিরূপা দেওয়ান, আঞ্চলিক কমিশনার, চট্টগ্রাম অঞ্চল এবং পরীক্ষা গ্রহণ করেন ইসরাত জাহান শিল্পী, ট্রেইনার।

৩ মার্চ চট্টগ্রাম জেলার রাউজান উপজেলায় মহামুনি এংলোপালি উচ্চ বিদ্যালয় এর গাইড সদস্যবৃন্দ ৯ নং ইউনিয়ন পরিষদে গণটিকা কার্যক্রমে শৃঙ্খলার দায়িত্ব পালন করে।

৮ মার্চ, চট্টগ্রাম কোর্ট বিল্ডিং, জেলা প্রশাসক এর কার্যালয়ে স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে পূর্ব প্রস্তুতি মূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় আঞ্চলিক সচিব মোশফেকা আকতার চৌধুরী উপস্থিত ছিলেন। ৮ মার্চ, স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী ও মহান স্বাধীনতা দিবস উপলক্ষে উপ-কমিটির সভা চট্টগ্রাম জেলা প্রশাসক কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মোঃ আবু রায়হান দোলন, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সভায় ইসরাত জাহান শিল্পী, ট্রেইনার উপস্থিত ছিলেন।




আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে
আঞ্চলিক কমিশনার সহ গাইড সদস্যরা শোভাযাত্রায় অংশগ্রহণ করে

**আনোয়ারা উপজেলা :** ৬ হতে ১০ মার্চ, ২০২২ পর্যন্ত চট্টগ্রাম অঞ্চলে কারিগরী ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকদের গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ কোর্স আনোয়ারা উপজেলায় আনোয়ারা মডেল সরকারি উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে সরকারি প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান হতে ৩০ জন শিক্ষক এবং মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান হতে ১২ জন শিক্ষক মোট ৪২ জন অংশগ্রহণ করেন।

১০ মার্চ, আনোয়ারা সরকারি মডেল উচ্চ বিদ্যালয় এর ৫০ জন এবং আনোয়ারা বালিকা উচ্চ বিদ্যালয় এর ৫০ জন গাইড দীক্ষা গ্রহণ করেন। দীক্ষা দান করেন আঞ্চলিক কমিশনার নিরূপা দেওয়ান এবং পরীক্ষা গ্রহণ করেন শায়লা শাবরিন, ট্রেইনার।

১৭ মার্চ, ২০২২ জাতির পিতার জন্মদিবস চট্টগ্রাম অঞ্চলের আওতাধীন ৫ টি জেলায় গাইড সদস্যরা যথাযোগ্য মর্যাদায় পালন করে।

২৪ মার্চ, ২০২২ হাটহাজারী উপজেলার ফতেয়াবাদ সিটি কর্পোরেশন বালিকা স্কুল এন্ড কলেজ এর ১০০ জন গাইড এর পরীক্ষা ও দীক্ষা দান অনুষ্ঠিত হয়। পরীক্ষা ও দীক্ষা দান করেন শায়লা শাবরিন ট্রেইনার।

**মহান স্বাধীনতা দিবস পালন :** ২৬ মার্চ, ২০২২ মহান স্বাধীনতা ও সূবর্ণ জয়ন্তী উপলক্ষে চট্টগ্রাম জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় এম.এ.আজিজ স্টেডিয়ামে কুচকাওয়াজ অনুষ্ঠানে সেন্ট স্কলাসটিকা বালিকা স্কুল এন্ড কলেজ এর ২৬ জন হলদে পাখি, অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা স্কুল এন্ড কলেজ এর ২৭ জন গাইড, রহমানিয়া উচ্চ বিদ্যালয় এর ১২ জন গাইড, ডাঃ খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এর ৮ জন গাইড, ওমর গণি এম.ই.এস. কলেজ এর ৯ জন রেঞ্জার, মহিলা কলেজ এনায়েত বাজার হতে ৪ জন রেঞ্জার, হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ হতে ৪ জন রেঞ্জার, বিজ্ঞ পাখি গাইডার, গাইড গাইডার, রেঞ্জার গাইডার ৪ জন এবং অফিস স্টাফ ৩ জন সহ ১১১ জন অংশগ্রহন করে। এছাড়া অঞ্চলের পাঁচটি জেলা এবং উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন করা হয়।



স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী উপলক্ষে
অনুষ্ঠিত কুচকাওয়াজে গাইডদের অংশগ্রহণ

**৪৩ তম জাতীয় পরিষদ অধিবেশন :** ২৮ হতে ৩১ মার্চ, ২০২২ পর্যন্ত বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন এর ৪৩তম জাতীয় পরিষদ অধিবেশন সৈকত হোটেল, চট্টগ্রামে অনুষ্ঠিত হয়। কর্মসূচীতে চট্টগ্রাম অঞ্চলের ৫টি জেলা এবং উপজেলার ২১ জন গাইড সদস্য ও অফিস স্টাফ অংশগ্রহণ করেন।

**প্রশিক্ষণ :** গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ (সীতাকুন্ড উপজেলা) : ২৬ হতে ৩০ মার্চ, ২০২২ পর্যন্ত ২০২১-২০২২ অর্থবছরে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান, মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ কোর্স সীতাকুন্ড উপজেলার কুমিরা আবাসিক বালিকা স্কুল এন্ড কলেজে সম্পন্ন হয়। প্রশিক্ষণে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪০জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

১৭ মার্চ, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস চট্টগ্রাম অঞ্চলের আওতাধীন ৫টি জেলায় গাইড সদস্যরা যথাযোগ্য মর্যাদায় পালন করেন

২৪ মার্চ, হাটহাজারী উপজেলার ফতেয়াবাদ সিটি কর্পোরেশন বালিকা স্কুল এন্ড কলেজ এর ১০০জন গাইড এর পরীক্ষা ও দীক্ষা দান করেন শায়লা শাবরিন, ট্রেইনার।

**এপ্রিল**

**বিশ্ব স্বাস্থ্য দিবস পালন :** ৭ এপ্রিল, ২০২২ `Our Planet Our Health" "সুরক্ষিত বিশ্ব, নিশ্চিত স্বাস্থ্য" বিষয়কে সামনে রেখে চট্টগ্রাম জেনারেল হাসপাতাল, সিভিল সার্জন কার্যালয় হতে আন্দরকিল্লা মোড় পর্যন্ত বর্নাঢ্য র‍্যালী অনুষ্ঠিত হয়। কর্মসূচীতে ৫০ জন গাইড এবং ২ জন অফিস স্টাফ অংশগ্রহণ করেন।

**ফ্রি বিইং মি :** ৯ এপ্রিল, ২০২২ রাঙ্গামাটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ১০০ জন গাইড সদস্যদের ফ্রি বিইং মি প্রশিক্ষণ প্রদান করেন যুবানেত্রী ফাতেমা তুজ জোহরা, বীথি চাকমা-যুবানেত্রী এবং রেমি চাকমা-রেঞ্জার।

**গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ :** ৯ হতে ১৩ এপ্রিল, ২০২২ পর্যন্ত গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ সিটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রামে অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার (উপ-সচিব) এর সহযোগিতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত ১২ টি শিক্ষা প্রতিষ্ঠান হতে ১২ জন শিক্ষিকা এবং অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান হতে ১৮ জন শিক্ষিকা সহ ৩০ জন শিক্ষিকা গাইড গাইডার প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেন।

১৩ এপ্রিল, ২০২২ সিটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে, ফ্রি বিইং মি প্রশিক্ষণ কর্মসূচী অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ প্রদান করেন চট্টগ্রাম আঞ্চলিক রেঞ্জার কাউন্সিল এর চেয়ারম্যান ফাহমিদা আকতার আঁখি এবং রাইয়া চৌধুরী - রেঞ্জার,শৈল মুক্ত রেঞ্জার ইউনিট। কর্মসূচীতে ১০০ জন গাইড সদস্য অংশগ্রহণ করেন।

২০ এপ্রিল' ২০২২ সিটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ১০০ জন গাইডদের পরীক্ষা ও দীক্ষা দান কর্মসূচী পালন করা হয়। দীক্ষা দান করেন ইসরাত জাহান শিল্পী ট্রেইনার এবং পরীক্ষা গ্রহণ করেন মোছাঃ শায়লা শাবরিন ট্রেইনার।

**জাতীয় পুষ্টি সপ্তাহ :** ২৩ হতে ২৯ এপ্রিল, ২০২২ পর্যন্ত "সঠিক পুষ্টিতে সুস্থ জীবন" প্রতিপাদ্য বিষয়ে সিভিল সার্জন কার্যালয়, চট্টগ্রামে অনুষ্ঠিত হয়। কর্মসূচীতে ওমর গণি এম.ই.এস.কলেজ হতে ১০ জন, অপর্ণা চরণ সিটি কর্পোরেশন বালিকা স্কুল এন্ড কলেজ হতে ১০ জন এবং অফিস স্টাফ ২ জন সহ ২২ জন অংশগ্রহণ করেন।

২৭ এপ্রিল, ২০২২ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড এর চেয়ারম্যান এর সাথে সৌজন্য সাক্ষাত করেন আঞ্চলিক কমিশনার নিরূপা দেওয়ান, প্রফেসর রীতা দত্ত, স্থানীয় গাইড কমিশনার, চট্টগ্রাম জেলা সদর, আঞ্চলিক কোষাধ্যক্ষ চৌধুরী ফাহমী নাহিদা নাজনীন, ইসরাত জাহান শিল্পী এবং মোছাঃ শায়লা শাবরিন, ট্রেইনার।

২৮ এপ্রিল, ২০২২ আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ আঞ্চলিক গাইড ভবন পুনঃ নির্মান বিষয়ে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ অফিস সচিব মুহাম্মদ আনোয়ার পাশার সাথে সৌজন্য সাক্ষাত করেন।

**মে**

**জেলা কার্যনির্বাহী কমিটি গঠন :** ১৩ মে, ২০২২ চট্টগ্রাম জেলার জেলা কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়। ১৫ জন সদস্য বিশিষ্ট কমিটিতে জেলা গাইড কমিশনার, কোষাধ্যক্ষ এবং সচিব হিসেবে নির্বাচিত হন মোশফেকা আকতার চৌধুরী, সিনিয়র শিক্ষক, ডাঃ খাস্তগীর সরকারিবালিকা উচ্চ বিদ্যালয়, চম্পাকলি আইচন, সিটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, অর্পিতা চৌধুরী, শিক্ষক, চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়।

১৯ মে. ২০২২ চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নাছিরাবাদ, চট্টগ্রামে গাইডদের পরীক্ষা ও দীক্ষা দান অনুষ্ঠিত হয়। পরীক্ষা নেন মোছাঃ শায়লা শাবরিন এবং দীক্ষা দান করেন প্রফেসর রীতা দত্ত স্থানীয় গাইড কমিশনার, চট্টগ্রাম জেলা সদর।

২৩ মে, ২০২২ বাংলাদেশ মহিলা সমিতি বালিকা স্কুল এন্ড কলেজ, কোতোয়ালী, এর দিবা শাখার ১০০ জন হলদে পাখি, ১০০ জন গাইড এবং ৭০ জন রেঞ্জার এর পরীক্ষা ও দীক্ষা প্রদান করা হয়।

**জাতীয় শিক্ষা সপ্তাহ :** ২৪ মে, ২০২২ ডাঃ খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এ জাতীয় শিক্ষা সপ্তাহ এর জেলা পর্যায়ে শ্রেষ্ঠ গাইড, গাইডার, রেঞ্জার, রেঞ্জার গাইডার, গাইড দল, রেঞ্জার দল নির্বাচন কর্মসূচীর বিচারক এর দায়িত্ব পালন করেন প্রফেসর রীতা দত্ত এবং ট্রেইনার শায়লা শাবরিন।

**দীক্ষা দান :** ২৮ মে, ২০২২ বাংলাদেশ মহিলা সমিতি বালিকা স্কুল এন্ড কলেজ, কোতোয়ালী, (প্রাতঃ শাখা) এর ১০০ জন হলদে পাখি, ১০০ জন গাইডের পরীক্ষা ও দীক্ষা দান করেন জেলা গাইড কমিশনার মোশফেকা আকতার চৌধুরী। একই দিনে বৃক্ষরোপন কর্মসূচী বাস্তবায়ন করা হয়।

**হাটহাজারী উপজেলা :** ২৯ মে হতে ২ জুন, ২০২২ পর্যন্ত চট্টগ্রাম জেলার উদ্যোগে হাটহাজারী উপজেলায় " আলোর পানে, প্রাণের চলা" প্রতিপাদ্য বিষয়ে হাটহাজারী বালিকা বিদ্যালয় এন্ড কলেজে ৫ দিন ব্যাপী "গাইড গাইডার প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে ৩০ টি প্রতিষ্ঠান হতে ৪৪ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

**জুন**

**ত্রাণ সামগ্রী বিতরণ :** ৬ জুন, ২০২২ সীতাকুন্ড উপজেলায় অগ্নিদগ্ধ ৫০ টি পরিবারের মাঝে আঞ্চলিক তহবিল হতে ত্রানসামগ্রী প্রশাসন চট্টগ্রাম এর মাধ্যমে বিতরণ করা হয়।



সীতাকুন্ড উপজেলায় অগ্নিদগ্ধ পরিবারের মাঝে ত্রানসামগ্রী বিতরণ করা হয়

**বৃক্ষ রোপণ কর্মসূচী :** চট্টগ্রাম জেলার রাউজান উপজেলায় ৪৫ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে হলদে পাখি গাইডারবৃন্দের বিভিন্ন গাছের

চারা বিতরণ করেন রাউজান আর.আর.সরকারি প্রাথমিক বিদ্যালয় এর সহকারি প্রধান শিক্ষক অজিত কুমার বড়ুয়া। একই দিনে হাটহাজারী উপজেলায় ৪৫ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এর হলদে পাখি গাইডারবৃন্দদের হাতে বিভিন্ন রকমের গাছের চারা তুলে দেওয়া হয়।

৬ জুন, ২০২২ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর চেয়ারম্যান প্রফেসর মুস্তফা কামাল আকতারকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন প্রফেসর রীতা দত্ত, স্থানীয় গাইড কমিশনার, চট্টগ্রাম জেলা সদর।

**রাউজান উপজেলা :** ৬ জুন হতে ১০ জুন, ২০২২ পর্যন্ত রাউজান উপজেলায় গহিরা কলেজে ৫ দিন ব্যাপী "গাইড গাইডার প্রশিক্ষণ" কোর্স কর্মসূচী অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে ৩৫ টি শিক্ষা প্রতিষ্ঠান হতে ৫০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণ, হাটহাজারী উপজেলা : ২১ হতে ২৫ জুন, ২০২২ পর্যন্ত হাটহাজারী উপজেলায় হাটহাজারী বালিকা উচ্চ বিদ্যালয় এন্ড কলেজে ৫ দিন ব্যাপী প্রাথমিক বিদ্যালয়ে গাইডিং কার্যক্রম সম্প্রসারণ " বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণ" কর্মসূচী অনুষ্ঠিত হয়।

**রাউজান উপজেলা :** ২১ হতে ২৫ জুন, ২০২২ পর্যন্ত "প্রশিক্ষণ আমায় করবে সফল" রাউজান উপজেলায় রাউজান স্টেশন মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৫ দিন ব্যাপী প্রাথমিক বিদ্যালয়ে গাইডিং কার্যক্রম সম্প্রসারণ "বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণ" কর্মসূচী অনুষ্ঠিত হয়।

**সংহিসতা প্রতিরোধ বিষয়ে সেশন :** ২৬ জুন, ২০২২ হাটহাজারী বালিকা উচ্চ বিদ্যালয় এন্ড কলেজে শিশু পাচার, সেনিটেশন, ব্যক্তিগত স্বাস্থ্য পরিচ্ছন্নতা, শিশুর প্রতি সংহিসতা ও প্রতিরোধ বিষয়ে সেশন প্রদান করেন ইলু বড়ুয়া, সহকারি হেলথ্ ইন্সপেক্টর, সিভিল সার্জন অফিস, চট্টগ্রাম। কর্মসূচীতে ৪৫ জন সরকারি প্রাথমিক বিদ্যালয় এর শিক্ষিকা অংশগ্রহণ করেন।

২৬ জুন, ২০২২ রাউজান উপজেলায় রাউজান স্টেশন মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে জাতীয় শিশু দিবস, পুষ্টি সচেতনতা, ডেঙ্গু, পরিস্কার পরিচ্ছন্নতা, ট্রাফিক সচেতনতা বিষয়ে সেশন প্রদান করেন মাইন উদ্দিন, সাব-ইন্সপেক্টর, রাউজান থানা, কর্মসূচীতে রাউজান উপজেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে মোট ৪৫ জন অংশগ্রহণ করেন।




রাউজান স্টেশন মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ট্রাফিক সচেতনতা বিষয়ে সেশন প্রদান



গাইড গাইডার প্রশিক্ষণে অংশগ্রহণকারীবৃন্দ

## কুমিল্লা অঞ্চল

### জানুয়ারি হতে জুন ২০২২ মাস পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

**গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ :** ১৬ হতে ২০ জানুয়ারি, ২০২২ কুমিল্লা অঞ্চলের উদ্যোগে নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অডিটোরিয়ামে কুমিল্লা জেলার আদর্শ সদর উপজেলা ও লালমাই উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৪০ জন শিক্ষিকা নিয়ে ৫ দিনব্যাপী গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। ২০ জানুয়ারি গাইডারদের মাঝে সার্টিফিকেট বিতরণ ও সমাপনি অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রফেসর মো. আবদুস ছালাম, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা ও বিশেষ অতিথি ছিলেন ফারহানা হক, সদস্য আঞ্চলিক কার্যনির্বাহী কমিটি, কুমিল্লা অঞ্চল ও উপ-সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং মো ঃ ইউনুছ ফারুকী, জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা জেলা। আরো উপস্থিত ছিলেন আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার, কুমিল্লা অঞ্চল ও অবসরপ্রাপ্ত যুগ্ম সচিব। প্রশিক্ষণ পরিচালনা করেন ট্রেইনার নূরুন নাহার।



গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের মাঝে সনদ বিতরণ




গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ নিচ্ছেন অংশগ্রহণকারীবৃন্দ



গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণে অতিথিদের বক্তব্য প্রদান

**গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ :** ২ হতে ৬ ফেব্রুয়ারি, ২০২২ কুমিল্লা অঞ্চলের উদ্যোগে মুরাদনগর উপজেলা নুরুন্নাহার বালিকা উচ্চ বিদ্যালয়ে মুরাদনগর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষিকাদের ৫ দিনের মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। ৬ ফেব্রুয়ারি গাইডারদের মাঝে সার্টিফিকেট বিতরণ ও সমাপনি অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অভিষেক দাশ, উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর উপজেলা ও বিশেষ অতিথি ছিলেন মোঃ সফিউল আলম তালুকদার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুরাদনগর উপজেলা, কুমিল্লা। আরো উপস্থিত ছিলেন আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সদস্যবৃন্দ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সেলিনা আক্তার, আঞ্চলিক সেক্রেটারী, কুমিল্লা অঞ্চল ও সাবেক উপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুমিল্লা। প্রশিক্ষণ পরিচালনা করেন ট্রেইনার নূরুন নাহার।



গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণে প্রশিক্ষণরত অংশগ্রহণকারীবৃন্দ



গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণের সনদ বিতরণ অনুষ্ঠানে অতিথির বক্তব্য



গাইড গাইডার কোর্স প্রশিক্ষণ, মুরাদনগর উপজেলা

**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে ৫ দিনব্যাপী গাইড গাইডার কোর্স, লক্ষ্মীপুর জেলা :** ৬ হতে ১০ মার্চ, ২০২২ পর্যন্ত লক্ষ্মীপুর কলেজিয়েট উচ্চ বিদ্যালয়ে ৫ দিনব্যাপী গাইডাদের মৌলিক কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে লক্ষ্মীপুর জেলার বিভিন্ন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের

জরুরি মুহূর্তে পুলিশ, ফায়ার সার্ভিস অথবা এ্যাম্বুলেন্স
সেবার জন্য আপনার মোবাইল থেকে কল করুন
৯৯৯ (টোল ফ্রি)
ন্যাশনাল ইমার্জেন্সি সার্ভিস

৪০ জন গাইডার (শিক্ষিকা) অংশগ্রহণ করেন। সার্টিফিকেট ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোঃ আনোয়ার হোছাইন আকন্দ, জেলা প্রশাসক, লক্ষীপুর জেলা ও বিশেষ অতিথি ছিলেন মোঃ আব্দুল মতিন, জেলা শিক্ষা অফিসার, লক্ষীপুর জেলা। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার, কুমিল্লা অঞ্চল। প্রশিক্ষণটি পরিচালনা করেন ট্রেইনার নূরুন নাহার।




লক্ষ্মীপুর কলেজিয়েট উচ্চ বিদ্যালয়ে গাইড গাইডার কোর্স প্রশিক্ষণে অতিথির বক্তব্য

**ইবতেদায়ী শিক্ষা প্রতিষ্ঠানে ৫ দিনব্যাপী বিজ্ঞ পাখি কোর্স প্রশিক্ষণ :** ২০ হতে ২৪ মার্চ, ২০২২ পর্যন্ত বিজ্ঞ পাখিদের ৫ দিনব্যাপী মৌলিক প্রশিক্ষণ কুমিল্লা হাই স্কুলে অনুষ্ঠিত হয়। কুমিল্লা জেলার বিভিন্ন ইবতেদায়ী (মাদ্রাসা) শিক্ষা প্রতিষ্ঠানের ৪০ জন গাইডার প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। সার্টিফিকেট ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোঃ কামরুল হাসান, জেলা প্রশাসক, কুমিল্লা জেলা ও বিশেষ অতিথি ছিলেন মোঃ ইউনুছ ফারুকী, জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা জেলা। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন পাপড়ী বসু, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, কুমিল্লা অঞ্চল। প্রশিক্ষণ পরিচালনা করেন ট্রেইনার নূরুন নাহার।




বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা প্রশিক্ষণ নিচ্ছেন

মা ও নবজাতকের ধনুষ্টংকার রোগ
টিটি টিকাই করবে প্রতিরোধ

সময়মত টিটি টিকা দিন
মা ও শিশুর জীবন সুরক্ষিত করুন



কুমিল্লা হাইস্কুলে অনুষ্ঠিত ইবতেদায়ী শিক্ষা প্রতিষ্ঠানে হলদে পাখি গাইডার কোর্স প্রশিক্ষণে অংশগ্রহণকারীবৃন্দ

**গাইড গাইডার প্রশিক্ষণ :** ৫ হতে ৯ জুন, ২০২২ পর্যন্ত মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৫ দিনব্যাপী গাইড গাইডার প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। সমাপনী ও সার্টিফিকেট অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোসাঃ রাশেদা আক্তার, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), চাঁদপুর জেলা।

বিশেষ অতিথি ছিলেন প্রাণকৃষ্ণ দেবনাথ, জেলা শিক্ষা অফিসার (অতিরিক্ত দায়িত্ব), চাঁদপুর জেলা ও মো ঃ কামাল হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাঁদপুর সদর উপজেলা। অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন মোর্শেদা ইয়াসমিন, স্থানীয় গাইড কমিশনার ও প্রধান শিক্ষক, লেডী প্রতিমা মিত্র বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর। প্রশিক্ষণটি পরিচালনা করেন ট্রেইনার নূরুন নাহার।



গাইড গাইডার কোর্স প্রশিক্ষনে অংশগ্রহণকারীরা নট শিখার প্রশিক্ষণ নিচ্ছেন




গাইড গাইডার কোর্স প্রশিক্ষণ, মাতৃপিঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

# ঢাকা অঞ্চল

## জানুয়ারি হতে মার্চ ২০২২ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

### জানুয়ারি

১ জানুয়ারি, ২০২২ ঢাকা অঞ্চলের প্রতিটি জেলায় বই বিতরণ কর্মসূচি ও জানুয়ারি মাসে বিভিন্ন সময়ে কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদান কার্যক্রমে গার্ল গাইডস্ সদস্যরা সেবা প্রদান করেন।



শিবপুর পাইলট মডেল সরকারি উচ্চ বিদ্যালয় নরসিংদীতে শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ কর্মসূচিতে গাইদের সেবা প্রদান

৯ জানুয়ারি, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম) এর সভাপতিত্বে জাতীয় কার্যালয়ে আলোর ঝর্ণাধারা অনুষ্ঠান নিয়ে এক সভা হয়। সভায় ঢাকা অঞ্চলের আঞ্চলিক কমিশনার ও ট্রেইনারবৃন্দ অংশগ্রহণ করেন।

১২ জানুয়ারি, ২০২২ আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়। ২৫ ও ২৬ জানুয়ারি বাংলাদেশ টেলিভিশনে প্রচারের জন্য আলোর ঝর্ণাধারা অনুষ্ঠানের চিত্র ধারণ করা হয়।



সম্মিলিত গাইড-ডে ক্যাম্পে বক্তব্য দেন কানিজ মাহমুদা, অধ্যক্ষ সিদ্ধেশ্বরী গার্লস কলেজ



সম্মিলিত গাইড-ডে ক্যাম্পে তাঁবু জলসা অনুষ্ঠানে বাংলাদেশ ডায়াবেটিক সমিতি কনসালটেন্ট ড. বিশ্বজিৎ ভৌমিককে বরণ করে নেয় একজন গাইড বন্ধু

২য় দিন ঢাকা অঞ্চল আয়োজিত সম্মিলিত জেলার গাইড ডে ক্যাম্প ঢাকার সিদ্ধেশ্বরী গার্লস কলেজ মাঠে অনুষ্ঠিত হয়। ক্যাম্পে হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার, কমিশনার সদস্যসহ ৬০ জন অংশগ্রহণ করেন। ক্যাম্পে বিভিন্ন কর্মসূচির মধ্যে ফ্রি বিইং মি এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃক অগ্নি নির্বাপন সেশন প্রদান করা হয়।







সম্মিলিত গাইড-ডে ক্যাম্পে অগ্নি নির্বাপন সেশন নিচ্ছে গাইড ও রেঞ্জার বন্ধুরা

কনসালটেন্ট, বাংলাদেশ ডায়াবেটিক সমিতি, মাহমুদা কানিজ ফাতেমা, অধ্যক্ষ, সিদ্ধেশ্বরী গার্লস কলেজ। এছাড়া আরও উপস্থিত ছিলেন ঢাকা আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ। নরসিংদী জেলার জেলা কমিশনা, গাইড, রেঞ্জার, হলদে পাখি উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি বাংলাদেশ টেলিভিশন সরাসরি ধারন করে। ক্যাম্প ফায়ারের মাধ্যমে তাঁবু জলসা অনুষ্ঠিত হয়। ট্যাপস এর মাধ্যমে ক্যাম্পটি সমাপ্ত হয়।



ক্যাম্পে অগ্নি প্রজ্বলন



শিবপুর উপজেলায় দুস্তদের মাঝে শীত বস্ত্র বিতরণ

**শীতবস্ত্র বিতরণ :** জানুয়ারি, ২০২২ ঢাকা অঞ্চলের সকল জেলা এবং উপজেলায় দরিদ্র অসহায় দুঃস্থ মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

**ফেব্রুয়ারি**

**শীতবস্ত্র বিতরণ :** ৩ ফেব্রুয়ারি, মুন্সিগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলার মালখান উচ্চ বিদ্যালয়ে জেলা সিরাজদিখান উপজেলা গার্ল গাইডস্ এসোসিয়েশনের সাধারণ সম্পাদক জিনিয়া সরকারের পরিচালনায় শীতবস্ত্র বিতরণ করা হয়। কমিশনার শিউলি আক্তারের সভাপতিত্বে



সিরাজদিখান মুন্সিগঞ্জ জেলায় শীত বস্ত্র বিতরণ

মালখান উচ্চ বিদ্যালয়ের পরিচালনা কমিটি সদস্য সুবিদ চক্রবর্তী এবং মালখান উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মঞ্জুরুল আলম, সিরাজদিখান উপজেলা গার্ল গাইডস্ এসোসিয়েশনের স্থানীয় কমিশনার জেসমিন আক্তার ও সুলতানা প্রমুখ, কোষাধ্যক্ষ সিরাজদিখান উপজেলা গার্ল গাইডস্ এসোসিয়েশন।

মানিকগঞ্জ জেলার উদ্যোগে ৭ ফেব্রুয়ারি ঘিওর উপজেলার শহীদ স্মরনীকা উচ্চ বালিকা বিদ্যালয়ে শীতার্তদের মাঝে কম্বল বিতরন করা হয়।



তাবু বাসির অভিজ্ঞতা

সভাপতি মোছাঃ সাহারা খানম এর নেতৃত্বে ক্যাম্প পরিচালনা করেন ঢাকা অঞ্চলের ট্রেইনারবৃন্দ এবং সার্বিক কাজে সাহায্য করেন জেনারেল সেক্রেটারী তানজিনা বিনতে মোশাররফ ও জাতীয় কমিশনারের ব্যক্তিগত কর্মকর্তা মালেকা পারভীন লাকী।

**Tide Turners Plastic Challenge Badge প্রশিক্ষণ :** ২৯ জানুয়ারি, ২০২২ জাতীয় কার্যালয় আয়োজিত Tide Turners Plastic Challenge Badge প্রকল্পের প্রশিক্ষনে ঢাকা অঞ্চলের নরসিংদী, মুন্সিগঞ্জ, টাঙ্গাইল, গাজীপুর ও ঢাকা জেলা হতে ১৪ জন গাইড গাইডার প্রশিক্ষণ গ্রহণ করেন।




মানিকগঞ্জ জেলায় শীত বস্ত্র বিতরণ

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মানিকগঞ্জ জেলা গার্ল গাইডস্ এসোসিয়েশনের জেলা কমিশনার ও জেলা শিক্ষা অফিসার রেবেকা জাহান, সাধারণ সম্পাদক সালমা আক্তার শিলু, ঘিওর উপজেলা গার্ল গাইডস্ এসোসিয়েশনের স্থানীয় কমিশনার হাসিনা বেগম, উপজেলা মাধ্যমিক শিক্ষা একাডেমিক সুপারভাইজার, শহীদ স্মরনীকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং অন্যান্য গাইড সদস্যগণ।



দোহার উপজেলায় শীত বস্ত্র বিতরণ

দোহার উপজেলা গার্ল গাইডস্ এসোসিয়েশন বেগম আয়েশা পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ে দুঃস্থ মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুলসুম বেগম, অধ্যক্ষ, বেগম আয়েশা পাইলট উচ্চ বালিকা বিদ্যালয় ও স্থানীয় কমিশনার, দোহার উপজেলা, সাধারন সম্পাদক ইসরাত জাহান, কোষাধ্যক্ষ ফিরোজা আক্তার এবং অন্য গাইড সদস্যগন। ১৫ ফেব্রুয়ারি মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলা গার্ল গাইডস্ এসোসিয়েশন অসহায় ও দুস্থদের মাঝে শীতবস্ত্র বিতরন করে।



দৌলতপুর উপজেলায় শীত বস্ত্র বিতরণ

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোঃ ইমরুল হাসান, উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর উপজেলা ও মোঃ ইমদাদুর রহমান তালুকদার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দৌলতপুর উপজেলা। আয়েশা আক্তার, স্থানীয় গাইড কমিশনার, দৌলতপুর উপজেলা এবং দৌলতপুর উপজেলা গার্ল গাইডস্ এসোসিয়েশনের সদস্যগণ।

**বিশ্ব চিন্তা দিবস :** ২৬ ফেব্রুয়ারি, ২০২২ জাতীয় কার্যালয়ে অনুষ্ঠিত বিশ্ব চিন্তা দিবস অনুষ্ঠানে ঢাকা অঞ্চল হতে ঢাকা আঞ্চলিক কার্যনিবার্হী কমিটি সদস্য, হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার এবং ঢাকা অঞ্চলের কর্মকর্তা কর্মচারী সহ প্রায় ৫০ জন অংশগ্রহণ করেন।

**কার্যনিবাহী কমিটির সভা :** ২৬ ফেব্রুয়ারি ঢাকা আঞ্চলিক কার্যনিবাহী কমিটি সদস্যদের নিয়ে আঞ্চলিক সভা অনুষ্ঠিত হয়।

**আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন :** ২১ ফেব্রুয়ারি ঢাকা অঞ্চলের ১৩টি জেলায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়।



শিবপুর নরসিংদী জেলায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন

**বিশ্ব চিন্তা দিবস :** ২২ শে ফেব্রুয়ারি লর্ড ব্যাডেন পাওয়েল ও লেডী ওলেভ ব্যাডেন পাওয়েলের যুগ্ম জন্মদিন। ৫ মার্চ ঢাকা অঞ্চলের উদ্যোগে নারায়ণগঞ্জ জেলার নারায়নগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে বিশ্ব চিন্তা দিবস পালিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম। বিশেষ অতিথি ছিলেন নারায়নগঞ্জ জেলার অতিরিক্ত জেলা প্রশাসক শামীম বেপারী, ডেপুটি জাতীয় কমিশনার ড. ইয়াসমীন আহমেদ ও জেলা শিক্ষা অফিসার সাইফুল ইসলাম, নারায়ণগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক, জেলা কমিশনার ও আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ।



নারায়ণগঞ্জ জেলায় বিশ্ব চিন্তা দিবস পালন



কালিয়াকৈর উপজেলায় গাইডারদের প্রশিক্ষণ

অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন মোছা : সাহারা খানম, আঞ্চলিক কমিশনার, ঢাকা অঞ্চল। প্রধান অতিথি ও সম্মানীত অতিথিদেরকে ফুলেল শুভেচ্ছা ও গার্ড অব অনার প্রদান করে নারায়ণগঞ্জ জেলার গাইড, রেঞ্জার মেয়েরা। মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে বিশ্ব চিন্তা দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানে হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার, গাইড সদস্য, জেলা ও স্থানীয় কমিশনারগণ এবং ঢাকা অঞ্চলের কর্মকর্তা ও কর্মচারী সহ ১৫০ জন অংশগ্রহণ করেন। ট্যাপস এর মাধ্যমে অনুষ্ঠান সমাপ্ত করা হয়।

**মার্চ**

**গাইড গাইডার প্রশিক্ষণ :** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে ১২ হতে ১৬ মার্চ, ২০২২ পর্যন্ত ৫ দিন ব্যাপী স্বর্ণকলি উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জে গাইড গাইডার কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণে ৪০ টি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪০ জন গাইড গাইডার অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ পরিচালনা ও দীক্ষা প্রদান করেন নাজনীন ইসলাম, ট্রেইনার।



গাজীপুর জেলায় গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ



গাজীপুর জেলায় গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণে প্রশিক্ষণরত গাইডারবৃন্দ



বিশ্ব চিন্ত দিবস অনুষ্ঠানে জাতীয় কমিশনার ও অন্যান্য অতিথিবৃন্দ

প্রশিক্ষণের সমাপনী দিনে প্রধান অতিথি ছিলেন এস এম মোরশেদ, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ। বিশেষ অতিথি ছিলেন রওশন হায়দার, সদস্য, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটি, ঢাকা অঞ্চল ও মোঃ মাহে আলম প্রধান শিক্ষক, স্বর্ণকলি উচ্চ বিদ্যালয়।



কালিয়াকৈর উপজেলায় গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ

প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন রওশন হায়দার, সদস্য, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটি ঢাকা অঞ্চল। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মোসা ঃ নাসিমা খানম, জেলা কমিশনার, গোপালগঞ্জ জেলা। প্রশিক্ষণটি ট্যাপস এর মাধ্যমে শেষ করা হয়।

**গাইড গাইডার প্রশিক্ষণ :** ২০ হতে ২৪ মার্চ, ২০২২ পর্যন্ত ঢাকা অঞ্চল কর্তৃক আয়োজিত ৫ দিনব্যাপী কারিগরি ও মাদ্রাসার ইবতেদায়ী শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারনের উদ্দেশ্যে ঢাকা অঞ্চলের শরীয়তপুর জেলার তুলাসার গুরুদাস সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে বিজ্ঞ পাখি গাইডার প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে শরীয়তপুর জেলার বিভিন্ন উপজেলার কারিগরি মাদ্রাসা ও ইবতেদায়ী শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪০ জন মহিলা শিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করেন। সমাপনীতে প্রধান অতিথি ছিলেন মো: এমারত হোসেন মিয়া, প্রশিক্ষণার্থীদের মধ্যে সাটিফিকেট বিতরণ করেন জেলা শিক্ষা সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো: শহীদ হোসেন এবং জেলা সহকারী পরিদর্শক বি এম আসাদুল ইসলাম।



শরিয়তপুর জেলায় গাইড গাইডার প্রশিক্ষণ

প্রশিক্ষণে সহায়তা করেন জেলা সেক্রেটারী ও গাইডার নিলুফা আকতার, ৫ দিনব্যাপী প্রশিক্ষণটি পরিচালনা করেন ট্রেইনার তাছলিমা আক্তার।

**পরীক্ষা ও দীক্ষা :** ২১ মার্চ ২০২২ তারিখ শরীয়তপুর জেলার জাজিরা উপজেলার জাজিরা মোহর আলী পাইলট উচ্চ বিদ্যালয়ে ৪০ জন গাইডকে পরীক্ষা নিয়ে দীক্ষা প্রদান করেন ট্রেইনার তাছলিমা আক্তার।



জাজিরা মোহর আলী পাইলট উচ্চ বিদ্যালয়ে দীক্ষা দান অনুষ্ঠান

**পরিদর্শন :** ২২ মার্চ, ২০২২ শরীয়তপুর সদর উপজেলার পালং উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষক ও গাইডারদের সাথে মতবিনিময় করা হয়। প্রধান শিক্ষকের নিকট জেলা গার্ল গাইডস্ কার্যক্রম পরিচালনার জন্য একটি কক্ষ ব্যবহারের অনুমতি প্রদানের অনুরোধ জানান জেলা কমিশনার টিউলীজ রহমান সহ সকল সদস্যবৃন্দ। প্রধান শিক্ষক গাইড কার্যক্রম পরিচালনার জন্য সাময়িকভাবে একটি কক্ষ প্রদান করেন । পরবর্তীতে কক্ষ সংকুলান হলে একটি স্থায়ী কক্ষ প্রদান করবেন বলে প্রতিশ্রুতি দেন।

**গাইড গাইডার প্রশিক্ষণ :** গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে ২০ হতে ২৪ মার্চ, ২০২২ পর্যন্ত ফরিদপুর সদর উপজেলায় গাইড গাইডার প্রশিক্ষণ ফরিদপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে ৪০টি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪০ জন গাইড গাইডার অংশগ্রহণ করেন। প্রশিক্ষণটি পরিচালনা ও দীক্ষা দান করেন ট্রেইনার কাজী শামীমা।




মৌলিক প্রশিক্ষণ ফরিদপুর জেলা

প্রশিক্ষণের সমাপনী দিনে প্রধান অতিথি ছিলেন বিষ্ণু পদ ঘোষাল, জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর। বিশেষ অতিথি ছিলেন চন্দ্রশেখর দাস, প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), ফরিদপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সালাহ উদ্দিন আহমেদ শামীম, সহকারী পরিদর্শক, জেলা শিক্ষা অফিস, ফরিদপুর। প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন বিষ্ণু পদ ঘোষাল, জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর সদর, অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মোসাঃ রেহানা জাহান, জেলা কমিশনার, ফরিদপুর জেলা। প্রশিক্ষণটি ট্যাপস এর মাধ্যমে শেষ করা হয়।



মৌলিক প্রশিক্ষণ ফরিদপুর জেলা



করোনা ভাইরাস থেকে নিজেকে রক্ষা করতে হলে বাইরে যাওয়ার সময় অবশ্যই মাস্ক ব্যবহার করুন ও অন্যকেও মাস্ক ব্যবহার করতে উৎসাহিত করুন।



মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের মাঝে সনদ বিতরণ

**নারায়ণগঞ্জ জেলায় রুপগঞ্জ ও আড়াই হাজার উপজেলায় কমিটি গঠন:** ১০ মার্চ, ২০২২ জাতীয় কমিশনারের নির্দেশে নারায়ণগঞ্জ জেলার ২টি উপজেলা রুপগঞ্জ ও আড়াইহাজারে স্থানীয় গার্ল গাইডস্ কমিটি গঠন করা হয়। কমিটি গঠনের জন্য জেলা শিক্ষা অফিসার সফিকুল ইসলামের সহযোগিতায় রুপগঞ্জ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রফিক উদ্দিন, রুপগঞ্জ উপজেলায় ১টি উপজেলা গার্ল গাইডস্ কমিটি এবং আড়াইহাজার উপজেলার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কে. এম. আলমগীরের সহযোগিতায়, আড়াইহাজার উপজেলায় ১টি উপজেলা গার্ল গাইডস্ কমিটি গঠন করা হয়।

রোজার পরবর্তী সময়ে ২টি উপজেলায় গাইড গাইডার বেসিক কোর্স প্রশিক্ষনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং গার্ল গাইডস্ কোম্পানী বা দল খোলা ও গাইডিং কার্যক্রম সম্প্রসারণ করার প্রত্যাশা কমিটির সকলে ব্যক্ত করেন। রুপগঞ্জ ও আড়াইহাজার উপজেলা গার্ল গাইডস্ কমিটি গঠনে সার্বিক দায়িত্বে ছিলেন তাছলিমা আক্তার, ট্রেইনার ও কাজী শামীমা।



সাভার ক্যান্টনমেন্ট বালিক স্কুল এন্ড কলেজে দীক্ষা দান



সাভার ল্যাবরেটারি স্কুলে দীক্ষা দান

**৪৩ তম জাতীয় পরিষদ অধিবেশন :** ২৮ হতে ৩১ মার্চ, ২০২২ পর্যন্ত চট্টগ্রাম অঞ্চলে অনুষ্ঠিত ৪৩ তম জাতীয় পরিষদ অধিবেশনে ঢাকা অঞ্চল হতে আঞ্চলিক কমিশনারসহ ২৩ জন কাউন্সিলর অংশগ্রহণ করেন।

**বিজ্ঞ পাখি গাইডার প্রশিক্ষণ :** ২০ হতে ২৪ মার্চ, ২০২২ পর্যন্ত ঢাকা অঞ্চল আয়োজিত ৫ দিনব্যাপী কারিগরি ও মাদ্রাসার ইবতেদায়ী শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের উদ্দ্যেশ্যে ঢাকা অঞ্চলের শরীয়তপুর জেলার তুলাসার গুরুদাস সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে বিজ্ঞ পাখি গাইডার প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে জেলার বিভিন্ন উপজেলার কারিগরি মাদ্রাসা ও ইবতেদায়ী শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪০ জন মহিলা শিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করেন। সমাপনীতে প্রশিক্ষণার্থীদের মধ্যে সার্টিফিকেট বিতরণ করেন প্রধান অতিথি জেলা শিক্ষা অফিসার মো: এমারোত হোসেন মিয়া, শরীয়তপুর জেলা। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো: শহীদ হোসেন এবং জেলা সহকারী পরিদর্শক বি এম আসাদুল ইসলাম, শরীয়তপুর জেলা। প্রশিক্ষণে সহায়তা করেন জেলা সেক্রেটারী ও গাইডার নিলুফা আকতার, পালং উচ্চ বিদ্যালয়। ৫ দিনব্যাপী প্রশিক্ষণটি পরিচালনা করেন ট্রেইনার তাছলিমা আক্তার।

**পরীক্ষা ও দীক্ষা :** ২১ মার্চ, ২০২২ শরীয়তপুর জেলার জাজিরা উপজেলার জাজিরা মোহর আলী পাইলট উচ্চ বিদ্যালয়ে ৪০ জন গাইডকে পরীক্ষা নিয়ে দীক্ষা প্রদান করেন ট্রেইনার তাছলিমা আক্তার, ঢাকা অঞ্চল।

**সেমিনার :** ২৮ মে, ২০২২ রাজবাড়ি জেলার মাধ্যামক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে সেমিনার রাজবাড়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন হাবিবুর রহমান, জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী জেলা। উপস্থিত ছিলেন ঢাকা অঞ্চলের আঞ্চলিক ট্রেজারার রাহেলা খানম। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন রাজবাড়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক।




রাজবাড়ী জেলায় সেমিনার

**মানিকগঞ্জ জেলার মিটিং :** ২৫ মে, ২০২২ এস কে সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে মানিকগঞ্জ জেলার ৭টি উপজেলার স্থানীয় কমিশনারদের নিয়ে জেলা কমিশনারের সম্মতিতে সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত স্থানীয় কমিশনারগণ তাদের সমস্যার কথা তুলে ধরেন ।



সাভার ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজে হলদে পাখিদের দীক্ষা দান



সাভার উপজেলায় ইনভেস্টটিচার প্রশিক্ষণ



মর্নিং গ্লোরি স্কুলের দীক্ষাপ্রাপ্ত গাইড কোম্পানি, সাভার

**জুন**

৭ জুন, ২০২২ নারায়ণগঞ্জ জেলার নারায়ণগঞ্জ সরকারি মহিলা কলেজের ১৫০ জন রেঞ্জারকে দীক্ষা ও ব্যাজ প্রদান করা হয়। দীক্ষা দেন তাছলিমা আক্তার, ট্রেইনার।



১৩ হতে ১৫ জুন, ২০২২ পর্যন্ত নারায়ণগঞ্জ জেলার নারায়ণগঞ্জ সরকারি মহিলা কলেজের ১০৩ জন রেঞ্জার কে রেঞ্জার ইনভেস্টটিচার্স প্রশিক্ষণ প্রদান করা হয়। রেঞ্জারদের ব্যাজ পরান ট্রেইনার তাছলিমা আক্তার



ইনভেস্টিটিচার প্রশিক্ষণ, নারায়ণগঞ্জ



নারায়ণগঞ্জ জেলায় প্রশিক্ষণ শেষে রেঞ্জারদের সার্টিফিকেট প্রদান





সাভার মডেল কলেজে দীক্ষাপ্রাপ্ত রেঞ্জার

**রেঞ্জার গাইডার প্রশিক্ষণ :** ১২ হতে ১৬ জুন, ২০২২ পর্যন্ত ঢাকা অঞ্চল আয়োজিত ৫ দিনব্যাপী রেঞ্জার গাইডার প্রশিক্ষণ টাঙ্গাইল জেলার টাঙ্গাইল কালেক্টরেট বালিকা স্কুল এন্ড কলেজে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে টাঙ্গাইল জেলার বিভিন্ন উপজেলার ৩৫ টি কলেজ হতে ৩৫ জন মহিলা শিক্ষক অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের সমাপনী দিনে প্রধান অতিথি ছিলেন লায়লা খানম, জেলা কমিশনার ও জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল জেলা। বিশেষ অতিথি ছিলেন ঢাকা আঞ্চলিক কার্যালয় হতে কাজল ইসলাম ও রওশন আক্তার হায়দার, সদস্য, ঢাকা আঞ্চলিক কার্যনির্বাহী কমিটি। প্রশিক্ষণার্থীদের মধ্যে সার্টিফিকেট প্রদান করেন জেলা কমিশনার ও ঢাকা আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ। প্রশিক্ষণে সহায়তা করেন গাইড গাইডার জেসমিন আক্তার বর্না, বাঘিল কৃষ্ণকুমার উচ্চ বিদ্যালয়। ৫ দিনব্যাপী প্রশিক্ষণটি পরিচালনা ও দীক্ষা দান করেন কাজী শামীমা, ট্রেইনার।

## খুলনা অঞ্চল

### জানুয়ারি হতে এপ্রিল ২০২২ মাসের প্রতিবেদন

**শীতবস্ত্র বিতরণ কর্মসূচী :** খুলনা অঞ্চলের আয়োজনে ৫ জানুয়ারি, ২০২২ আঞ্জুমান আরা শিশু বিকাশ বিদ্যাপীঠে, প্রতিবন্ধী শিশুদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়। এসময়ে উপস্থিত ছিলেন লায়লা আরজুমান, সদর স্থানীয় কমিশনার, খুলনা মেঘলা আক্তার, খুলনা আঞ্চলিক রেঞ্জার গাইডার প্রতিনিধি ও রেঞ্জার গাইডার, শামসুননাহার খুলনা জেলা রেঞ্জার গাইডার প্রতিনিধি ও রেঞ্জার গাইডার, রওশন আরা অত্র প্রতিষ্ঠানের বিজ্ঞ পাখি। কর্মসূচীতে খুলনা জেলার বিভিন্ন কলেজের ১০ জন রেঞ্জার সার্ভিস প্রদান করে।





শীতবস্ত্র বিতরন, খামারপাড়া পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় শ্রীপুর, মাগুরা খুলনা অঞ্চল

**মাগুরা জেলা :** ২৯ জানুয়ারি শ্রীপুর মাগুরা খামারপাড়া পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ও দুস্থ মহিলাদের মাঝে কম্বল বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আবু আনছার নাজাত বিদ্যালয়ের পরিচালনা কমিটির সভাপতি। সভাপতিত্ব করেন প্রধান শিক্ষক মোহাম্মদ আরব। উপস্থিত ছিলেন মর্জিনা খাতুন, স্থানীয় কমিশনার ও সহ শিক্ষক অসীমা রাণী, রবিউল ইসলাম, রওনক জাহান ও হানিফা।

**গাইড গাইডার প্রশিক্ষণ, ঝিনাইদহ জেলা :** ৯ হতে ১৩ জানুয়ারি, ২০২২ পর্যন্ত ঝিনাইদহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে ৫ দিনের গাইড গাইডার প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে ২২ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। প্রশিক্ষনের সমাপনী দিনে উপস্থিত ছিলেন তাসলিমা আক্তার জেলা শিক্ষা কর্মকর্তা ও জেলা কমিশনার, ঝিনাইদহ জেলা, জয়া রাণী চন্দ্র, সদর স্থানীয় কমিশনার, লাবনী রাণী পোদ্দার প্রধান শিক্ষক ঝিনাইদহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় সালমা বেগম, জেলা সেক্রেটারী ও রেজিনা আহমেদ জেলা কোষাধ্যক্ষ। প্রশিক্ষণ পরিচালনা করেন খুলনা অঞ্চলের ট্রেইনার, নূরুন্নাহার, দীক্ষা দান, প্রশিক্ষণ সনদ প্রদান ও ট্যাপস্ এর মাধ্যমে প্রশিক্ষণের সমাপ্তি ঘোষনা করা হয়।

**চুয়াডাঙ্গা জেলা :** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে ১৬ হতে ২০ জানুয়ারি, ২০২২ পর্যন্ত, ঝিনুক মাধ্যমিক বালিকা বিদ্যালয় চুয়াডাঙ্গা প্রাঙ্গণে ৫ দিনব্যাপী গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে ৪০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের সমাপনী দিনে দীক্ষা দান ও প্রশিক্ষণ সনদ প্রদান করা হয়। এসময়ে উপস্থিত ছিলেন মোঃ আতাউর রহমান, জেলা শিক্ষা অফিসার, রেবেকা সুলতানা জেলা কমিশনার, দিলরুবা খুকুমনি স্থানীয় কমিশনার, চুয়াডাঙ্গা জেলা সদর। প্রশিক্ষণ পরিচালনা করেন খুলনা অঞ্চলের ট্রেনাইর শিরিন গুলশান আরা ।

**আলোর ঝর্নাধারা :** জাতীয় কার্যালয়ের আয়োজনে ২৩ জানুয়ারি, ২০২২ বিটিভির অনুষ্ঠান আলোর ঝর্নাধারা কর্মসূচী বাস্তবায়নের জন্য অনলাইনে

আয়োজিত সভায় খুলনা অঞ্চলের ট্রেনাইর শিরিন গুলশান আরা ও নূরুন্নাহার অংশগ্রহণ করেন।

**কমিশনার্স প্রশিক্ষণ, বাগেরহাট :** ২৪ হতে ২৬ জানুয়ারি, ২০২২ পর্যন্ত খুলনা অঞ্চল আয়োজিত ৩ দিনব্যাপী কমিশনার্স প্রশিক্ষণ কোর্স বাগেরহাট বহুমুখী কলেজিয়েট স্কুল প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের সমাপনী দিনে দীক্ষা দান ও প্রশিক্ষণ সনদ প্রদান করা হয়। এ সময়ে উপস্থিত ছিলেন ফারহানা আক্তার, জেলা কমিশনার, ঝিমি মন্ডল, সদর স্থানীয় কমিশনার, বাগেরহাট জেলা সদর। প্রশিক্ষণে সেশন প্রদান করেন ট্রেইনার শিরিন গুলশান আরা ও নূরুন্নাহার।

**গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ, নড়াইল জেলা :** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে ৩০ জানুয়ারি হতে ৩ ফেব্রুয়ারি ২২ পর্যন্ত নড়াইল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে ৫ দিনব্যাপী গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে ৪০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের সমাপনী দিনে দীক্ষা দান ও প্রশিক্ষণ সনদ প্রদান করা হয়। এ সময় উপস্থিত ছিলেন এস.এম ছায়েদুর রহমান জেলা শিক্ষা অফিসার, নড়াইল জেলা, আফরোজা আক্তার, জেলা কমিশনার, জাকির হোসেন শিকদার প্রধান শিক্ষক, নড়াইল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মহিতোষ কুমার দে প্রধান শিক্ষক নড়াইল সরকারি উচ্চ বিদ্যালয়, সুলতানা বেগম জেলা সেক্রেটারী।

**বিশুদ্ধ সুরে জাতীয় সংগীত প্রশিক্ষণ, যশোর জেলা :** ১৫ জানুয়ারি, ২০২২ যশোর জেলা সদরের আয়োজনে যশোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে বিশুদ্ধ সুরে জাতীয় সংগীত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। যশোর জেলার বিভিন্ন বালিকা বিদ্যালয়ের গাইড সদস্য অংশগ্রহণ করে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধান অতিথি, এ.কে এম গোলাম আযম, জেলা শিক্ষা অফিসার, বিশেষ অতিথি লায়লা শিরিন সুলতানা প্রধান শিক্ষক সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, যশোর, সুরাইয়া বেগম, কোষাধ্যক্ষ যশোর জেলা, সভাপতি মেহেরুন্নেছা, সদর স্থানীয় কমিশনার ও যশোর জেলা সদর কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ। সার্বিক ভাবে সহযোগিতা করেন চাঁদ সুলতানা জেলা সেক্রেটারী, যশোর জেলা।

**ফেব্রুয়ারি : আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সভা :** ১২ ফেব্রুয়ারি, ২০২২ খুলনা আঞ্চলিক কার্যালয়ে আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার নিভা রাণী পাঠক। কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

**বিশ্ব চিন্তা দিবসের Activity pack এ অংশগ্রহণ :** জাতীয় কার্যালয় আয়োজিত ১৬ ফেব্রুয়ারি বিশ্ব চিন্তা দিবসের Activity pack এর উপর সেশন প্রদান করা হয় Zoom Meeting এর মাধ্যমে। সেশনে অংশগ্রহণ করেন খুলনা অঞ্চলের রেঞ্জার ব্রততী রায় এবং ট্রেইনার নূরুন্নাহার।

**শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন : খুলনা অঞ্চল :** ২১ ফেব্রুয়ারি ২০২২ মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে খুলনা অঞ্চলের পক্ষ থেকে খুলনা জেলার রেঞ্জার, গাইড ও গাইডার, সদস্য ও খুলনা অঞ্চলের ট্রেইনার শিরিন গুলশান আরা ও নূরুন্নাহার খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় শহীদ মিনারে পুস্পস্তবক অর্পন করেন।



শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি অর্পন

**মাগুরা জেলা :** ২১ ফেব্রুয়ারি ২০২২ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃ ভাষা দিবসে শ্রীপুর কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রীপুর মাগুরার পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি অর্পন করা হয়। এ সময়ে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার নিউজাউল জান্নাহ, মর্জিনা খাতুন, স্থানীয় কমিশনার, পাপিয়া ফেরদৌস, কোষাধ্যক্ষ, অসীমা রাণী এবং গার্ল গাইডস্ সদস্যবৃন্দ।



আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শ্রীপুর কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলী অর্পন

**বিশ্ব চিন্তা দিবস উদ্‌যাপন : খুলনা অঞ্চল :** ২২ ফেব্রুয়ারি, ২০২২ রেলওয়ে মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা প্রাঙ্গণে বিশ্ব চিন্তা দিবস উদযাপন করা হয়। এসময়ে উপস্থিত ছিলেন খালেদা বেগম অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, লায়লা আরজুমান, সদর স্থানীয় কমিশনার, খুলনা, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ, বিজ্ঞ পাখি, গাইড গাইডার, রেঞ্জার গাইডার, হলদে পাখি, গাইড, রেঞ্জারসহ খুলনা অঞ্চলের ট্রেইনার। স্বাস্থ্যবিধি মেনে দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা, তিন শাখার প্রতিজ্ঞা নবায়ন, চাঁদা সংগ্রহ, সাংস্কৃতিক অনুষ্ঠান ও ট্যাপস এর মাধ্যমে বিশ্ব চিন্তা দিবস উদযাপন করা হয়।



চিন্তা দিবসে তহবিল সংগ্রহ

**মাগুরা জেলা :** ২২ ফেব্রুয়ারি ২০২২ মাগুরা উপজেলা প্রশাসনের সহযোগিতায় বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, শ্রীপুর, মাগুরায় বিশ্ব চিন্তা দিবস পালন করে। প্রধান অতিথি ছিলেন মাহমুদুল গণি শাহীন উপজেলা চেয়ারম্যান, শ্রীপুর, মাগুরা। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার লিউজাউল জান্নাহ, শ্রীপুর। বিশেষ অতিথি ছিলেন উপজেলা শিক্ষা অফিসার মোশারফ হোসেন, মশিউর রহমান চেয়ারম্যান সদর ইউনিয়ন, কুতুবুল্লাহ হোসেন মিয়া, চেয়ারম্যান শ্রীখোল ইউনিয়ন পরিষদ, শফিকুল ইসলাম প্রধান শিক্ষক শ্রীপুর সরকারি এম সি বিদ্যালয়, এ.বি.এ.ম রাকিবুল হাসান উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জীবন কুমার মন্ডল প্রধান শিক্ষক মহেশপুর মাধ্যমিক বিদ্যালয়, শচীন্দ্রনাথ ভৌমিক সভাপতি মাধ্যমিক বিদ্যালয়।

উপস্থিত ছিলেন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও গাইড। অনুষ্ঠানে চিন্তা দিবসের প্রতিপাদ্য বিষয় নিয়ে আলোচনা করা হয়।

**যশোর জেলা :** ২৮ ফেব্রুয়ারি, ২০২২ যশোর জেলার আয়োজনে ইসলামিয়া উচ্চ বালিকা বিদ্যালয়ে, বিশ্ব চিন্তা দিবস উদ্‌যাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এ.কে.এম গোলাম আযম, জেলা শিক্ষা অফিসার, যশোর, সভাপতি ছিলেন মেহেরুন্নেছা স্থানীয় কমিশনার। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন যশোর জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার, জেলা কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ। আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও ট্যাপস্ এর মাধ্যমে অনুষ্ঠান শেষ করা হয়।

**সৌজন্য সাক্ষাৎ মাগুরা জেলা :** ৩ ফেব্রুয়ারি, ২০২২ গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে ইয়াসিন কবীর, উপজেলা নির্বাহী অফিসার মাগুরা সদর ও আলমগীর কবীর জেলা শিক্ষা অফিসার মাগুরা সদরের সাথে জেলা কার্যনির্বাহী কমিটি মাগুরা সৌজন্য সাক্ষাৎ করেন এবং শুভেচ্ছা উপহার ও ম্যাগাজিন প্রদান করেন।



জেলা প্রশাসকের সাথে গাইড সদস্যদের সৌজন্য সাক্ষাত

**গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে সৌজন্য সাক্ষাৎ, মাগুরা জেলা :** ডঃ আশরাফুল আলম জেলা প্রশাসক মাগুরা এর সাথে ৪ মার্চ সৌজন্য সাক্ষাৎ ও শুভেচ্ছা উপহার ম্যাগাজিন প্রদান করেন মাগুরা জেলার পক্ষ থেকে জেলা কমিশনার লিপিকা সরকার, রিজিয়া বেগম। শ্রীপুর উপজেলার স্থানীয় কমিশনার মর্জিনা খাতুন এ সময় উপস্থিত ছিলেন।

**আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সভা :** ১২ ফেব্রুয়ারি, ২০২২ খুলনা গাইড হাউজে খুলনা আঞ্চলিক কার্যালয়ে আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার নিভা রাণী পাঠক।

**Free Being Me সেশন :** ২৭ ফেব্রুয়ারি খুলনা কলেজিয়েট গার্লস্ স্কুল এন্ড কে.সি.সি উইমেন্স কলেজে ২৫০ জন গাইড সদস্যকে Free





Free Being Me সেশন

২৭ মার্চ খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ২৫৭ জন গাইডকে দীক্ষা প্রদান করা হয়। দীক্ষা দান শেষে জাতীয় কার্যালয় থেকে প্রেরিত মাস্ক গাইড সদস্যদের মাঝে বিতরণ করা হয়।

**বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণ :** খুলনা অঞ্চল আয়োজিত মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষিকাদের নিয়ে ১৩ হতে ১৮ মার্চ, ২০২২ পর্যন্ত বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে খুলনা জেলার বিভিন্ন মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের ১৭ জন অংশগ্রহণ করেন।

**মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন :** ২৬ মার্চ খুলনা জেলা স্টেডিয়ামে মাঠে স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষে কুচকাওয়াজ ও ডিসপ্লে অনুষ্ঠিত হয়। খুলনা জেলা প্রশাসনের উদ্যোগে দিবসটি উদ্‌যাপন উপলক্ষে জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার ও ট্রেইনারসহ ৬৬ জন অংশগ্রহণ করেন।

৩০০ জন গাইড সদস্যদের Free Being Me সেশন প্রদান করে খুলনা অঞ্চলের রেঞ্জার ব্রততী রায় ও লাবনী জোয়ার্দার, সরকারি মহিলা কলেজ, খুলনা। সার্বিকভাবে সহযোগিতায় ছিলেন ট্রেইনার শিরিন গুলশান আরা ও নূরুন্নাহার।

**জাতীয় শিশু দিবস উদ্‌যাপন :** খুলনা অঞ্চলের খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সবুরণনেছা মাধ্যমিক বিদ্যালয়, বয়রা ডাক বিভাগীয় মাধ্যমিক বিদ্যালয়, খুলনা ১৭ মার্চ ২০২২ বঙ্গবন্ধুর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপন উপলক্ষে সূর্যোদয়ের সাথে জাতীয় পতাকা উত্তোলন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পার্ঘ্য অর্পন, চিত্রাংকণ ও রচনা প্রতিযোগিতা, শেখ রাসেল দেয়ালিকা উপস্থাপন, বিশেষ আলোচনা সভা, কেক কাটা ও মোনাজাতের আয়োজন এবং বিজয়ী হলদে পাখি, গাইডদের বই প্রদান করা হয়।



বঙ্গবন্ধুর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপন

**৪৩ তম জাতীয় পরিষদ অধিবেশন :** ২৯ ও ৩০ মার্চ, ২০২২ পর্যন্ত জাতীয় কার্যালয় আয়োজিত ৪৩ তম জাতীয় পরিষদ অধিবেশন এ খুলনা অঞ্চলের ২২ জন সদস্যসহ ট্রেইনার শিরিন গুলশান আরা অংশগ্রহণ করেন।

**এপ্রিল : আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা :** খুলনা অঞ্চলের আয়োজনে ১৮ এপ্রিল, ২০২২ খুলনা গাইড হাউজে আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার নিভা রাণী পাঠক। Zoom App এর মাধ্যমে জেলা কমিশনারদের সাথে সমন্বয় সভা করা হয়।

**ইফতার, ঈদবস্ত্র ও মাস্ক বিতরণ কর্মসূচী :** ২৫ এপ্রিল খুলনা অঞ্চলের আয়োজনে খুলনা গাইড হাউজ প্রাঙ্গণে দুঃস্থদের ইফতার, ঈদবস্ত্র ও জাতীয় কার্যালয় থেকে প্রাপ্ত মাস্ক বিতরণ করা হয়। কর্মসূচীতে উপস্থিত ছিলেন নিভা রাণী পাঠক, আঞ্চলিক কমিশনার, লায়লা আরজুমান সদর স্থানীয় কমিশনার, আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সদস্য মনোয়ারা বেগম, সাবিরা সুলতানা ফারহানা ফেরদৌস, সুন্দরবন কাজী জেসমিন আক্তার, লিলিমা খানম লিপি, শান্তি লতা বিশ্বাস, ট্রেইনার শিরিন গুলশান আরা, নূরুন্নাহার ও বিভিন্ন কলেজের রেঞ্জাররা।



গাইড হাউজ প্রাঙ্গণে দুঃস্থ মহিলা ও পুরুষদের মাঝে ইফতার, ঈদবস্ত্র বিতরণ

**আঞ্চলিক ও জেলা রেঞ্জার কমিটির সভা :** খুলনা গাইড প্রাঙ্গণে ২৬ এপ্রিল, ২০২২ আঞ্চলিক ও জেলা রেঞ্জার কমিটির সভা অনুষ্ঠিত হয়। আঞ্চলিক রেঞ্জার চেয়ারম্যান মিনা খাতুনের নেতৃত্বে সভা পরিচালিত হয়। জাতীয় কার্যালয় হতে প্রাপ্ত মাস্ক রেঞ্জারদের মাঝে বিতরণ করা হয়।

## ময়মনসিংহ অঞ্চল

### জানুয়ারি হতে জুন ২০২২ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

**শিক্ষাশ্রয়ী কর্মসূচী, বিশ্ব চিন্তা দিবস পালন :** লর্ড ব্যাডেন পাওয়েল ও লেডি ওলেভ ব্যাডেন পাওয়েল এর যুগ্ম জন্মদিবস উপলক্ষে ময়মনসিংহ অঞ্চল ২২ ফেব্রুয়ারি বিশ্ব চিন্তা দিবস মুসলিম গার্লস স্কুল এন্ড কলেজ, ময়মনসিংহে পালন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রফেসর গাজী হাসান কামাল, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড। বিশেষ অতিথি প্রফেসর কিরীট কুমার দত্ত, সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড। অতিথি মোহাম্মদ আলাউদ্দিন অধ্যক্ষ, মুসলিম গার্লস স্কুল এন্ড কলেজ। নাছিমা আক্তার, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার ও প্রধান শিক্ষক, বিদ্যাময়ী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার রওশন আরা খান।

**Free Being Me প্রকল্প :** ময়মনসিংহ অঞ্চল আয়োজিত Free Being Me প্রকল্প প্রশিক্ষণ ময়মনসিংহ ও জামালপুর জেলায় অনুষ্ঠিত হয়।

**ফেব্রুয়ারি**

**ময়মনসিংহ :** ২৫ ফেব্রুয়ারি, ২০২২ মহাকালী গার্লস স্কুল ও কলেজ, সদর, ময়মনসিংহ Free Being Me প্রকল্পের প্রশিক্ষণের আয়োজন করা হয়। ময়মনসিংহ জেলার ১৫০ জন গাইড ও রেঞ্জার অংশগ্রহণ করে। প্রশিক্ষণের পিয়ার লিডার ছিলেন হাদিয়া জাহান ভাবনা, রেঞ্জার, এবং সানজিদা আক্তার শামা, রেঞ্জার, মাদারগঞ্জ।



Free Being Me প্রকল্প বাস্তবায়ন

**জামালপুর :** ১ মার্চ, ২০২২ জামালপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে Free Being Me প্রকল্পের প্রশিক্ষণের আয়োজন করা হয়। জামালপুর জেলার ১৫০ জন গাইড ও রেঞ্জার অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের পিয়ার লিডার ছিলেন রেঞ্জার হাদিয়া জাহান ভাবনা এবং সানজিদা আক্তার শামা।

**মা ও শিশুর ব্যক্তিগত স্বাস্থ্য, পরিচ্ছন্নতা ও পুষ্টি সাধন বিষয়ক প্রশিক্ষণ :** ৩০ জুন, ২০২২ মা ও শিশুর ব্যক্তিগত স্বাস্থ্য, পরিচ্ছন্নতা ও পুষ্টি সাধন বিষয়ক প্রশিক্ষণ উদয়ন মহিলা সমিতি উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষনে ৪০ জন গাইড ও হলদে পাখি এবং তাদের অভিভাবক অংশগ্রহণ করেন। প্রশিক্ষক ছিলেন মেডিকেল অফিসার ডাঃ শিবলী রায়হান, সদর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ময়মনসিংহ।



মা ও শিশুর ব্যক্তিগত স্বাস্থ্য, পরিচ্ছন্নতা ও পুষ্টি সাধন বিষয়ক প্রশিক্ষণ



আঞ্চলিক কশিশনার সালাম গ্রহণ করছেন

প্রশিক্ষণে শিক্ষার্থীদের মা ও শিশুর ব্যক্তিগত স্বাস্থ্য, পরিচ্ছন্নতা ও পুষ্টি সাধন বিষয়ে আলোচনা হয়।

অনুষ্ঠান উদ্বোধন করেন রওশন আরা খান, আঞ্চলিক কমিশনার। এ সময় উপস্থিত ছিলেন আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যা, এসোসিয়েশনের কর্মকর্তা কর্মচারীবৃন্দ। ২৭ জুন, ২০২২ মুসলিম গার্লস স্কুল এন্ড কলেজে প্রাথমিক বিদ্যালয়ে হলদে পাখি সম্প্রসারণের লক্ষ্যে আঞ্চলিক পর্যায়ে হলদে পাখি কার্ণিভাল আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মোঃ আলাউদ্দিন, অধ্যক্ষ, মুসলিম গার্লস স্কুল এন্ড কলেজ।





আঞ্চলিক পর্যায়ে হলদে পাখি কার্ণিভাল

অতিথিবৃন্দ ও হলদে পাখিদের সমন্বয়ে ফেস্টুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করা হয়। হলদে পাখিদের নৌকা যাত্রার চ্যালেঞ্জের উপর ভিত্তি করে বিভিন্ন প্রোগ্রামের আয়োজন করা হয়। শেষে হলদে পাখিদের সমন্বয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

**প্রশিক্ষণ : গাইড গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ, ময়মনসিংহ সদর :** ২৯ জানুয়ারি হতে ২ ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত ময়মনসিংহ সদর আয়োজিত মহিলা সমিতি উদয়ন উচ্চ বিদ্যালয়ে ৫ দিন ব্যাপী গাইড গাইডার বেসিক কোর্স অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে ময়মনসিংহ সদর উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠান থেকে ৩৮ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণার্থীদের দীক্ষা ও সার্টিফিকেট প্রদান করেন রওশন আরা খান, আঞ্চলিক কমিশনার ট্যাপস্ এর মধ্য দিয়ে প্রশিক্ষণের সমাপ্তি ঘোষনা করা হয়। প্রশিক্ষণ পরিচালনা করেন ট্রেইনার, ইসতেয়ারা হোসেন।




গাইড গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণে অংশগ্রহণকারীবৃন্দ

**গাইডার মৌলিক প্রশিক্ষণ, জামালপুর ও শেরপুর জেলা :**

**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান :** ১১ হতে ১৫ এপ্রিল, ২০২২ পর্যন্ত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে জামালপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৫ দিন ব্যাপী গাইডার মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। শেরপুর ও জামালপুর জেলা গাইডার মৌলিক প্রশিক্ষণে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। প্রশিক্ষণ উদ্বোধন করেন প্রধান অতিথি, রওশন আরা খান, আঞ্চলিক কমিশনার। বিশেষ অতিথি, ছিলেন শামছুন্নাহার বেগম, সেক্রেটারী, মালেকা পারভীন, কোষাধ্যক্ষ, রাশেদা বেগম, জেলা কমিশনার, শেরপুর ও তামান্না সালেহীন, স্থানীয় কমিশনার জামালপুর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শেহনাজ হক চৌধুরী, জেলা কমিশনার, জামালপুর জেলা।



প্রশিক্ষণরত অংশগগ্রহণকারীবৃন্দ



প্রশিক্ষণ কার্যক্রম, জামালপুর ও শেরপুর

১৫ মে, সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন রওশন আরা খান, আঞ্চলিক কমিশনার, বিশেষ অতিথি ছিলেন মোঃ রেজুয়ান, জেলা শিক্ষা অফিসার, শেরপুর, মনিরা মুস্তারী ইভা, জেলা শিক্ষা অফিসার, জামালপুর, মোঃ চান মিঞা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শেরপুর, সদর, মোঃ ছানোয়ার হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালপুর। সভাপতিত্ব করেন শেহনাজ হক চৌধুরী, জেলা কমিশনার। প্রশিক্ষণার্থীদের মাঝে আঞ্চলিক কমিশনার সার্টিফিকেট বিতরণ করেন। ট্যাপসের মধ্য দিয়ে প্রশিক্ষনের সমাপ্তি ঘোষনা করা হয়।

**বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণ, ইবতেদায়ী শিক্ষা প্রতিষ্ঠান :** ২১ হতে ২৬ এপ্রিল, ২০২২ পর্যন্ত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে ময়মনসিংহ অঞ্চলে ৫ দিন ব্যাপী বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণ মহাকালী গার্লস স্কুল ও কলেজে অনুষ্ঠিত হয়। নেত্রকোনা ও ময়মনসিংহ জেলা ৪০ টি শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। প্রশিক্ষণ উদ্বোধন করেন প্রধান অতিথি রওশন আরা খান, আঞ্চলিক কমিশনার, বিশেষ অতিথি নাছিমা আক্তার, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার।




প্রশিক্ষণার্থীদের মাঝে ইউনিফর্ম বিতরণ করেন আঞ্চলিক কমিশনার



বিজ্ঞ পাখির দল প্রশিক্ষনে ষষ্ঠকের গান করছে

২৬ মে, সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন রফিকুল ইসলাম জেলা শিক্ষা অফিসার, ময়মনসিং জেলা, সভানেত্রী ছিলেন রওশন আরা খান, আঞ্চলিক কমিশনার। প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ ও ট্যাপসের মধ্য দিয়ে প্রশিক্ষনের সমাপ্তি ঘোষনা করা হয়।



সার্টিফিকেট বিতরণ বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণ, কারিগরি ও মাদ্রাসা

বিজ্ঞ পাখিদের ১ দিনের ওরিয়েন্টেশন, ময়মনসিংহ জেলা : ২২ জুন, ২২ ময়মনসিংহ জেলায় বিজ্ঞ পাখিদের ১ দিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। ময়মনসিংহ জেলার সদর ও বিভিন্ন উপজেলা হতে আগত ২৫টি প্রাথমিক বিদ্যালয়ের ৪৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।




বিজ্ঞ পাখিদের ১ দিনের ওরিয়েন্টেশন, ময়মনসিংহ

প্রধান অতিথি রফিকুল ইসলাম. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ জেলা, বিশেষ অতিথি জীবন আরা বেগম, উপজেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ সদর, শামছুন্নাহার বেগম, সাধারণ সম্পাদক। সভাপতির দায়িত্ব পালন করেন রওশন আরা খান, আঞ্চলিক কমিশনার। আঞ্চলিক অফিসের কর্মকর্তা ও কর্মচারীগণ এবং কার্য নির্বাহী কমিটির সদস্যাবৃন্দ উপস্থিত ছিলেন। ট্যাপসের মধ্য দিয়ে প্রশিক্ষণের সমাপ্তি।

**বিজ্ঞ পাখিদের মৌলিক প্রশিক্ষণ :** ২২ হতে ২৬ জুন, ২০২২ পর্যন্ত হলদে পাখি বিষয়ক কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে ময়মনসিংহ অঞ্চলের জেলা মহিলা ক্রীড়া সংস্থায় ৫ দিন ব্যাপী মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। ময়মনসিংহ জেলার সদর ও বিভিন্ন উপজেলা হতে আগত ২৫টি প্রাথমিক বিদ্যালয়ের ৪৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।




বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের সনদ প্রদান



মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা প্রশিক্ষণ শেষে সালাম প্রদর্শন করেন

প্রধান অতিথি ছিলেন পুলক কান্তি চক্রবর্তী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বিশেষ অতিথি মোঃ হারুন অর রশীদ, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ জেলা, সভানেত্রী রওশন আরা খান, আঞ্চলিক কমিশনার। প্রধান অতিথি প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন ও ট্যাপসের মধ্য দিয়ে প্রশিক্ষনের সমাপ্তি ঘোষনা করা হয়।

**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বিভাগের মত বিনিময় সভা, সেমিনার :** ২৩ মার্চ গাইডিং কার্যক্রম সম্প্রসারনের লক্ষ্যে ময়মনসিংহ অঞ্চলের মত বিনিময় সভা বিভাগীয় কমিশনারের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন মো: শফিকুর রেজা বিশ্বাস, বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ ও উপদেষ্টা, ময়মনসিংহ অঞ্চল। বিশেষ অতিথি মো: আনোয়ার হোসেন, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) ময়মনসিংহ বিভাগ, মো: রফিকুল ইসলাম, জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ জেলা। সভায় সভাপতিত্ব করেন রওশন আরা খান।



মত বিনিময় সভা

**অঞ্চল পর্যায়ে জেলা (কমিটি) ভিত্তিক সাংগঠনিক ওয়ার্কশপ :** ২১ জুন, ২০২২ হলদে পাখি কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে অঞ্চল পর্যায়ে সাংগঠনিক ওয়ার্কশপ এর আয়োজন করা হয়। অনুষ্ঠান মহিলা সমিতি উদয়ন স্কুলে। চার জেলা হতে জেলা কমিশনার, স্থানীয় কমিশনারসহ আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য, গাইডারবৃন্দ অংশগ্রহণ করেন। প্রধান অতিথি ছিলেন আঞ্চলিক কমিশনার রওশন আরা খান, বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত আঞ্চলিক কমিশনার নাছিমা আক্তার, অতিথি ছিলেন জিয়াউদ্দিন শাকিব, অধ্যক্ষ মহাকালী গার্লস স্কুল এন্ড কলেজ। সাংগঠনিক ওয়ার্কশপে প্রধান অতিথি ছিলেন মোঃ আনোয়ার হোসেন, বিভাগীয় উপ পরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ। বিশেষ অতিথি ছিলেন মোফাজ্জল হোসেন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার , ময়মনসিংহ, মো আবদুল্লাহ আল বাকী, উপজেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ সদর, নাছিমা আক্তার, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার। সভাপতির দায়িত্ব পালন করেন রওশন আরা খান সভায় প্রাথমিক বিদ্যালয়ের প্রধানগণ সহ, কার্যনির্বাহী কমিটির সদস্য, গাইড সদস্য ও অঞ্চলের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

ডেঙ্গু থেকে বাঁচার উপায় হলো, বাড়ির আঙ্গিনা বা ছাঁদে বৃষ্টির পানি জমতে না দেওয়া, বাগানের টবে বৃষ্টির পানি জমলে নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করুন। মনে রাখবেন আপনি সচেতন হলে ডেঙ্গু প্রতিরোধ করা যায়।




অঞ্চল পর্যায়ে জেলা ভিত্তিক সাংগঠনিক ওয়ার্কশপ


দীক্ষাপ্রাপ্ত গাইড কোম্পানি

**শীতবস্ত্র বিতরণ :** ১৫ জানুয়ারি, ২০২২ ময়মনসিংহ আঞ্চলিক কার্যালয় আয়োজিত নেত্রকোনা জেলার দূর্গাপুর উপজেলায় অসহায় ও দরিদ্রদের মাঝে ৭০টি কম্বল বিতরন করা হয়। উপস্থিত ছিলেন রওশন আরা খান আঞ্চলিক কমিশনার, হাবিবা রহমান, জেলা কমিশনার, নেএকোনা, নাছির খান, একাডেমিক সুপারভাইজার, দূর্গাপুর উপজেলা, বাসন্তী রানী দে, স্থানীয় কমিশনার দূর্গাপুর উপজেলা, শামছুন্নাহার বেগম আঞ্চলিক সেক্রেটারী, মালেকা পারভীন আঞ্চলিক কোসাধ্যক্ষ ও অফিস স্টাফ। এছাড়া অন্যান্য জেলা ও উপজেলা সমূহে শীতবস্ত্র বিতরন করা হয়।

**২১ ফেব্রুয়ারি উদযাপন :** আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ময়মনসিংহ অঞ্চলের গাইড, গাইডার ও কমিশনারগণ প্রভাত ফেরীর অংশগ্রহণ ও শহীদ মিনারে পুষ্প স্তবক অর্পনের মধ্যে দিয়ে শহীদের প্রতি বিনম্র শ্রদ্ধা প্রদর্শন করেন। অন্যান্য জেলা ও উপজেলা সমুহে যথাযথ নিয়মে আন্তজাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়।


শহীদ মিনারে পুষ্প স্তবক অর্পন



আর্ন্তজার্তিক নারী দিবস



শীতবস্ত্র বিতরণ

**৭ মার্চ উদযাপন :** বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চ এর ভাষণ গাইড এবং গাইডারদের সমন্বয়ে যথাযথ মর্যাদায় গাইড হাউজে পালন করা হয়।

**আন্তর্জাতিক নারী দিবস :** ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস। ঐ দিন হলদে পাখি, গাইড, গাইডার ও আঞ্চলিক কার্য্যনির্বাহী সদস্যদের সমন্বয়ে যথাযথ মর্যাদায় গাইড হাউজে আন্তর্জাতিক নারী দিবস পালন করা হয়। অন্যান্য জেলা ও উপজেলাসমুহে যথাযথ নিয়মে আন্তর্জাতিক নারী দিবস পালন করা হয়। সার্বিক সহযোগিতায় ছিলেন শামছুন্নাহার বেগম, আঞ্চলিক সেক্রেটারী।

**১৭ মার্চ উদযাপন :** বঙ্গবন্ধুর দিবস ও জাতীয় শিশু দিবস ১৭ মার্চ গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুলে যথাযথ মর্যাদায় পালন করা হয়। প্রধান অতিথি ছিলেন রওশন আরা খান, আঞ্চলিক কমিশনার। বিশেষ অতিথি ছিলেন নাছিমা আক্তার, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার। আন্‌জুমান আরা খান, প্রধান শিক্ষক, গভর্নমেন্ট ল্যাবরেটরী উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ। সভাপতি ছিলেন শামছুন্নাহার বেগম, আঞ্চলিক সেক্রেটারী। হলদে পাখি গাইড ও রেঞ্জারদের নিয়ে কেক কাটার মধ্য দিয়ে জাতির পিতার জন্ম দিবস পালন করা হয়।

**২৬ মার্চ উদযাপন :** স্বাধীনতা দিবসে ময়মনসিংহ অঞ্চলের গাইড এবং হলদে পাখিরা রফিক উদ্দিন ভূঁইয়া স্টেডিয়ামে মার্চ পাস্টে অংশ গ্রহণ করে। অন্যান্য জেলা ও উপজেলা সমুহে যথাযথ নিয়মে মহান স্বাধীনতা দিবস পালন করা হয়।

**ট্রাফিক সচেতনতামূলক প্রশিক্ষণ :** ২০ জুন, ২০২২ প্রাথমিক বিদ্যালয়ের হলদে পাখি কার্যক্রম সম্প্রসারনের লক্ষ্যে ট্রাফিক সচেতনতামূলক প্রশিক্ষণ ময়সনসিংহ জেলার মহাকালী গার্লস স্কুল ও কলেজে আয়োজন করা হয়। প্রশিক্ষনে অংশগ্রহণ করেন বিভিন্ন প্রতিষ্ঠানের হলদে পাখি, গাইড রেঞ্জার বোনেরা। প্রশিক্ষক ছিলেন মোঃ সালমান, সার্জেন্ট, ময়মনসিংহ।



ট্রাফিক সচেতনা মূলক প্রশিক্ষণে হলদে পাখি, গাইড ও রেঞ্জাররা প্রশিক্ষণ নিচ্ছে




ট্রাফিক সচেতনতামূলক প্রশিক্ষণ

**বৃক্ষরোপণ কর্মসূচী :** ২৩ জুন, ২০২২ ময়মনসিংহ অঞ্চল আয়োজিত বৃক্ষরোপণ কর্মসূচী, ২০২২ প্রিমিয়ার আইডিয়াল হাই স্কুল এন্ড কলেজ এর বিদ্যালয় প্রাংগনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন রফিকুল ইসলাম, জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ জেলা, বিশেষ অতিথি ছিলেন শামসুন্নাহার বেগম, সেক্রেটারী, চান মিয়া, প্রধান শিক্ষক, প্রিমিয়ার আইডিয়াল হাই স্কুল, সভানেত্রী রওশন আরা খান, আঞ্চলিক কমিশনার।

বৃক্ষরোপনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন প্রধান অতিথিসহ বিশেষ অতিথি, সাংবাদিক, গাইড সদস্যবৃন্দ কার্যনির্বাহী কমিটির সদস্য, হলদে পাখি, গাইড ও রেঞ্জার। বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত হলদে পাখি, গাইড, রেঞ্জারদের ফলদ, বনজ ও ঔষধি গাছ নিজ নিজ বিদ্যালয়ে প্রাঙ্গনে রোপন করার জন্য বিতরণ করা হয়।



বৃক্ষরোপন কর্মসূচিতে হলদে পাখিদের অংশগ্রহণ



বৃক্ষরোপন কর্মসূচিতে হলদে পাখিদের সাথে জেলা শিক্ষা কর্মকর্তা অংশ নেন

**পদ্মা সেতু উদ্বোধন উপলক্ষে আনন্দর‍্যালী :** পদ্মাসেতু উদ্বোধন উপলক্ষে ২৫ জুন আনন্দর‍্যালীতে ময়মনসিংহ অঞ্চল এর সকল জেলা ও উপজেলার হলদে পাখি, গাইড, রেঞ্জার , গাইডার ও কমিশনারবৃন্দ অংশগ্রহণ করেন।

## রাজশাহী অঞ্চল

### জানুয়ারি হতে জুন ২০২২ পর্যন্ত রাজশাহী অঞ্চলের কার্যক্রম



গাইড গাইডার প্রশিক্ষণ কোর্স

কারিগরি ও মাদ্রাসায় গাইড সম্প্রসারণের লক্ষ্যে ২৩ হতে ২৭ জানুয়ারি, ২০২২ নাটোর জেলায় ৪০ জন কারিগরি ও মাদ্রাসার শিক্ষকদের সমন্বয়ে গাইড গাইডার প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়।



গাইডদের দীক্ষা প্রদান

৭ ফেব্রুয়ারি, ২০২২ বাগমারা উপজেলায় ৫০ জন ও ২৭ ফেব্রুয়ারি বাঘা উপজেলায় ৫০ জন গাইডকে দীক্ষা প্রদান করা হয়।




বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের সনদ প্রদান



প্রশিক্ষণরত বিজ্ঞ পাখি

কারিগরি ও মাদ্রাসায় গাইড সম্প্রসারণের লক্ষে ১৩ হতে ১৭ ফেব্রুয়ারি ২০২২ রাজশাহী জেলায় মাদ্রাসার ইবতেদায়ী শাখা থেকে ৪০ জন শিক্ষিকার সমন্বয়ে বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।



চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী হলদে পাখি



শহীদ মিনারে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের পুষ্পস্তবক অর্পন

২১ ফেব্রুয়ারি, ২০২২ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে রাজশাহী অঞ্চলে পুষ্পস্তবক অর্পন, হলদে পাখি, গাইড, রেঞ্জারদের মাঝে চিত্রাংকন, কবিতা আবৃত্তি ও রচনা প্রতিযোগিতা, আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

২১ ফেব্রুয়ারি, ২০২২ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বিশেষ চাহিদা সম্পন্ন গাইড ছাত্রীরা শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন করেন।




বিশ্ব চিন্তা দিবসে তহবিল সংগ্রহ




বিশ্ব চিন্তা দিবসে হলদে পাখিদের প্রতিজ্ঞা নবায়ন

২২ ফেব্রুয়ারি, ২০২২ গাইড হাউজ, বিলসিমলা রাজশাহীতে বিশ্বচিন্তা দিবস পালিত হয়। বিশ্বের ১৫২টি দেশে এই দিনটিকে World Thinking Day হিসেবে পালন করা হয়।



শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠানে গাইড কোম্পানির মার্চ পাস্টে অংশগ্রহণ

৮ মার্চ, ২০২২ উপ আঞ্চলিক স্কুল মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি, রাজশাহী কর্তৃক আয়োজিত ৫০তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা হাজী মুহম্মদ মুহসীন সরকারি উচ্চ বিদ্যালয়, রাজশাহী মাঠে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে রাজশাহী অঞ্চলের পি.এন সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়-এর একটি গাইড দল মার্চ পাস্টে অংশ গ্রহণ করে।




আন্তর্জাতিক নারী দিবসের র‍্যালিতে রেঞ্জারদের অংশগ্রহণ

৮ মার্চ, ২০২২ রাজশাহী অঞ্চলের উদ্যোগে নারী দিবস উপলক্ষে গাইড, রেঞ্জার, গাইডার সদস্যদের অংশগ্রহণে র‍্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।



জাতীয় শিশু দিবসে একজন হলদে পাখির নৃত্য পরিবেশন




সাংস্কৃতিক প্রতিযোগীতায় অংশগ্রহণকারীদের মাঝে পুরস্কার বিতরণ

১৭ মার্চ, ২০২২ বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, রাজশাহী অঞ্চ-লের উদ্যোগে গাইড হাউজ, বিলসিমলায় জাতির পিতার জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে হলদে পাখিদের অংশগ্রহণে সাংস্কৃতিক প্রতিযোগিতা, যেমন: গান, নৃত্য, কবিতা আবৃত্তি, ছড়া ইত্যাদি অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে ১০০ জন হলদে পাখি অংশগ্রহণ করে।



গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ অংশগ্রহণকারী গাইডারবৃন্দ

২০ হতে ২৪ মার্চ, ২০২২ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইড সম্প্রসারণের লক্ষ্যে জয়পুরহাট জেলার বিভিন্ন উপজেলার ৪০ জন গাইডার এর সমন্বয়ে মুজিবুর রহমান ঢালী স্মৃতি মিলানায়তন, জয়পুরহাটে গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়।



৫ম গাইড ক্যাম্পে অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে অতিথির বক্তব্য প্রদান

২৯ মার্চ, ২০২২ রাজশাহী জেলার পুঠিয়া উপজেলায় ১ দিনের ৫ম গাইড ক্যাম্প অনুষ্ঠিত হয়। ক্যাম্পে গাইড, গাইডার, সদস্যসহ মোট ৩০০ জন অংশ গ্রহণ করেন।



রাজশাহী সরকারি মহিলা কলেজে ৩০ জন রেঞ্জার দীক্ষা গ্রহণ করে



বিভিন্ন চাহিদা সম্পন্ন শিশুদের মাঝে বন্ধুত্ব স্থাপন করা হয়

ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বিদ্যালয়, অফিসে, বাসাবাড়িতে বা বাড়ির ছাঁদে টবে টায়ার, ডাবের খোসা, প্লাস্টিকের পাত্রে পানি জমলে সাথে সাথে পরিষ্কার করুন। ৩ দিনে ১ দিন জমা পানি ফেলে দিন।



২ এপ্রিল, ২০২২ বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষে রাজশাহী জেলার পক্ষ থেকে হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার ও সদস্যগণ FWCA আনন্দধারা বিশেষ চাহিদাসম্পন্ন শিশু কিশোর কিশোরীদের শিক্ষা প্রতিষ্ঠান ও ভোকেশনাল ট্রেইনিং সেন্টার পরিদর্শন এবং অটিজম শিশু কিশোরীদের সাথে বন্ধুত্ব স্থাপন, উন্নত খাবার পরিবেশন করা হয়। ২ জন অটিজম কিশোরীকে গাইড সদস্য করা হয়। এই কার্যক্রমে রাজশাহী জেলা কমিশনার সাবরীনা শারমীন বনি উপস্থিত ছিলেন।



রাজশাহী শিক্ষা বোর্ড মডেল স্কুল ও কলেজের ২১ জন গাইডকে দীক্ষা প্রদান




দুঃস্থ ও অসহাদের মাঝে সহায়তা প্রদান

১৭ এপ্রিল রাজশাহী অঞ্চলের উদ্যোগে দু:স্থ ও অসহায় নারীদের মাঝে ঈদ বস্ত্র বিতরণ করা হয়।

২০ এপ্রিল পি.এন সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়-এর ২৪ জন হলদে পাখি দীক্ষা গ্রহণকরে।

২৪ মে, ২০২২ রাজশাহী আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা গাইড হাউজ, বিলসিমলায় অনুষ্ঠিতহয়।




মেট্রোপলিটন পুলিশ আয়োজিত শোভা যাত্রায় রাজশাহী কলেজের রেঞ্জারদের অংশগ্রহণ

২৯ মে, ২০২২ রাজশাহী মেট্রোপলিটন পুলিশ আয়োজিত International day of UN Peacekeepers ২০২২ উপলক্ষে শোভা যাত্রায় রাজশাহী কলেজের রেঞ্জারবৃন্দ অংশগ্রহণ করে।

**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে সেমিনার :**

৭ জুন, ২০২২ রাজশাহী অঞ্চলে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে রাজশাহী গাইড হাউজ, বিলসিমলায় সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন জি.এস.এম জাফর উল্লাহ এন ডি সি বিভাগীয় কমিশনার, রাজশাহী। বিশেষ অতিথি ছিলেন জয়া মারিয়া পেরেরা, অতিরিক্ত জেলা প্রশাসক, রাজশাহী। এছাড়া কমিশনার, গাইড সদস্য, ট্রেইনার, অধ্যক্ষ, প্রধান শিক্ষকসহ ৩৩ জন অংশগ্রহণ করেন।



গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে রাজশাহী গাইড হাউজ বিলসিমলায় সেমিনার অনুষ্ঠিত




জনশুমারি র‍্যালিতে রেঞ্জারদের অংশগ্রহণ

১৫ জুন, ২০২২ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আওতায় ৬ষ্ঠ জনশুমারী র‍্যালী রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে সি এন্ড বি মোড় পর্যন্ত অনুষ্ঠিত হয়। র‍্যালীতে ২০ জন রেঞ্জার অংশগ্রহণ করে।

১৯ জুন, ২০২২ রাজশাহী গাইড হাউজে আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়।



জাতীয় শিক্ষা সপ্তাহে শ্রেষ্ঠ রেঞ্জারের পুরস্কার গ্রহণ করেন মোসা: ইসরাত জাহান তামান্না



জাতীয় শিক্ষা সপ্তাহে শ্রেষ্ঠ রেঞ্জার গাইডারের পুরস্কার গ্রহণ করেন অধ্যাপক মোছা: রোজিনা আফরোজ

২২ জুন, ২০২২ জাতীয় শিক্ষা সপ্তাহে  জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ রেঞ্জার গাইডার হিসেবে রাজশাহী কলেজের সমাজবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক মোছা: রোজিনা আফরোজ ও শ্রেষ্ঠ রেঞ্জার হিসেবে রাজশাহী কলেজের শিক্ষার্থী মোসা: ইসরাত জাহান তামান্না নির্বাচিত হওয়ায় শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান তাদের হাতে পুরস্কার তুলে দেন।




২৫ জুন, ২০২২ পদ্মা সেতুর শুভ উদ্বোধন উপলক্ষে আনন্দ শোভা যাত্রায় রাজশাহী কলেজের রেঞ্জাররা অংশগ্রহণ করে

২৬ হতে ৩০ জুন, ২০২২ রাজশাহী জেলা গার্ল গাইডস্ এসোসিয়েশন আয়োজিত ৫ দিন ব্যাপী রেঞ্জার গাইডার প্রশিক্ষণ কোর্স রাজশাহী গাইড হাউজে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে রাজশাহী জেলার বিভিন্ন উপজেলা থেকে ৪০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। সমাপনী ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রফেসর মো: হাবিবুর রহমান, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী। বিশেষ অতিথি  ছিলেন সিরাজুম মুনিরা, আঞ্চলিক কমিশনার। সভাপতি ছিলেন সাবরীনা শারমিন বনি, গাইড জেলা কমিশনার।



রেঞ্জার গাইডার প্রশিক্ষণে অংশগ্রহণকারী গাইডারবৃন্দ




রেঞ্জার গাইডার প্রশিক্ষণে অংশগ্রহণকারী গাইডারবৃন্দের মাঝে সনদ প্রদান

# রংপুর অঞ্চল

## জানুয়ারি হতে জুন ২০২২ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

### জানুয়ারি

**বই বিতরণ উৎসব :** ১ জানুয়ারি, ২০২২ পঞ্চগড় সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ২৪ জন গাইড বই বিতরণ উৎসবে বিদ্যালয় শিক্ষকবৃন্দকে সহযোগীতা করে।

**ভাষা সৈনিক এর জন্মদিন উদযাপন :** ১৫/০১/২০২২ রংপুর নাগরিক কমিটি ও রংপুর চেম্বার অফ কমার্সের যৌথ উদ্যোগে ভাষা সৈনিক ও বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ আফজাল এর ৮৬ তম জন্মদিন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বেগম রোকেয়া মুক্ত ইউনিটের ৫ জন রেঞ্জার ভাষা সৈনিককে গার্ড অফ অনার ও ফুল দিয়ে শুভেচ্ছা জানায়।

**শীতবস্ত্র বিতরণ :** ১৩ জানুয়ারি, ২০২২ বদরগঞ্জ উপজেলা এসোসিয়েশন উপজেলা শিক্ষা অফিস প্রাঙ্গনে দরিদ্রদের মাঝে শীতবস্ত্র বিতরণ করে। এ সময় বদরগঞ্জ উপজেলার স্থানীয় কমিশনার শামীম আরা সহ কমিটির অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

**বিভাগীয় সদর দপ্তর উদ্বোধন :** ১৬ জানুয়ারি, ২০২২ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভার্চুয়ালি রংপুর বিভাগীয় সদর দপ্তর কমপ্লেক্স ভবনের উদ্বোধনে স্বেচ্ছাসেবক হিসেবে ২৫ জন রেঞ্জার ও ২ জন ট্রেইনার অংশগ্রহণ করেন।

**সভা :** ১৮ জানুয়ারি গণেশপুর আঞ্চলিক কার্যালয়ে আঞ্চলিক ও জেলা রেঞ্জার কাউন্সিলের সভা অনুষ্ঠিত হয়।

২৩ জানুয়ারি রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয় সভায় সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার ফরিদা ইয়াসমীন।

### ফেব্রুয়ারি

**শীতবস্ত্র বিতরণ :** ৯ ফেব্রুয়ারি নীলফামারী জেলা এসোসিয়েশন এম.পি. কর্তৃক বরাদ্দকৃত ১০০ পিস কম্বল দুস্থদের মাঝে বিতরণ করে। এ সময় উপস্থিত ছিলেন জেলা কমিশনার শাহের বানু সহ জেলা এসোসিয়েশনের সদস্যবৃন্দ।

**গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ :** ১৩ হতে ১৭ ফেব্রুয়ারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে পঞ্চগড় জেলায় ৫ দিনব্যাপী গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ পঞ্চগড় সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। ৩৬ টি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান থেকে মোট ৪০ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোঃ শাহীন আক্তার, জেলা শিক্ষা অফিসার, পঞ্চগড়। বিশেষ অতিথি ছিলেন মোঃ মাহমুদুল হক, পঞ্চগড় সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ওয়ালেদা বেগম, আঞ্চলিক কোষাধ্যক্ষ, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, রংপুর অঞ্চল।



গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ শেষে সনদ হাতে অংশগ্রহণকারীবৃন্দ

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে পঞ্চগড় জেলায় অনুষ্ঠিত গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ এর সমাপনী দিনে প্রধান অতিথি মোঃ শাহীন আক্তার, জেলা শিক্ষা অফিসারের সাথে সার্টিফিকেট হাতে প্রশিক্ষণার্থীবৃন্দ।

**গাইড নৈপুণ্যসূচক ব্যাজ পরীক্ষা :** ১৭ ফেব্রুয়ারি, ২০২২ পঞ্চগড় সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় গাইড কোম্পানী নৈপুণ্যসূচক ব্যাজ পরীক্ষায় অংশগ্রহণ করে। পরীক্ষক হিসেবে ছিলেন ওয়ালেদা বেগম, আঞ্চলিক কোষাধ্যক্ষ এবং আরেফা বেগম, জেলা কোষাধ্যক্ষ, পঞ্চগড় জেলা।



নৈপুণ্যসূচক ব্যাজ পরীক্ষায় অংশগ্রহণকারী পঞ্চগড় সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইডদল

**মহান আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস পালন :** ২১ ফেব্রুয়ারি, ২০২২ মহান আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস উপলক্ষে রংপুর অঞ্চলের আঞ্চলিক কমিশনার, আঞ্চলিক কোষাধ্যক্ষ, হলদে পাখি, গাইড, রেঞ্জার, ট্রেইনার সহ প্রায় ৫০ জন প্রভাতফেরীতে অংশগ্রহণ করে। প্রভাতফেরী শেষে রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের শহীদ মিনারে পুস্পস্তবক অর্পন করা হয়।



আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস উপলক্ষে শহীদ মিনারে পুস্পস্তবক অর্পন করেন আঞ্চলিক কমিশনার, ফরিদা ইয়াসমীন আঞ্চলিক কোষাধ্যক্ষ, ওয়ালেদা বেগম, হলদে পাখি, গাইড ও রেঞ্জার

রংপুর জেলার ওব্যাট স্কুলের গাইড দল বিদ্যালয়ের শহীদবেদীতে পুস্পস্তবক অর্পন করে। রংপুর জেলার সরকারি বেগম রোকেয়া কলেজ রেঞ্জার ইউনিট কলেজ প্রাঙ্গনে শহীদবেদীতে পুস্পস্তবক অর্পন করে।

**বিশ্ব চিন্তা দিবস উদ্‌যাপন :** ২২ ফেব্রুয়ারি, ২০২২ ঠাকুরগাঁও জেলা ও স্থানীয় এসোসিয়েশন প্রতিজ্ঞা নবায়ন, আলোচনা সভা ও চাঁদা সংগ্রহের মাধ্যমে বিশ্ব চিন্তা দিবস উদ্‌যাপন করে। জেলা ও স্থানীয় এসোসিয়েশনের সদস্যবৃন্দ এবং গাইড দল সহ অনুষ্ঠানে ৩০ জন উপস্থিত ছিলেন।




ঠাকুরগাঁও জেলা এসোসিয়েশন আয়োজিত বিশ্ব চিন্তাদিবস এর আলোচনা সভায় গাইডার ও গাইড

২৫ ফেব্রুয়ারি, নীলফামারী জেলা ও স্থানীয় এসোসিয়েশন কর্তৃক আয়োজিত "বিশ্ব চিন্তাদিবস ২০২২" নীলফামারী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়। গাইড মেয়েদের মধ্যে ভাগ্য পরীক্ষা, চোখ বেধে দৌড় ও ১০০ মিটার দৌড় অনুষ্ঠিত হয়। প্রতিযোগীতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

**মার্চ**

**প্রশিক্ষণ :** ২ হতে ৬ মার্চ, ২০২২ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে দিনাজপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৫ দিনব্যাপী গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। ১৩টি উপজেলার মোট ৪০টি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৪০ জন প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের সমাপনী ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোঃ রফিকুল ইসলাম, জেলা শিক্ষা অফিসার। বিশেষ অতিথি ছিলেন ফরিদা ইয়াসমীন, আঞ্চলিক কমিশনার, মোঃ মিরাজুল ইসলাম, মাধ্যমিক শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, ওয়ালেদা বেগম, আঞ্চলিক কোষাধ্যক্ষ, লায়লা হাসিনা বানু, প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), দিনাজপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়। সভাপতি ছিলেন মকসুদা পারভীন, জেলা কমিশনার। প্রশিক্ষণার্থীদের দীক্ষা প্রদান করেন ফরিদা ইয়াসমীন ও ওয়ালেদা বেগম।



কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে দিনাজপুর জেলায় গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণের উদ্বোধন করেন মকসুদা পারভীন, জেলা কমিশনার




দিনাজপুর জেলায় গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের হাতে সনদপত্র তুলে মোঃ রফিকুল ইসলাম, জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর জেলা




দিনাজপুর জেলায় গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণের নতুন দীক্ষাপ্রাপ্ত গাইডারবৃন্দ



ইবতেদায়ী শাখার বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণে টেন্ডাফুট গিরা শিখছে প্রশিক্ষণার্থীরা

১২ হতে ১৬ মার্চ, ২০২২ রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণ প্রকল্পের অধীনে ৫ দিনব্যাপী বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। রংপুর জেলার ৮ টি উপজেলা থেকে ৪০ টি মাদ্রাসার ইবতেদায়ী শাখার ৪০ জন সহকারী শিক্ষক প্রশিক্ষণটি গ্রহণ করেন। প্রশিক্ষণের সমাপনী ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোঃ আখতারুজ্জামান, উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা? বিশেষ অতিথি ছিলেন ফরিদা ইয়াসমীন, আঞ্চলিক কমিশনার, আরও উপস্থিত ছিলেন শাকিলা ইসলাম, প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ওয়ালেদা বেগম, আঞ্চলিক কোষাধ্যক্ষ, গুলনাহার বেগম, স্থানীয় কমিশনার। সভাপতি ছিলেন, মোছাঃ রোকসানা বেগম, জেলা কমিশনার, রংপুর জেলা। প্রশিক্ষণার্থীদের দীক্ষা প্রদান করেন ফরিদা ইয়াসমীন ও ওয়ালেদা বেগম।



বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের ষষ্ঠকের গান করা শেখানো হচ্ছে




বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্য দেন মোঃ আখতারুজ্জামান, উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল



ইবতেদায়ী শাখায় বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণের নতুন দীক্ষাপ্রাপ্ত গাইডারবৃন্দ

**দিনাজপুর শিক্ষা বোর্ড পরিদর্শন :** ৬ মার্চ, ২০২২ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর নতুন চেয়ারম্যান ও প্রফেসর মোঃ কামরুল ইসলাম ও সচিব প্রফেসর মোঃ জহির উদ্দীনকে ফুল, গাইড বার্তা ও মুজিব জন্ম শতবার্ষিকী স্মারক সংখ্যা দিয়ে অভিনন্দন জানান ফরিদা ইয়াসমীন ও ওয়ালেদা বেগম।



প্রশিক্ষণের সমাপনী দিনে প্রশিক্ষণার্থীদের ব্যাজ পরিয়ে দীক্ষা প্রদান করেন আঞ্চলিক কমিশনার ফরিদা ইয়াসমীন

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর নব নিযুক্ত সচিব মোঃ জহির উদ্দীন কে ফুল দিয়ে শুভেচ্ছা জানান আঞ্চলিক কমিশনার ফরিদা ইয়াসমীন

**বিশ্ব নারী দিবস :** ৮ মার্চ, ২০২২ "Break The Bias" এই শ্লোগান কে সামনে রেখে উদযাপন করা হয় বিশ্ব নারী দিবস। রংপুর অঞ্চল আয়োজিত র‌্যালীতে হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার, কমিশনার, ট্রেইনারসহ ১৫০ জন অংশগ্রহণ করেন।




"Break The Bias" এই প্রতিপাদ্য বিষয়ের সাথে সংহতি রেখে রংপুর অঞ্চলের বিশ্ব নারী দিবসের র‌্যালীতে অংশগ্রহণকারী রেঞ্জারবৃন্দ



৮ মার্চ বিশ্ব নারী দিবস পালনে অংশগ্রহণ করে হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার ও কমিশনারবৃন্দ

নীলফামারী জেলা এসোসিয়েশন আয়োজিত নারী দিবসের র‌্যালীতে গাইড, গাইডার ও কমিশনারবৃন্দ অংশগ্রহণ করে।




৮ মার্চ বিশ্ব নারী দিবস পালন করে নীলফামারী জেলা সদরের নীলফামারী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইড দল

**দীক্ষা :** ৮ মার্চ, ২০২২ রংপুর বেগম রোকেয়া সরকারি কলেজ এর ৫০ জন রেঞ্জারকে দীক্ষা প্রদান করেন ট্রেইনার সুমাইয়া তাবাস্‌সুম ও তানিয়া আমিন। এ সময়ে উপস্থিত ছিলেন সরকারি বেগম রোকেয়া কলেজ এর অধ্যক্ষ প্রফেসর চিন্ময় বাড়ই এবং রেঞ্জার গাইডার হাসিনা সুলতানা জাহান।




রংপুর বেগম রোকেয়া সরকারি কলেজের নতুন দীক্ষাপ্রাপ্ত রেঞ্জারবৃন্দ

**বিজ্ঞান সপ্তাহ :** ১৪ ও ১৫ মার্চ, ২০২২ দুদিনব্যাপী রংপুর টাউন হল প্রাঙ্গনে জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত ৪৩তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞানমেলা অনুষ্ঠিত হয়। মেলায় প্রতিপাদ্য বিষয় ছিল "স্মার্টফোনে আসক্ত, পড়াশোনার ক্ষতি"। বিজ্ঞান ও প্রযুক্তির উদ্ভাবনমূলক কাজে শিশু কিশোর ও তরুণদের মধ্যে আগ্রহ সৃষ্টি ও সুপ্ত প্রতিভা বিকাশের লক্ষ্য নিয়ে এই মেলা অনুষ্ঠিত হয়। মেলায় দি মিলেনিয়াম স্টারস্ স্কুল এন্ড কলেজ রেঞ্জার ইউনিটের রেঞ্জার জারিন তাসনিম দৃষ্টি প্রতিবন্ধি মানুষদের জন্য স্মার্ট চশমা উদ্ভাবন করে জেলা পর্যায় বিজয়ী হয়েছে।



করোনা ভাইরাস চলে গেলেও বাহিরের ধুলা-বালি থেকে নিজেকে রক্ষা করতে হলে বাইরে যাওয়ার সময় অবশ্যই মাস্ক ব্যবহার করুন ও অন্যকেও মাস্ক ব্যবহার করতে উৎসাহিত করুন।



৪৩ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞানমেলায় প্রকল্প প্রদর্শন প্রতিযোগীতায় জেলা পর্যায়ে বিজয়ী দি মিলেনিয়াম স্টারস্ স্কুল এন্ড কলেজ রেঞ্জার ইউনিটের রেঞ্জার জারিন তাসনিম প্রাপ্তি

**বঙ্গবন্ধুর জন্মদিন ও শিশু দিবস পালন :** ১৭ মার্চ, ২০২২ বঙ্গবন্ধুর জন্মদিন ও শিশু দিবস উপলক্ষে বঙ্গবন্ধুর মুর‌্যালে পুষ্পস্তবক অর্পন করেন রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইড দল ও আঞ্চলিক কোষাধ্যক্ষ, রংপুর অঞ্চল।

**বিশ্ব চিন্তা দিবস পালন :** ১৮ মার্চ, ২০২২ রংপুর অঞ্চলের উদ্যোগে "Our World Our Equal Future" এই প্রতিপাদ্যের উপর ভিত্তি করে রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে বিশ্ব চিন্তা দিবস পালিত হয়। হলদে পাখিদের চিত্রাংকনের বিষয় ছিল "প্লাষ্টিক বর্জ্যের যত্রতত্র ব্যবহারে বিপন্ন জীব বৈচিত্র"। গাইডদের কুইজের বিষয় ছিল "প্লাষ্টিক বর্জ্য ব্যস্থাপনা ও পরিবেশ রক্ষা" এবং রেঞ্জারদের রচনা প্রতিযোগীতার বিষয় ছিল "প্লাষ্টিক বর্জ্যের সঠিক ব্যবস্থানায় বিপন্ন পরিবেশ ও জীববৈচিত্র রক্ষায় রেঞ্জারদের ভূমিকা"। বিশ্ব চিন্তা দিবসে প্রধান অতিথি ছিলেন মোঃ আসিব আহসান, জেলা প্রশাসক, অনুষ্ঠানে অতিথীবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন জেলা শিক্ষা অফিসার মোছাঃ রোকসানা বেগম। সভাপতি ছিলেন ফরিদা ইয়াসমীন, কমিশনার। অনুষ্ঠানে প্রতিযোগীদের মাঝে পুরস্কার বিতরণের পর সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।




হলদে পাখি, গাইড ও রেঞ্জারদের প্রতিজ্ঞা নবায়ন



রেঞ্জারদের রচনা প্রতিযোগীতায় কালেক্টরেট স্কুল এন্ড কলেজের রেঞ্জার নিশাত তামান্না বিভা ১ম স্থান অর্জন করে পুরস্কার গ্রহণ করে



বিশ্ব চিন্তা দিবস এর প্রধান অতিথি মোঃ আসিব আহসান, জেলা প্রশাসক, রংপুর কে ফুলেল শভেচ্ছা জানায় রেঞ্জার মৌ আক্তার

**স্বাধীনতা দিবস :** ২৬ মার্চ, ২০২২ স্বাধীনতা দিবস উপলক্ষে রংপুর স্টেডিয়াম এ রংপুর সদরের ১৩টি প্রতিষ্ঠানের ৩৯০ জন গাইড ও ৩টি প্রতিষ্ঠানের ৭২ জন হলদে পাখি কুচকাওয়াজে অংশগ্রহণ করে। ডিসপ্লে তে রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইড দল ২য় ও হলদে পাখির ঝাঁক ৩য় স্থান অর্জন করে।



স্বাধীনতা দিবসের মার্চ পাস্টে অংশগ্রহণ করে রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের হলদে পাখির দল



স্বাধীনতা দিবসের মার্চ পাস্টে অংশগ্রহণ করে রংপুর সদরের সমাজকল্যাণ বিদ্যাবিথী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের গাইডউত্তর রেঞ্জারদল



স্বাধীনতা দিবসের মার্চ পাস্টে অংশগ্রহণ করে রংপুর সদরের সালেমা বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইড দল

আপনার শিশুকে নিয়মিত টিকা দিন

স্বাধীনতা দিবস উপলক্ষে রংপুর জেলার পীরগাছা উপজেলার পীরগাছা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের হলদে পাখির ঝাঁক জাতীয় সংগীত ও কুচকাওয়াজে ১ম স্থান অর্জন করে।



রংপুর জেলার পীরগাছা উপজেলার পীরগাছা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের হলদে পাখির ঝাঁক স্বাধীনতা দিবসের মার্চ পাস্টে অংশগ্রহণ করে

স্বাধীনতা দিবস উপলক্ষে ঠাকুরগাঁও জেলা সদরের কুচকাওয়াজে ঠাকুরগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইড দল ও হলদে পাখির ঝাঁক ১ম স্থান অর্জন করে এবং ডিসপ্লে তে গাইড দল ১ম স্থান অর্জন করে।

স্বাধীনতা দিবস উপলক্ষে কুড়িগ্রাম জেলা স্টেডিয়ামে কুড়িগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইড দল ডিসপ্লে তে ২য় স্থান পঞ্চগড় জেলা স্টেডিয়ামে পঞ্চগড় সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইড দল মার্চ পাস্টে ৩য় স্থান এবং পঞ্চগড় জেলার দেবীগঞ্জ উপজেলার দেবীগঞ্জ রিভার ভিউ বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইড দল মার্চ পাস্টে ২য় স্থান অর্জন করে।



স্বাধীনতা দিবসে মোঃ জহিরুল ইসলাম, জেলা প্রশাসক, পঞ্চগড়কে ফুল দিয়ে বরণ করছে পঞ্চগড় সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইড দল

**৪৩ তম জাতীয় পরিষদ অধিবেশনে অংশগ্রহণ :** ২৮ হতে ৩০ মার্চ, ২০২২ চট্টগ্রামের হোটেল সৈকতে অনুষ্ঠিত ৪৩ তম জাতীয় পরিষদ অধিবেশনে রংপুর অঞ্চলের কাউন্সিলর, রেঞ্জার, ট্রেইনারসহ ১৫ জন অংশগ্রহণ করেন।



৪৩ তম জাতীয় পরিষদ অধিবেশনের হেলথ ক্যাম্পে সার্ভিস দেয় রংপুর অঞ্চলের রেঞ্জার নিশাত তামান্না বিভা

**এপ্রিল**

**ফ্রি বিইং মি  সেশন :** ১৬ এপ্রিল, ২০২২ রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে রংপুর জেলা সদরের ১০ টি প্রতিষ্ঠানের ২০০ জন গাইড কে ২টি ব্যাচে ফ্রি বিইং মি  সেশন প্রদান করা হয়। সেশনে প্রশিক্ষক ছিলেন সুমাইয়া তাবাস্‌সুম, তানিয়া আমিন এবং লিডার মৌ আক্তার।




ফ্রি বিইং মি  সেশনে রংপুর জেলা সদরের গাইড দল

১৭ এপ্রিল রংপুর সদরের রংপুর সরকারি বেগম রোকেয়া কলেজে ৬টি প্রতিষ্ঠানের ৫০ জন রেঞ্জার কে  ফ্রি বিইং মি  সেশন প্রদান করে সুমাইয়া তাবাস্‌সুম ও লিডার মৌ আক্তার।




রংপুর সরকারি বেগম রোকেয়া কলেজ রেঞ্জার ইউনিটের রেঞ্জারদের ফ্রি বিইং মি  সেশনে অংশগ্রহণ

১৮ এপ্রিল, ২০২২ নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলার সৈয়দপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের ১৫০ জন গাইড কে ফ্রি বিইং মি সেশন প্রদান করে সুমাইয়া তাবাস্‌সুম, তানিয়া আমিন এবং লিডার মৌ আক্তার।



ফ্রি বিইং মি সেশনে সৈয়দপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইড দল

২০ এপ্রিল, ২০২২ দিনাজপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ১০০ জন গাইড কে ফ্রি বিইং মি সেশন প্রদান করা হয়।

**ঈদ উল ফিতরে দুঃস্থ শিক্ষার্থীদের মাঝে অর্থ বিতরণ কর্মসূচী :** ২১ এপ্রিল, ২০২২ রংপুর জেলার ১৪ টি দরিদ্র শিক্ষা প্রতিষ্ঠানের ১২০ জন দুঃস্থ শিক্ষার্থীদের মাঝে অর্থ বিতরণ করেন আঞ্চলিক কমিশনার ফরিদা ইয়াসমীন। উপস্থিত শিক্ষার্থীদের মাঝে জাতীয় কার্যালয় থেকে প্রেরিত BRAC এর মাস্ক বিতরণ করা হয়।

১৯ এপ্রিল, ২০২২ ঠাকুরগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ঠাকুরগাঁও জেলা সদরের ৫টি প্রতিষ্ঠানের ২৫০ জন গাইড কে ফ্রি বিইং মি  সেশন প্রদান করে সুমাইয়া তাবাস্‌সুম, তানিয়া আমিন এবং লিডার মৌ আক্তার।



করোনা ভাইরাস চলে গেলেও বাহিরের ধুলা-বালি থেকে নিজেকে রক্ষা করতে হলে বাইরে যাওয়ার সময় অবশ্যই মাস্ক ব্যবহার করুন ও অন্যকেও মাস্ক ব্যবহার করতে উৎসাহিত করুন।

ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বিদ্যালয়, অফিসে, বাসাবাড়িতে বা বাড়ির ছাঁদে টবে টায়ার, ডাবের খোসা, প্লাস্টিকের পাত্রে পানি জমলে সাথে সাথে পরিষ্কার করুন।
৩ দিনে ১ দিন জমা পানি ফেলে দিন।






ফ্রি বিইং মি সেশনে ঠাকুরগাঁও জেলা সদরের গাইড দল

২১ এপ্রিল, ২০২২ নীলফামারী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে ২০ জন দরিদ্র শিক্ষার্থী ও ২০ জন দুঃস্থ মানুষের মাঝে অর্থ ও পণ্যসামগ্রী বিতরণ করা হয়। এ সময় জেলা কমিশনার শাহের বানু সহ জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।



রংপুর আঞ্চলিক তহবিলের সহায়তায় নীলফামারী জেলা এসোসিয়েশন দরিদ্র শিক্ষার্থী ও দঃস্থ মানুষের মাঝে আর্থিক সহায়তা ও খাদ্য সামগ্রী বিতরণ করা হয়

৩০ এপ্রিল, ২০২২ দিনাজপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে দুঃস্থ শিক্ষার্থী ও দরিদ্র মানুষের মাঝে অর্থ বিতরণ করা হয়।

## সিলেট অঞ্চল

**বিশ্ব চিন্তা দিবস :** ২২ ফেব্রুয়ারি, ২০২২ লেডি ব্যাডেন পাওয়েল এর জন্মদিন উপলক্ষে সিলেট অঞ্চল বিশ্ব চিন্তা দিবস অনুষ্ঠানের আয়োজন করে গাইড হাউজ সিলেট প্রাঙ্গনে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার বাবলী পুরকায়স্থ। প্রতিজ্ঞা নবায়ন, চিন্তা দিবসের বাণী পাঠ, চিন্তা দিবসের চাঁদা প্রদান, সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে সিলেট অঞ্চলের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রায় ১০০ জন, হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার অংশগ্রহণ করেন। এছাড়া আঞ্চলিক ও জেলা কমিটির সদস্যাগণও উপস্থিত ছিলেন।




বিশ্ব চিন্তা দিবসে কেক কেটে লর্ড ও লেডি ব্যাডেন পাওয়েল এর জন্মদিন পালন করা হয়

## শোক সংবাদ

সিলেট সদর জেলার জেলা কমিশনার সিদ্দিকা খাতুন এর স্বামী ইব্রাহীম আলী খান গত ১৯ এপ্রিল, ২০২২ তারিখ রোজ মঙ্গলবার সিলেট এম.এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)

# পূর্ব পাকিস্তানের এক কিশোরী গাইডের বিজয়গাঁথা

**হামিদা বানু মমতাজ**
প্রাক্তন গাইড সদস্য

১৯৬৯ সাল! কতকাল আগের কথা!! ভালোভাবে সবকিছু মনে নেই। দিন তারিখ অস্পষ্ট হয়ে গেছে। তবুও, স্মৃতির ঝাঁপি হাতড়ে গেঁথে যাব সেই মধুময় উজ্জ্বল নক্ষত্রের মতো দিনগুলোর কথা। ১৯৭০ সনে জানুয়ারিতে অস্ট্রেলিয়াতে একটি গার্ল গাইডের আন্তর্জাতিক ক্যাম্প অনুষ্ঠিত হয়েছিল। সেখানে ১০০টির বেশি দেশ অংশগ্রহণ করেছিল। সেই ক্যাম্প পশ্চিম পাকিস্তান থেকে একটি গাইড মেয়ে এবং পূর্ব পাকিস্তান থেকে আমি অংশগ্রহণ করে পাকিস্তানের প্রতিনিধিত্ব করেছিলাম।



ঢাকা এয়ারপোর্টে আমাদের বিদায় দিতে এসেছিলেন
জিনাত আপা (প্রাক্তন জেনারেল সেক্রেটারি মাঝে)

এটি ছিল সারাদেশে সাড়া জাগানো একটি ব্যতিক্রমধর্মী ঘটনা। কারণ, ঐ সময় পূর্ব পাকিস্তানের বাঙালীরা সব সময়ই অবাঙালীদের কাছে কোণঠাসা হয়ে থাকতো। সবাই যেন পশ্চিম পাকিস্তানীদের সমীহের চোখে দেখতো। দেশের যাবতীয় যত সুবিধা সব সুযোগ অবাঙালীরাই ভোগ করতো। আমরা হয়তো কখনো কিছু জানতেও পারতাম না। সেই সময়ে এই রকম একটি আন্তর্জাতিক ক্যাম্প, যার সম্পূর্ণ খরচ বহন করবে অস্ট্রেলিয়া সরকার। সফরটি ছিল এক মাসেরও বেশী সময়ের। যাওয়ার সময় তিন চারটি দেশ বেড়ানো। এই ধরণের একটি সুযোগ আমাদের বাঙালীদের পাওয়া সেই সময়ে কেউ কল্পনাতেও আনতে পারতো না।

'অপর্ণা চরণ উচ্চ বালিকা বিদ্যালয়' চট্টগ্রামের স্বনামধন্য একটি স্কুল। আমি তখন এই স্কুলের নবম শ্রেণীর ছাত্রী। সামনে ফাইনাল পরীক্ষা, একদিন গাইড ক্লাসে আমাদের শ্রদ্ধেয়া চারু দিদিমনি বললেন, আমাদের জাতীয় কমিশনার শ্রদ্ধেয়া তাহেরা কবির চট্টগ্রাম সফরে আসছেন, সেই উপলক্ষে ডা: খাস্তগীর স্কুলে একদিন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। স্বভাবতই, সেখানে চট্টগ্রামের সব স্কুল অংশগ্রহণ করবে। যেসব স্কুলে গাইডিং আছে, সবগুলোতে একটা উৎসাহের জোয়ার বয়ে গেল। মাননীয় জাতীয় কমিশনারকে সংবর্ধনা জানাবার প্রস্তুতি নিতে থাকলো। আমাদের স্কুল থেকে একটি নৃত্যের আয়োজন করা হয়েছিল, দিনিমনি নাচের দায়িত্ব দিলেন আমাকে। একটি দেশত্ববোধক গানের উপর প্যারেড নাচ (দূর্গম এ যাত্রা পথের কোন বাঁধা মানবো না) বললেন, তোমরা গাইড ড্রেস পরে নাচটি করবে। সে অনুযায়ী আমি আরো পাঁচজন মেয়েকে নিয়ে অনেক রিহার্সাল করে আমাদের নাচটি তৈরী করলাম।

নির্ধারিত দিনে সমস্ত স্কুলগুলো খাস্তগীর স্কুলে সমবেত হলো। জাতীয় কমিশনার তাহেরা কবির এলেন। আমরা সবাই দেখলাম। অনুষ্ঠান হলো। সব স্কুল তাদের পরিবেশনা গুলো করলো। জাতীয় কমিশনার খুশী হলেন এবং বক্তব্য রাখলেন তারপর চলে গেলেন। এর কিছুদিন পরেই আমরা জানতে পারলাম, সামনের বছর অস্ট্রেলিয়াতে একটি আন্তর্জাতিক গাইড ক্যাম্প হবে, সেখানে যোগদানের জন্য আমি চট্টগ্রাম থেকে নির্বাচিত হয়েছি। জানতে পারলাম খাস্তগীর স্কুলের অনুষ্ঠানেই কমিশনার সাহেবা স্বয়ং আমাকে পছন্দ করেছেন। আরো জানলাম, এই উদ্দেশ্য নিয়েই উনি চট্টগ্রাম সফরে এসেছিলেন। আমার আনন্দের আর অবধি রইলো না। এখন ঢাকায় যেতে হবে চূড়ান্ত ইন্টারভিউ দেওয়ার জন্য। সেখানে অন্যান্য জেলার মেয়েদেরও ইন্টারভিউ হবে। ঢাকায় যাওয়ার দিনক্ষণ ঠিক হলো। চট্টগ্রামের 'ফাতেমা জিন্নাহ' স্কুল থেকে আরেকটি অবাঙালী মেয়ে যাচ্ছে আমার সাথে ইন্টারভিউ দিতে। এটাও ছিলো সেসময়ে উর্দুওয়ালীদের আরেকটি জোর। আমাদের ঢাকা নিয়ে গেল নূরমহল নামে এক উর্দুওয়ালী রেঞ্জার। নির্দিষ্ট দিনে আব্বা আমাকে স্টেশনে নিয়ে গেলেন। ট্রেনের টিকিট ইত্যাদি কিছুই আমাকে করতে হয়নি। আব্বা নূরমহলের হাতে ৫০টাকার একটি নোট দিয়ে বললেন ওর যদি কিছু লাগে খরচ করো। আমার আসা যাওয়াতে আমার জন্য কিছুই খরচ করতে হয়নি। কিন্তু টাকাটা নূরমহল আর ফেরত দেয়নি। আমরা ইন্টারভিউ দিয়ে চলে এলাম চাঁটগা। কিছুদিন পরই ঢাকা গাইড হাউজ থেকে চিঠি খবর এল আমি অস্ট্রেলিয়া যাওয়ার জন্য নির্বাচিত হয়েছি। আনন্দে সবাই আত্মহারা। পরিবার, মহল্লাবাসী, আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব, আমার স্কুল সর্বপোরি সারা পূর্ব পাকিস্তান। তখন তো মিডিয়া ছিলো না। ছিলো না কোন দ্রুততম যোগাযোগ। একমাত্র চিঠি, রেডিও এবং টিএনটি। যা সবার বাসায় ছিলো না। ঐ সময়ে সব পত্র পত্রিকাতে আমার যাওয়া এবং আসার খবর ছবিসহ ছাপা হয়েছিল। আন্তর্জাতিক গাইড ক্যাম্পে যোগদানের উদ্দেশ্যে চট্টগ্রামের অপর্ণা চরণ উচ্চ বালিকা বিদ্যালয়ের ছাত্রীর অস্ট্রেলিয়াতে যাত্রা। গাইড হাউজ ঢাকা থেকে নির্দেশ আসলো আমাকে ঢাকায় যেয়ে একমাস ট্রেইনিং নিতে হবে। আমি ঢাকা চলে যাই। আমার বড় বোনের বাসায়। এক মাস প্রতিদিন মতিঝিল থেকে নয়টা বাজে আমি গাইড হাউজে যেতাম। শ্রদ্ধেয়া তাহেরা কবির মাঝে মধ্যে গাইড হাউজে যেতেন। আমার খোঁজ খবর করতেন। আমার সাথে যেদিন দেখা হতো সেদিন আমাকে উনার সাথে উঠিয়ে নিতেন।

পৌঁছে দিতেন আমাকে। গুলশানে উনার বাসায় উনি নেমে আমাকে ড্রাইভার দিয়ে মতিঝিলে নামিয়ে দিতেন। উনার অনেক স্নেহ পেয়ে আমি ধন্য হয়েছি। গাইড হাউজে আমাকে গাইড করতেন শ্রদ্ধেয় জিনাত আপা। কখনও যদি উনি না থাকতেন তখন প্রয়াত শ্রদ্ধেয়া আশা আপা আমাকে গাইড করতেন। তবে সেটা ছিল কম দিন। আশা আপা তখন রোগা, পাতলা, হালকা ছিলেন। আর জিনাত আপা বরাবরের মতন সেই গুরু গম্ভীর, রাশভারী এবং স্বাস্থ্যবান ছিলেন। জিনাত আপাই আমাদেরকে ঢাকা এয়ারপোর্টে যেয়ে তুলে দিয়েছিলেন। আবার উনিই আমাদের এয়ারপোর্ট যেয়ে রিসিভ করেছিলেন।

মতিঝিলে শ্রদ্ধেয়া জিনাত আপাই আমাকে ট্রেইনিং দিয়েছিলেন। আমি ভালো নাচ এবং গান জানি। পরবর্তী জীবনে আমি চট্টগ্রাম বেতারে নিয়মিত সঙ্গীত শিল্পী ছিলাম। আমাকে বলা হলো কিছু জমজমাট নাচ তৈরী করতে। সে অনুযায়ী আমি রবীন্দ্র, নজরুলের উপর কিছু নাচ এবং আমার একটা কত্থক নাচ ছিল প্রায় আধ ঘন্টার, সেই নাচটা। এই নাচগুলো আমার নাচের মাস্টার শ্রদ্ধেয় শিক্ষক রুনা বিশ্বাস তৈরী করে দিয়েছিলেন। নাচের পোষাক তৈরী করলাম। টেপ রেকর্ডারে সব নাচের গান এবং কত্থক নাচের তবলা সঙ্গীত তৈরী করলাম। দেখতে দেখতে যাওয়ার দিন ঘনিয়ে এল। আমরা ঢাকা থেকে রওনা হব। পশ্চিম পাকিস্তান থেকে মারিয়া মাসউদ একজন পাঞ্জাবী গাইড মেয়ে আসলো। ওর মা লাহোর গাইডের কমিশনার ছিল। মারিয়া কলেজে পড়তো। অর্থ্যাৎ সেছিল রেঞ্জার আর ক্যাম্পটি ছিল গাইড ক্যাম্প। আজ মনে হয়, সেদিন যদি আমাদের জাতীয় কমিশনার তাহেরা কবির পদক্ষেপ না নিতেন তাহলে হয়তো আমার জায়গায় কোন অবাঙালী গাইড অথবা রেঞ্জার যেতো।

১৯৬৯ সালের ৩০শে ডিসেম্বর আমরা রওনা হই। যাওয়ার সময় আমরা তিনটি দেশ সফর করেছিলাম। সেই আদ্দিকালে সিঙ্গাপুর দেশটাকে আমার মনে হয়েছিলো পথে আঁকা পেইন্টিং একটি ছবি। থাইল্যান্ড যাওয়ার পর ওখানকার গাইড মেয়েরা এসে আমাদেরকে হোটেল থেকে নিয়ে ওদের গাইড হাউজে নিয়ে গিয়েছিলো। মারিয়া আমার চেয়ে বয়সে অনেক বড় ছিল। তাই সব জায়গাতে ওই লীডারশীপ করেছিল। তাছাড়া আমি মাত্র নবম শ্রেণীর ফাইনাল পরীক্ষা দিয়েছি। কিই বা বুঝতাম। ভালো ইংরেজী ও জানতাম না। তা সত্ত্বেও ক্যাম্পের সব পারফরমেন্স এবং অস্ট্রেলিয়াতে যতদিন ছিলাম সব জায়গায় সব অনুষ্ঠানে আমার পারফরমেন্স ছিল অবধারিত। সেই তখন সেখানকার রোটারী ক্লাব আমাদের ইনভাইট করে। সেই অনুষ্ঠানে আমি আমার কত্থক নাচটা করি। সবাই প্রসংশায় পঞ্চমুখ। ক্লাব আমাদের গিফট করে ওদের সিম্বল একটি সুন্দর ছোট ক্লাবের গ্লাস। যা আমার কাছে এখনো আছে। এছাড়াও সব মহলেই আমি অজস্র প্রশংসা কুড়িয়েছি।



ক্যাম্প সাউদার্ণ ক্রস এরিডেনাস থ্রি আমার পেট্রোল আমি মাঝের সারিতে ডান দিক হতে তৃতীয়

দুই জানুয়ারি আমরা মেলবোর্ণ পৌছালাম। আমার হোস্ট বার্ণাডেট তার মা বাবাকে নিয়ে এয়ারপোর্ট এসে আমাকে রিসিভ করে ও বাসায় নিয়ে গেল। মারিয়া গেল অন্যত্র। হোস্টের আতিথেয়তার কথা আজো মনে করে মুগ্ধ হই। তদের বাড়ীতে তিন দিন ছিলাম। প্রথম চকম ছিল আমার, ওদের বাড়ী যাবার পর লাঞ্চ করলাম। তারপর একটা পাথরের লকেট গিফট করলো। আমার জন্মদিল ছিল প্রথম জানুয়ারি। সেদিন আমি পথে ছিলাম। সেটা মনে করেই ওদের এই বদান্যতা। বার্ণাডেট আমাকে ওর স্কুলে নিয়ে গেল। ঘুরে ঘুরে সব দেখালো। স্কুল বন্ধ ছিলো। তা সত্ত্বেও সব দেখিয়েছিল। মিউজিক রুমে নিয়ে গেল সেখানে বিশাল এক পিয়ানো। ও কিছুক্ষণ বাজালো। তারপর আমি বাজিয়ে একটা গজল করলাম। আমার কাছে ওর স্কুলকে তখন অট্টালিকার পর অট্টালিকা মনে হয়েছিল। যা আমাদের দেশে এখনও দেখিনা। তবে কিছুদিন আগে নাতীনের স্কুলে গিয়েছিলাম। বসুন্ধরায় আগাখান স্কুল। যা এখনও তৈরী হচ্ছে। সেখানেই আমার ৫২ বছর আগে দেখা বার্ণাটেডের স্কুলের

সাথে কিছুটা সাদৃশ্য পেলাম। আগাখান স্কুলটি এখন ওদের নিজস্ব ভবন। মেলবোর্ণ তখন ছিল অস্ট্রেলিয়ার ক্যাপিটেল। একদিন ওদের গাইড গাইজে গেলাম। আমাকে নিয়ে গেল। আমার চক্ষু চড়কগাছ। অফিসজুড়ে কত যে ব্যস্ততা। সবাই কাজ করছে। অনেকেই গাইড ড্রেস পরা। ঠক্ ঠক্ ঠক্ টাইপ রাইটারের আওয়াজ। ঝকঝক করছে সবকিছু। বিমূর্ত আমি। আমার চোখে ভাসছে তখন ঢাকা গাইড হাউজ সবুজ ঘাসের মাঠে হলুদ রঙের ছোট দোতলা হলুদ বিল্ডিংটি যা কিনা বর্তমানে গাইড হাউজের পাশে পুরোনো বিতর্কিত বিল্ডিংটি আরো চকিত হয়েছি। কিছুদিন আগে বর্তমান গাইড হাউজের এনসি এর রুমে গিয়েছিলাম এবং রুমের সাথে লাগোয়া মিটিং রুম দেখে ঝটকরে আমার তখন মনে পরে গেল সেই '৭০' সনে দেখা মেলবোর্ণের গাইড হাউজের কথা। অনেক দেরী হলেও অনেক মিল পেলাম। এই বিষয়টি আমি লাকীর (এনসির পি এস) সাথে শেয়ার করলাম। মনটা অনেক দেরীতে হলেও আনন্দে আপ্লুত হলো। বার্ণাডেটের সাথে তিনদিন খুবই হৃদ্যতা এবং আনন্দে ওর পরিবারের সাথে কাটলো। ঐ আমলে ওদের বাড়ীর উঠানে গাছের তলায় অজস্র আপেল পেকে পড়ে আছে। যার ইচ্ছে হচ্ছে গাছ থেকে নিয়ে যাচ্ছে। বার্ণাটেড কোন কারণবশত ক্যাম্পে এ্যাটেন্ড করতে পারে নাই। তার মা বাবা আমাকে ক্যাম্পে পৌঁছে দিয়ে আসলো। ক্যাম্প চলাকালীন বার্ণাডেট মা বাবাকে নিয়ে একদিন আবার আসলো আমাকে দেখতে। এ সব স্মৃতি কি ভোলা যায়।

'ক্যাম্প সাউদার্ন ক্রস' ক্যাম্পের নাম যতটুকু মনে পড়ে ক্যাম্পে হাজারের উপর মেয়ে ছিল। আমার পেট্রেলের নাম ছিল 'এরিডেনাস থ্রি'। ছবিতে দেখা যাচ্ছে। মেলবোর্ণের ভিক্টোরিয়াতে ব্রিটেনিয়া পার্কে ক্যাম্প স্থাপিত হয়েছিল। প্রতিদিন ক্যাম্প ফায়ারে একদিন আমার নৃত্য পরিবেশনা ছিল। ভারত থেকেও এক দল মেয়ে গিয়েছিল। কিন্তু ওদের কোন পরিবেশনা ছিলো না। সোমা নামের একটি বাঙালী ভারতীয় মেয়ে আমার পেট্রোলে পড়েছিল। প্রতিদিন লাঞ্চের সময় ওর সাথে আমার দেখা হতো। ফাইনাল ক্যাম্প ফায়ারের পর ক্যাম্প যখন শেষ হলো সেদিন রাতে আমি আর সোমা এক তাঁবুতে ঘুমাই। "এই কথাটি মনে রেখ" এই গানটি সেরাতে সোমা আমাকে শুনিয়েছিলো। মনে রেখেছি।

তো ফাইনাল ক্যাম্প ফায়ারের শুধু আমার নাচই সিলেক্ট হয়। সেদিন আমি আমার আধঘন্টা সময়ের কত্থক নৃত্যটা পরিবেশন করেছিলাম। নাচ শেষে হাজার হাজার গাইড মেয়েদের উৎফুল্ল চীৎকার আর মুহুর্মুহু করতালিতে ব্রিটেনিয়া পার্কের রাতের আকাশ মুখরিত হয়ে উঠেছিল। আমরা এক মাসের বেশী সময় সফর করেছি। অস্ট্রেলিয়ার বিভিন্ন প্রদেশে বেড়িয়েছি। আমারদের দুজনকে আলাদা রাখা হয়েছিল। ফিরে আসার সময় এয়ারপোর্টে আবার মিলিত হই। ফেব্রুয়ারী মাসের প্রথম সপ্তাহে আমরা ঢাকা ফিরে আসি। পূর্ব পাকিস্তানে আমার এই সফর এতটাই সাড়া জাগানো ছিল যে ঢাকা রেডিও আমার একটি ছোট্ট সাক্ষাৎ প্রচার করে। তারপর চট্টগ্রাম ফিরে যাই। আমার স্কুলে যাই। যাওয়ার পর প্রায় একমাস পর্যন্ত দেশের বিভিন্ন প্রান্ত থেকে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে বিভিন্ন মানুষ আমাকে অভিনন্দন জানিয়ে আমার  স্কুলে চিঠি দেয়েছিলো।

## রান্নার টিপস



বেঁচে থাকার জন্য আমাদের খাবার খেতে হয় আর খাবার-দাবারের উপাদানগুলো আমাদের গ্রহণের উপযোগী ও স্বাদ বৃদ্ধি করার জন্য যে প্রক্রিয়া আমরা অবলম্বন করি, সেটিই হচ্ছে রান্না। রান্না আসলে একটি শিল্প। সুন্দর ও রুচিশীল রান্নার কদর বিশ্বব্যাপী। আমাদের জীবনযাত্রার সঙ্গে তাল মিলিয়ে পাল্টাচ্ছে রান্নাবান্নার কৌশল ও ধরন।

একসময়ে শুধু মেয়েরাই রান্নাবান্নার সঙ্গে যুক্ত থাকলেও বর্তমান কর্মব্যস্ত জীবনের চাহিদায় আমাদের সবাইকেই কমবেশি রান্না করতে হয়। কর্মব্যস্ততায় সবসময় গুছিয়ে পরিকল্পনা করে রান্না করা সম্ভব হয় না। রান্নার কাজ দ্রুত সেরে যেতে হয় অন্য কোনো কাজে।

আর এক্ষেত্রে রান্না সম্পর্কিত টুকটাক টিপস জানা থাকলে রান্না যেমন ভালো হয়, তেমনি সময় বাচে। এ জন্য ঘাবড়ানোর কিছু নেই। রেসিপি দেখে রান্না করতে হলে আগেই রেসিপিটি ভালোভাবে কয়েকবার পড়ে নিন। মনে রাখবেন, সুন্দর পরিপূর্ণ রান্নার জন্য দরকার সৃজনশীলতা, উপস্থিত বুদ্ধি, সঠিক অনুমান ক্ষমতা আর অভিজ্ঞতা।

**টিপস:**

১) যথাসম্ভব পাতিলে ঢাকানা দিয়ে রান্না করুন। এতে খাবারের পুষ্টিমান ঠিক থাকে।
২) মাংস রান্নার শুরুতেই লবণ না দিয়ে রান্নার মাঝামাঝি সময়ে লবণ দিয়ে ভালোভাবে নাড়ুন। এর পর দেখে নিন পরিমাণ ঠিক হল কিনা।
৩) চাল ধোয়ার পর ১০ মিনিট রেখে দিয়ে তারপর রান্না করুন অথবা রান্নার সময় ১ চা চামচ তেল দিয়ে দিন। দেখবেন ভাত সুন্দর ঝরঝরে হয়েছে।
৪) মুরগির ফ্যাট এড়াতে চাইলে চামড়া ছাড়িয়ে মুরগি রান্না করুন। কারণ মুরগির চামড়াতেই প্রধান ফ্যাট থাকে।
৫) সবুজ সবজি রান্নার সময় সবুজ রং ঠিক রাখতে চাইলে এক চিমটি চিনি দিন।
৬) রান্না করার জন্য একদিন আগেই মাংস সিদ্ধ এবং ঠাণ্ডা করে ফ্রিজে সংরক্ষণ করে রাখতে পারেন।
৭) রান্নার সময় গরম পানি ব্যবহার করুন।
৮) ফ্রিজের মধ্যে আঁশটে গন্ধ দূর করতে ফ্রিজে এক টুকরো কাঠ কয়লা রেখে দিন।
৯) মাংস তাড়াতাড়ি সিদ্ধ করতে চাইলে খোসাসহ এক টুকরো কাঁচা পেঁপে তরকারিতে দিন।
১০) মাছ, মাংস বা ডিমের ঝোলে লবণ বেশি হয়ে গেলে তরকারিতে কয়েকটি সিদ্ধ আলু ভেঙে দিন। স্বাদ ঠিক হয়ে  যাবে।



# চিত্রে গাইডের কার্যক্রম




পরিবেশ মেলা ২০২২ রাজধানী অঞ্চলের অংশগ্রহণ



২১ ফেব্রুয়ারি ২০২২ শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন



বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের মাঝে সনদ প্রদান



প্রাথমিক বিদ্যালয়ে গাইডিং কার্যক্রম সম্প্রসারনের লক্ষ্যে হাটহাজারি জেলায় বৃক্ষরোপন কর্মসূচি পালন




কারিগরী ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারনের লক্ষ্যে গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীবৃন্দ, ময়মনসিংহ অঞ্চল

# চিত্রে গাইডের কার্যক্রম




নড়াইল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে ৫দিন ব্যাপী গাইড গাইডার মৌলিক প্রশিক্ষণ কোর্স অংশগ্রহণকারীবৃন্দ




ওয়ারেন্ট গাইডার প্রশিক্ষণে প্রশিক্ষণরত গাইডারবৃন্দ



শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কোভিড ১৯ থেকে শিক্ষার্থীদেরকে পর্যাপ্ত নিরাপত্তা দিতে আমাদেরকে বিদ্যালয় প্রাঙ্গণ এবং শ্রেণিকক্ষগুলোকে নিয়মিত পরিষ্কার এবং জীবাণুমুক্ত দুটোই করতে হবে। তাই শ্রেণি শিক্ষদের এ বিষয়ে যথেষ্ট সচেতন থাকা প্রয়োজন।

ডেঙ্গু থেকে বাঁচার উপায়, মশা কামড়ানোর পর ভাইরাসটি যদি শুধুমাত্র চামড়ার উপরে লেগে থাকে তাহলে ঐ স্থানটি বিশ সেকেন্ড ধরে সাবান দিয়ে ধুয়ে নিলে ভাইরাস মরে যাবে। ৩ দিনে ১ দিন জমা পানি ফেলে দিন।



## হলদে পাখির প্রতিজ্ঞা



আমি প্রতিজ্ঞা করিতেছি যে,

- আমি যথাসাধ্য স্রষ্টা ও দেশের প্রতি আমার কর্তব্য পালন করবো।
- প্রতিদিন অপরকে বিশেষ করে বাড়ির লোককে সাহায্য করবো।

**হলদে পাখির নিয়মাবলী ঃ**

১. হলদে পাখি বড়দেরকে সম্মান ও মান্য করে।
২. বড়দের কথায় একমত হয়ে হলদে পাখি কাজ করে।

## গাইড প্রতিজ্ঞা



আমি আমার আত্মসম্মানের উপর নির্ভর করিয়া প্রতিজ্ঞা করিতেছি যে,
ক) আমি যথাসাধ্য স্রষ্টা ও দেশের প্রতি কর্তব্য পালন করিব।
খ) সর্বদা পরের উপকার করিব।
গ) গাইডের নিয়মাবলী মানিয়া চলিব।

**গাইড নিয়মাবলী ঃ**

৩. গাইডের আত্ম মর্যাদা নির্ভরযোগ্য
৪. গাইড বিশ্বস্ত
৫. গাইডের কর্তব্য নিজে কার্যোপযোগী হওয়া এবং অপরকে সাহায্য করা
৬. গাইড সকলের বন্ধু এবং গাইড মাত্রই গাইডের ভগ্নী।
৭. গাইড মাত্রই বিনয়ী।
৮. গাইড জীবের বন্ধু।
৯. গাইড আদেশ পালন করে।
১০. গাইড হাসি মুখে প্রতিকূল অবস্থার মোকাবিলা করে।
১১. গাইড মিতব্যয়ী।
১২. গাইড কথায়, কাজে ও চিন্তায় সর্বদাই নির্মল।

## রেঞ্জার প্রতিজ্ঞা




আমি আমার আত্মসম্মানের উপর নির্ভর করিয়া প্রতিজ্ঞা করিতেছি যে,
ক) আমি যথাসাধ্য স্রষ্টা ও দেশের প্রতি কর্তব্য পালন করিব।
খ) সর্বদা পরের উপকার করিব।
গ) গাইডের নিয়মাবলী মানিয়া চলিব এবং
ঘ) রেঞ্জার হিসেবে আমার প্রধান দায়িত্ব সেবার মাধ্যমে
এই প্রতিজ্ঞাকে বহির্জগতে নিয়ে যাওয়া।

**গাইড নিয়মাবলী ঃ**

১. গাইডের আত্ম মর্যাদা নির্ভরযোগ্য
২. গাইড বিশ্বস্ত
৩. গাইডের কর্তব্য নিজে কার্যোপযোগী হওয়া এবং অপরকে সাহায্য করা
৪. গাইড সকলের বন্ধু এবং গাইড মাত্রই গাইডের ভগ্নী।
৫. গাইড মাত্রই বিনয়ী।
৬. গাইড জীবের বন্ধু।
৭. গাইড আদেশ পালন করে।
৮. গাইড হাসি মুখে প্রতিকূল অবস্থার মোকাবিলা করে।
৯. গাইড মিতব্যয়ী।
১০. গাইড কথায়, কাজে ও চিন্তায় সর্বদাই নির্মল।

## THE WORLD SONG

Our way is clear as we march on
And see our flag on high,
Is never furled throughout the world
For hope shall never die.
We must unite, for what is right,
In friendship true and strong,
Until the earth in its rebirth,
Shall sing our song.
Shall sing our song.


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডেঙ্গু বিষয়ক বিশেষ বার্তা
ডেঙ্গু একটি ভাইরাসজনিত রোগ যা এডিস মশার মাধ্যমে ছড়ায়। এই মশা সাধারণতঃ ভোরবেলা ও সন্ধ্যার পূর্বে কামড়ায়। সাধারণ চিকিৎসাতেই ডেঙ্গু জ্বর সেরে যায়, তবে ডেঙ্গু শক সিনড্রোম এবং হেমোরেজিক ডেঙ্গু জ্বর মারাত্মক হতে পারে। বর্ষার সময় সাধারণত এ রোগের প্রকোপ বাড়ে। এডিস মশার বংশ বৃদ্ধি রোধের মাধ্যমে ডেঙ্গু জ্বর প্রতিরোধ করা যায়।
এডিস মশা ডিম পাড়ার ও বংশবিস্তারের স্থান
ভাঙ্গা হাড়ি পাতিল, টিনের কোটা ও বোতল
পরিত্যক্ত বালতি/ গামলায় জমা পানি
টবে জমা পানি
পরিত্যক্ত টায়ারে জমা পানি
পরিত্যক্ত পাত্র/ড্রাম
ডেঙ্গু জ্বরের লক্ষণ
জ্বর
মাথা ব্যথা
শরীর ব্যথা
জয়েন্টে ব্যথা
বমি করা
ডায়রিয়া
ডেঙ্গু এডিস মশা বাহিত ভাইরাসজনিত একটি রোগ
এ রোগের প্রধান লক্ষণ-জ্বর। অন্যান্য লক্ষণের মধ্যে রয়েছে- মাথা ব্যথা, শরীরে লালচে দানা, শরীরে ব্যথা, হাঁড়ে ব্যথা, চোখে ব্যথা, বমি বমি ভাব, বমি হওয়া, পাতলা পায়খানা ইত্যাদি
জ্বর হলে স্বাভাবিক খাবারের পাশাপাশি বেশি বেশি তরল খাবার খাবেন। যেমন-স্যালাইন, ডাবের পানি, লেবুর শরবত, ফলের রস, স্যুপ ইত্যাদি
জ্বর হলে (অন্যান্য লক্ষণ না থাকলেও) অবশ্যই চিকিৎসকের পরামর্শ নিয়ে ডেঙ্গু পরীক্ষা করান। আগামী ১ মাস সকল সরকারি হাসপাতালে ১০০ টাকার পরিবর্তে ৫০ টাকায় ডেঙ্গু পরীক্ষা করানো যাবে।
ডেঙ্গু সনাক্ত হলে চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবস্থা নিন।
ডেঙ্গু রোগীর ক্ষেত্রে জ্বর সেরে যাওয়ার পরবর্তী সময় খুবই ভয়ংকর। এ সময় তীব্র পেট ব্যথা, বার বার বমি, পাতলা পায়খানা অথবা শরীরের যে কোন স্থান থেকে রক্তক্ষরণ, রোগীর শরীর, হাত-পা ঠান্ডা হলে, কিছুই খেতে না পারলে, শরীর অনেক দুর্বল, হাঁটা-চলা করতে কষ্ট হলে অতি দ্রুত হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা নিবেন
আপনার বাড়ির ফুলের টব, ফ্রিজে জমানো পানি, পরিত্যক্ত টায়ার, ডাব/নারিকেলের খোসা, প্লাস্টিকের বোতল ও আশে পাশে পড়ে থাকা পাত্রে জমে থাকা পানি ৩ দিনের মধ্যে ফেলে দিন।
আপনার বাড়ির আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখুন; ডেঙ্গু মুক্ত থাকুন।
স্বাস্থ্য অধিদপ্তর
সেবা নিন, সুস্থ থাকুন
ডেঙ্গু হলে নিকটস্থ স্বাস্থ্য কেন্দ্রে যোগাযোগ করুন
লাইফস্টাইল, হেলথ এডুকেশন এন্ড প্রমোশন
স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

ছবি নেট থেকে সংগৃহীত




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বপ্নপূরনের লক্ষ্যে সারা দেশে একযোগে ঐতিহাসিক পদ্মাসেতু উদ্বোধন উপলক্ষে ২৫ জুন-২০২২ তারিখ আনন্দর‍্যালীতে বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশন, হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার ও কমিশনারবৃন্দের অংশগ্রহন

**বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন**
জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
ওয়েবসাইট: girlguides.org.bd, ফোন: 41031435, 41031431
ই-মেইল: bgguidesho@gmail.com, ফেসবুক: facebook.com/bggaHQ